প্রথম আলো

Prothom Alo North America

15 June 2023, Thursday, 7th Year, Issue 326, 40 Pages





১৫ জুন ২০২৩, ১ আষাঢ় ১৪৩০, ২৬ জিলকদ ১৪৪৪, বৃহস্পতিবার, বর্ষ ৭, সংখ্যা ৩২৬, পৃষ্ঠা: ৪০


# জালালাবাদ অ্যাসোসিয়েশনে চলছে সংঘাত আর বিদ্বেষের আবাদ

**নিউইয়র্ক**

সংঘাত আর ভাঙ্গন যেন অনিবার্য হয়ে উঠেছে বৃহত্তর সিলেটের ভালোবাসার সংগঠন জালালাবাদ অ্যাসোসিয়েশনের।

**বিশেষ প্রতিনিধি**

লজ্জাজনক নানা ঘটনা ঘটছে জালালাবাদ অ্যাসোসিয়েশন নিয়ে। নিউইয়র্কের সবচেয়ে প্রভাবশালী এ সংগঠনটি ভাঙ্গার জন্য উঠে পড়ে লেগেছে একদল বিষাক্ত লোক। জালালাবাদ অ্যাসোসিয়েশনে সাংগঠনিক পরিস্থিতিত উত্তপ্ত হয়ে উঠেছে। ঐতিহ্যের অঞ্চলবাসীর অগ্রসরজনদের উপর চাপ সৃষ্টি হয়েছে দ্রুত হস্তক্ষেপ করার। তৃতীয় পক্ষ যাতে বিদ্বেষের আবাদ না করতে পারে, এ নিয়ে এখন সোচ্চার নিউইয়র্কে বসবাসরত জালালাবাদবাসী।

সংঘাত আর ভাঙ্গন যেন অনিবার্য হয়ে উঠেছে। একদফা সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে গত সপ্তাহান্তে। সর্বশেষ নির্বাচনে নির্বাচিত সাধারণ সম্পাদককে সাধারণ সভায় স্থায়ীভাবে বহিষ্কার করে দেয়া হয়েছে। পাল্টা আরেকটি সাধারণ সভার প্রস্তুতি চলছে আসছে সপ্তাহান্তে।

বৃহত্তর সিলেট অঞ্চলবাসীর ঐক্য ও ভালোবাসার সংগঠন জালালাবাদ অ্যাসোসিয়েশন শুধু ভাঙ্গছেই এমন নয়। সৌহার্দ আর সহমর্মিতার অঞ্চলে হিসেবে দাবীদার বৃহত্তর সিলেট অঞ্চলের ভাবমূর্তিকে তলানিতে পৌঁছানোর কাজ করছেন একদল আত্মঘাতী লোক। এদের হাত থেকে জালালাবাদ অ্যাসোসিয়েশন নামে সংগঠনকে রক্ষা করার তাগিদ এখন সর্বত্র। সংঘাত আর বিদ্বেষের আবাদ বন্ধ করে আউলিয়াকূল শিরোনমি হযরত শাহজালালের নামের প্রতি শ্রদ্ধা দেখানোর আকুতি উচ্চারিত হচ্ছে। বিবাদমান পক্ষগুলোর বাইরে যাদের অবস্থান, তাদের নিয়ে ঐতিহ্যের

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১



বৃহত্তর সিলেট অঞ্চলের ভাবমূর্তিকে তলানিতে পৌঁছানোর কাজ করছেন একদল আত্মঘাতী লোক

## বাংলাদেশ নিয়ে যুক্তরাষ্ট্রের তৎপরতা তীব্র হচ্ছে

**বিশেষ প্রতিনিধি**

বাংলাদেশ পরিস্থিতি নিয়ে বসে নেই যুক্তরাষ্ট্রের বিভিন্ন মহল। গত ৫০ বছরের ইতিহাসে বাংলাদেশের কোন নির্বাচন নিয়ে যুক্তরাষ্ট্রকে এমন উৎসাহী দেখা যায়নি। র‌্যাবের উপর নিষেধাজ্ঞার পর ভিসা নীতির কড়াকড়ি অবস্থানের পরও কংগ্রেসম্যানদের সক্রিয় তৎপরতা লক্ষণীয় হয়ে উঠেছে। গত মাসে পাঁচ জন কংগ্রেসম্যান প্রেসিডেন্ট জো বাইডেনকে বাংলাদেশ পরিস্থিতিত নিয়ে চিঠি প্রদান করেছেন। ৮ জুন আরেক দফা ৬ জন প্রভাবশালী আইন প্রণেতা পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেনকে বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতিতি নিয়ে চিঠি প্রদান করেছেন। ঢাকাস্থ মার্কিন দূত পিটার হাস ওয়াশিংটনে ফেরার আগে ঢাকায় দফায় দফায় বৈঠক করেছেন।

ওয়াশিংটনে বর্তমান সরকারের ব্যয়বহুল লবিস্ট ফার্ম নিয়োগের পরও কাজের কোন কাজ হচ্ছে না বলে মনে করা হচ্ছে। সরকারের ভাবমূর্তী রক্ষায় লবিস্ট ফার্মের দুর্বল প্রয়াসের বিপরীতে সরকার বিরোধী লবিং শক্ত হয়ে উঠার আলামত স্পষ্ট হয়ে উঠেছে। বাংলাদেশের নির্বাচন যতই ঘনিয়ে আসছে মার্কিন অবস্থান ততই শক্তিশালী হয়ে উঠার বিষয়টি সরকার ও সরকার সমর্থকদের

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

## অন্তিম সেলাম! কমরেড সিরাজুল আলম খান!

**ইব্রাহীম চৌধুরী**

সদ্য স্বাধীন দেশ। রক্তের বন্যা পেরিয়ে দেশে স্বাধীনতার পতাকা উঠেছে। লাল সবুজের পতাকাকে অভিবাদন জানিয়ে মানুষ আবার আশায় বুক বাঁধছে। আকাঙ্ক্ষা আর প্রত্যাশার শিখড়ে দাঁড়িয়ে দেশের মানুষ যুদ্ধে ঝাঁপিয়ে পড়েছিল। আজ আমরা যে যুদ্ধের ইতিহাস জানি, প্রকৃত যুদ্ধটা এমন ছিলো না। গ্রাম বাংলার নিরন্ন মানুষের যুদ্ধ আর বীরত্ব নিয়ে রচিত হয়নি ইতিহাস। ইতিহাস রচিত হয়েছে কখনো ব্যক্তিকে কেন্দ্র করে, কখনো নিজেদের বর্ণনায় উঠে এসেছে সময়ের খণ্ড চিত্র। স্কুলের ছাত্র ছিলাম। সময় থেকে এগিয়ে থাকা প্রজন্ম আমরা। আমাদের সন্তানরা অনুমানই করতে পারবে না, কোন বয়সে মানুষ দেশের জন্য যুদ্ধ করেছে। কৈশোরের নিষ্পাপ বড় হয়ে উঠার সময়ে, আমরা যুদ্ধের স্লোগান দিয়েছি। গ্রেনেড, রাইফেল আমাদের কাছে পরিচিত হয়ে উঠেছে সে বয়সেই। ডানপিটে সময়েই আমাদের প্রজন্ম - যার যা আছে, তা নিয়ে যুদ্ধে ঝাঁপিয়ে পড়ার জন্য উদ্বুদ্ধ হয়েছে। দখলদারদের হাত থেকে দেশ মাতৃকার মুক্তির মিছিলে নিজেদের দুরন্ত সময়কে সমর্পিত করা প্রজন্ম।

স্বাধীন দেশের পতাকা উড়ছে। বিধ্বস্ত স্বদেশ। নিরন্ন জনতা। চারদিকে হাহাকার আর বিশৃঙ্খলা। এসব সামাল দিয়ে দেশ গড়ার কাজে ব্যর্থই হয়েছিলেন তখনকার নেতৃত্ব। স্বাধীনতার পরপরই সেই কৈশোরে আমাদের কাছে বার্তা আসে, দেশে মুজিববাদ প্রতিষ্ঠা করতে হবে। সারা

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪



সিরাজুল আলম খান

# নির্বাচনে তৃতীয় প্রার্থী কর্নেল ওয়েস্ট?

**যুক্তরাষ্ট্রের নির্বাচন**

**বিশেষ প্রতিনিধি**

আমেরিকার অধিকাংশ জনগণ ২০২৪ সালের নির্বাচন নিয়ে হতাশ। প্রেসিডেন্ট জো বাইডেন এবং সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরেক দফা লড়াই হতে যাচ্ছে। এ দু'জন প্রার্থী নিয়ে ইতিমধ্যেই মার্কিন জনগণ তাদের উৎসাহ হারিয়েছে। তৃতীয় প্রার্থী হিসেবে এর মধ্যেই আলোচনায় উঠে এসেছেন উদারনৈতিক বুদ্ধিজীবী কর্নেল ওয়েস্ট। কর্নেল ওয়েস্ট নির্বাচিত না হলেও নির্বাচনে ডেমোক্র্যাটদের দুশ্চিন্তার কারণ হয়ে দাঁড়াবেন বলে মনে করা হচ্ছে। যুক্তরাষ্ট্রের ২০২৪ সালের জাতীয় নির্বাচনে ডেমোক্র্যাট ও রিপাবলিকান দলের বাইরে কোন শক্তিশালী তৃতীয় প্রার্থীর উত্তান ক্রমশ স্পষ্ট হয়ে উঠছে। তৃতীয়

বা স্বতন্ত্র প্রার্থী হিসেবে যুক্তরাষ্ট্রের ইতিহাসে কোন প্রার্থীই সাফল্য

দেখাতে পারেননি। যদিও নিকট ইতিহাসে এমন প্রার্থী অন্য প্রার্থীর ক্ষতির

কারণ হয়েছেন। নানা কারণে ২০২৪ সালের নির্বাচন আমেরিকায় ব্যতিক্রমের হয়ে উঠেছ এরমধ্যেই। আবারও ডেমোক্র্যাট জো বাইডেনের সাথে

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪



কর্নেল ওয়েস্ট

## নিউইয়র্কে ফুড ডেলিভারি কর্মী ন্যূনতম মজুরি নিশ্চিত হচ্ছে

**রাজুব ভৌমিক**

নিউইয়র্ক সটিতে খাদ্য সরবরাহকারী (ফুড ডেলিভারি) কর্মীদের অবদান অপরিসীম। বিশেষ করে করোনার প্রকোপ যখন তুঙ্গে তখন এসব কর্মীদের কঠোর পরিশ্রমে ছোট রেস্তোরাঁ এবং ছোট ব্যবসায়ীরা চরম আর্থিক সংকট থেকে বেঁচে যায়। আবার যেসব ভোক্তারা করোনার প্রকোপে বাহিরে যেতে পারে নি তাদের জন্য খাদ্য সরবরাহ করে বিশেষ অবদান রাখে। কিন্তু দূর্ভাগ্য হলেও সত্য এই যে নিউইর্য়কের খাদ্য সরবরাহকারী কর্মীদের কোন ন্যূনতম মজুরি ছিল না। ভোক্তাদের দেয়া টিপস এবং মালিকের সামন্য মজুরীই ছিল তাদের ভরসা। সিটি মেয়র এরিক অ্যাডামসের প্রচেষ্টায় নিউইর্য়কে খাদ্য সরবরাহকারী কর্মীরা প্রথমবারের মতো ন্যূনতম মজুরি পেতে চলছে। ১১ জুন রোববার এই সংবাদটি

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৩



**ফলের রস** নিউইয়র্কে এখন গ্রীষ্মের আবহাওয়া। পর্যটকদের যাতায়াত বেড়ে গেছে। সিটির অন্যতম আকর্ষণ সেন্ট্রাল পার্ক সংলগ্ন এলাকায় ফলের রস বিক্রি করছেন এক অভিবাসী নারী। ছবি: সৈয়দ মাসুদুল কবির


ALL COUNTY হোম কেয়ার
NYS LICENSED HOME CARE AGENCY
•CDPAP • PCA • HHA
• ঘন্টা প্রতি সর্বোচ্চ আয়ের নিশ্চয়তা
• সার্টিফিকেট এবং প্রশিক্ষনের প্রয়োজন নেই
• নতুন গ্রাহক এবং এজেন্সি ট্রান্সফার গ্রহন করছি
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
150-47 Hillside Ave (2FL)
Jamaica, NY 11432
718 658 3867
Muhammad A Kader Bhuiyan (Shishir)
President & CEO


CHISHTI CPA PC
চিশতী একাউন্টিং অ্যান্ড ট্যাক্স সার্ভিসেস
Trusted Accounting and Tax Services.
Over 13 years of Accounting and Taxation Experience.
আমাদের অফিস জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে
ইনকাম ট্যাক্সে আমাদের সেবাসমূহ
- ব্যক্তিগত ট্যাক্স রিটার্ন
- কর্পোরেট ট্যাক্স রিটার্ন
- স্মল বিজনেস ট্যাক্স রিটার্ন
- সেল্ফ-এম্পলয়েড ট্যাক্স রিটার্ন (উবার, লিফট, ক্যাব ড্রাইভারস)
- একাউন্টিং বুককিপিং, ইমিগ্রেশন ফরম পূরণ, বিজনেস গঠন

ইনকাম ট্যাক্স
- Individual Tax Return
- Corporate Tax Return
- Small Businesses Tax Return
- Self-employed (Uber/Lyft/Cab drivers)

একাউন্টিং ও বুককিপিং
- Payroll
- W2s, 1099s
- Financial Statements
- Sales Tax Quarterly and year end filings

Call/email/make appointment at www.chishtiaccounting.com T:917-832-7785 C: 347-515-3858 E: chishti@chishtiaccounting.com 73-19 Broadway, Jackson Heights NY11372

Mohammed K. Chishti, CPA, MBA

Queens Social Adult Day Care Center Inc

# কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক



কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

## ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস (পিকআপ এন্ড ড্রপস)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

### শিক্ষা কার্যক্রম

- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

### শারিরীক স্বাস্থ্য কার্যক্রম

- ইয়োগা, তাইচি, ব্যায়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

### মানসিক স্বাস্থ্য পরামর্শ

- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

### বিনোদনমূলক কার্যক্রম

- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমুদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

### আধ্যাত্মিক কার্যক্রম

- শান্ত সময়
- ধ্যান

### অবসর কার্যক্রম

- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak
Spanish, Urdu, Hindi & Arabic






আমরা ৭ দিনই খোলা

*For details information please contact*

**ENGINEER MAHFUZUL HAQUE**

*MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain*

**148-41 Hillside Ave, Jamaica, NY 11435**

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com



# আমাদের বাহিণীর একটি অংশ হোন

## জননিরাপত্তা এবং সম্প্রদায়ের ন্যায়বিচারের উন্নয়ন



এনওয়াসির পরিবেশনে যোগ দিন

উন্নতি নিয়ে আসুন
মানুষের জীবনে

অনলাইনে অ্যাপলাই করুন
6/7– 6/27

Dop হচ্ছে সমান সুযোগ নাগরিকত্ব। ভাষা অনুবাদ পরিষেবাগুলোর জন্য , এই নম্বরে কল করুন: 212- 510- 3862

nyc.gov/JoinDOP

NYC

# জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার

## আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি



**মোহাম্মদ এ. ওয়াহিদ,** এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

### আমাদের সেবাসমূহ

- যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
- প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
- রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
- জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
- হেলথ ইনসুযরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
- ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
- স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
- স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।
- আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।

আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।

### আপনি জানেন কি?

- বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
- আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
- নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।



**রুবিনা আক্তার,** এমডি
বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

**WAHID MEDICAL PLLC**

147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

# Gehi & Associates

## ATTORNEYS AT LAW

www.gehilaw.com



**Grand Opening**
আমরা এখন Jackson Height

ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372 — TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 — TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 — TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং

- Do you want apply for a green card?
- Are you having credit card problems?
- Has your bank account been sealed?
- Are you being deported?
- Are you unable to pay your debts?
- Are you getting harrassed by creditors?

আমরা বাংলায় কথা বলি

WE ARE OPEN 7 DAYS a week

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME



সুরাইয়া রহমান

**CALL: 718-263-5999**

*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ


LOVE TO CARE HOME CARE INC
[কর্ণফুলী ট্যাক্স সার্ভিসের আরেকটি বিশ্বস্ত প্রতিষ্ঠান]
সততা এবং বিশ্বস্ততাই আমাদের বৈশিষ্ট্য
WE CARE YOUR FAMILY LIKE OURS
NYS Department of Health CDPAP
মেডিকেইড অনুমোদিত
CDPAP -এর আওতায় আপনার পছন্দসই প্রিয়জনকে
সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
প্রদানের মাধ্যমে
অর্থ উপার্জন করুন
Main Office
167-18 Hillside Avenue, 2nd Fl
Jamaica, NY, 11432
Jackson Heights Branch
37-20 74th Street, 2nd Fl
Jackson Heights, NY, 11372
Buffalo Branch
1114 Walden Avenue
Buffalo, NY, 14211
Mohammed Hasem, MBA
President and CEO
347-621-6640
Fax: 347-338-6799
hasem@lovetocarehhc.com
info@lovetocarehhc.com
www.lovetocarehc.com

# ২৫ জুন নিউইয়র্কে ও ১ জুলাই ভার্জিনিয়ায় ঢালিউড অ্যাওয়ার্ড অনুষ্ঠিত হবে

**উত্তর আমেরিকা অফিস**

আগামী ২৫ জুন নিউইয়র্ক ও ১ জুলাই ভার্জিনিয়ায় ঢালিউড অ্যাওয়ার্ড অনুষ্ঠিত হবে। ১১ জুন বোববার জ্যাকসন হাইটসের নবান্ন রেষ্টুরেন্টে আয়োজিত এক সংবাদ সম্মেলনে শোটাইম মিউজিকের কর্ণধার আলমগীর খান আলম এ ঘোষণা দেন।

এ সময় ভার্জিনিয়া ও ওয়াশিংটনস্থ এই ঢালিউড এওয়ার্ডের হোস্ট সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

ভার্জিনিয়ায় ঢালিউডের আয়োজক সংগঠন হচ্ছে বাংলাদেশি আমেরিকান ফাউন্ডেশন, বাইটপো, লাভ শেয়ার বিডি ও ৭১ ফাউন্ডেশন।



সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন কবির পাটোয়ারি, পারভিন পাটোয়ারি,নঅমিত হাসান, সারোয়ার মিয়, সৈয়দ বাবু, হাসান চৌধুরী, শামসুদ্দিন মাহবুব, মামুন মোতালেব ও মনির হোসেন।

# এটর্নী গেহির এওয়ার্ড লাভ

**উত্তর আমেরিকা অফিস**

নিউইয়র্কে নিউ আমেরিকান ভোটার্স অ্যাসোসিয়েশনের নতুন কমিটি, নির্বাহী বোর্ড ও পরিচালনা পর্ষদের অভিষেক হয়েছে। এ উপলক্ষে ৮ জুন বৃহস্পতিবার কুইন্সের ওয়ার্ল্ডস ফেয়ার মেরিনা হলে ১৬তম অ্যানুয়াল ডিনার ড্যান্স ও অ্যাওয়ার্ডস ‘স্যালুট টু পাবলিক সার্ভিস’ শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে নিউইয়র্কের স্বনামধন্য এটর্নী নরেশ গেহি সিনেটর মেয়র ও কংগ্রেস উইমেন অফিস থেকে কমিউনিটির আইনি সেবায় এওয়ার্ড লাভ করেন।

২০২৩-২০২৪ সালের জন্য নিউ ভোটার্স এসোসিয়েশনের জন্য কর্মকর্তা ও নির্বাহী বোর্ড নির্বাচন করা হয়। নির্বাচিতরা হলেন প্রেসিডেন্ট ড. দিলীপ নাথ, ভাইস প্রেসিডেন্ট নবরাজা কেসি, ডাও ইয়িন ও ড. বর্ণালী হাসান, এক্সিকিউটিভ ডিরেক্টর জুলিয়ান ইয়ানেজ, ট্রেজারার অমর দয়াল, রেকর্ডিং সেক্রেটারি, ডিরেক্টর (পলিটিক্যাল অ্যাকশন) চাক মোহান, ডিরেক্টর (কমিউনিটি অর্গানাইজিং) জিনি প্রসাদ, ডিরেক্টর (ডিজিটাল মার্কেটিং) শেখ গালিব রহমান, ডিরেক্টর (মিডিয়া অ্যান্ড প্রেস) কেভিন রোমেরো এবং ডিরেক্টর (মেম্বারশিপ) ল্যান্স্র ল্যান্স।

পরিচালনা পর্ষদের নির্বাচিতরা হলেন



**এটর্নী নরেশ গেহি**

চেয়ারম্যান হরি শুকলা, পরিচালক শোরাফ সরকার, রোকেয়া গ্র্যান্ট, দিপা নাথ, সাইফুল্লাহ ভূঁইয়া, হ্যালিং চেন, মাধবী ঘোষ, শ্যাম কার্কি, শীলা আশা, নিবেদীতা চন্দ্রাপ্পা, নিল ত্রিবেদী এবং ক্রিস্টোফার। উপদেষ্টা পরিষদের নির্বাচিতরা হলেন প্রধান উপদেষ্টা এলিজাবেথ ক্রাউলি, উপদেষ্টা লোইস মারবাচ, রোন্ডা বিন্দা, ড. মাসুদুল হাসান, ড. ধনঞ্জয় সি সাহা, মোস্তফা ইলশিখ, রাঘবীর সিং, জোহানা কারমোনা, প্রোতাপ দাস, পীযূষ প্যাটেল, হর্ষ পারেখ, ট্যামি ওশেরভ, রিচার্ড ড্যাভিড, মোহাম্মদ আলী, পোত্রিয়ানকামানিস কুয়ানো নুর, আব্দুররহমান ডায়ালো, ফাহাদ সোলায়মান, জার্নাল সিং এবং ইভ চো গুলারগান।

অনুষ্ঠানে মেইন ষ্ট্রিম নেতা গ্রেস মেং, মেলিন্ডা ক্যাটস, শেখর কৃশন, এলিজাবেথ ক্রাউলিসহ বিভিন্ন জনেরা উপস্থিত ছিলেন।

# ম্যারিল্যান্ডে বাংলাদেশ উৎসব ২৯ জুলাই

**উত্তর আমেরিকা অফিস**

যুক্তরাষ্ট্রে বাংলাদেশী আমেরিকান ফাউন্ডেশন অন্যান্যবারের মতো এবারও বাংলাদেশ উৎসবের আয়োজন করতে যাচ্ছে। আগামী ২৯ জুলাই ম্যারিল্যান্ড অঙ্গরাজ্যের জার্মানটাউনের সেনেকাভ্যালী হাই স্কুলে এই উৎসব অনুষ্ঠিত হবে। এতে প্রায় ১০ হাজার লোক অংশ নেবেন।

১১ জুন রবিবার দুপুর দুইটায় জ্যাকসন হাইটসের নবান্ন রেষ্টুরেন্টে এক সাংবাদিক সম্মেলনে আয়োজকদের পক্ষ থেকে এসব তথ্য জানানো হয়। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের প্রেসিডেন্ট হাসান চৌধুরী, জেনারেল সেক্রেটারি মোহাম্মদ সারোয়ার মিয়া, এসিস্ট্যান্ট জেনারেল সেক্রেটারি মামুন মোতালিব, অর্গানাইজিং সেক্রেটারি তানভীর হাসান। এছাড়া আরও উপস্থিত ছিলেন সংগঠনের উপদেষ্টা সাঈদ বাবু, সামসুদ্দিন মাহমুদ ও হুমায়ুন কবির।

এ বছর জুলাই মাসের ২৯ তারিখে আয়োজন হতে যাচ্ছে “বাংলাদেশ উৎসব-২০২৩”। অনুষ্ঠানে বিশেষ আকর্ষণ হিসাবে থাকবে বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান।

!! জব জবহেল্প জব !!
JOB HELP & APPLICATION PROCESSING SERVICES
সরকারি জব
১. পোস্টাল জব
২. সিটি জব
৩.সিভিল সার্ভিস জব
৪.ইউ, এস, এ জব
৫.এম, টি , এ জব
৬. আই .টি ইঞ্জিনিয়ার
বেসরকারি জব
১.কাস্টমার সার্ভিস
২.অফিস অ্যাডমিন
৩.ম্যানুফ্যাকচারিং জব
৪. ডেলিভারি জব
৫. রেস্টুরেন্ট জব
৬. ট্রান্সপোর্টেশন জব
এপ্লিকেশন প্রসেসিং
১.নিউ পাসপোর্ট/নবায়ন
২. ডুয়েল সিটিজেনশিপ
৩.পাসপোর্ট কারেকশন
৪. ফুড স্ট্যাম্প
৫.NYC হাউজিং /এফোর্ডএবল
৬. জেইক রেজুমি /কভার লেটার
ট্রেনিং প্রোগ্রাম :
১: পোস্টাল জব (USPS)---------(শনিবার–বৃহস্পতিবার)-----------(সঃ১০টা --বিঃ ৬টা)
২: ট্রাফিক এন.এজেন্ট -----------------------রবিবার -----------(বিঃ ২টা --বিঃ ৪টা )
৩: স্কুল সেফটি এজেন্ট -----------------------মঙ্গলবার -----------(দু ১২টা --বিঃ ২টা)
৪: বেসিক কম্পিউটার ---------------------শনিবার-----------(বিঃ৩ টা ---বিঃ ৫টা
৬: ট্রান্স এন্ড ট্রাভেলস --(ম্যাসাচুসেটস/W .DC /PA/নিউ ইয়র্ক এর ২০ টি স্থানে ১ দিনের ভ্রমণ)
POSTAL JOB : (করণীয়):



Job Help –Mob: 917-500-3937 Off: PH/FAX: 917-300-6160
148-45, Hillside Ave(2nd FL), Suite 203(A), Jamaica, NY 11435 By 'F' Train or BusQQ40,Q43,Q44,Q20A,Q20B to Sutphin Blvd.

GLORIOUS
HOME CARE LLC
Your Helping Hand



PCA
HHA
CDPAP
MD Riaz Morshed (CEO)
ঘন্টা প্রতি সর্বোচ্চ আয়ের নিশ্চয়তা
সার্টিফিকেট এবং প্রশিক্ষণের প্রয়োজন নেই
নতুন গ্রাহক এবং এজেন্সি ট্রান্সফার গ্রহন করছি
Weekly Payment
Direct Deposit
401K, INSURANCE
347-476-7522
37-22 73rd St. Suite # 1 D, Jackson Heights, NY 11372

EASY WAY TRAVELS &
MULTI SERVICES CORP.
Focus on Global Connectivity



সবচেয়ে কম রেটে এয়ার টিকিট ।
যাবতীয় ইমিগ্রেশন সেবা সহায়তা।
স্বল্প খরচে ওমরাহ্ ভিসা ও প্যাকেজ
ইউএস ও বাংলাদেশি পাসপোর্ট নবায়ন সহায়তা।
USA, Canada, UK, Schengen সহ সকল প্রকার ভ্রমন ভিসা সহায়তা করে থাকি।
Emirates ETIHAD Biman QATAR SAUDIA KUWAIT TURKISH AIRLINES
MD Riaz Morshed (CEO)
347-507-1209
37-22 73rd St. Suite # 1 D, Jackson Heights, NY 11372

বৃহস্পতিবার, ১৫ জুন ২০২৩

প্রথম আলো
Prothom Alo North America

সম্পাদকীয়

## বাংলাদেশের রাজনীতি কঠিন সমীকরনে

নির্বাচনের দিকে সময় যতই গড়াচ্ছে রাজনীতির মাঠ ততই কঠিন হয়ে দাঁড়াচ্ছে রাজনৈতিক দলগুলোর জন্য। বিশেষ করে ক্ষমতাসীন দল আওয়ামী লীগ ও রাজপথের প্রধান বিরোধী দলের বিপরীতমুখী অবস্থানের কারণে রাজনৈতিক অঙ্গনে চলছে অস্থিরতা। বিদ্যমান সংবিধানের আলোকে বর্তমান সরকারের অধীনে নির্বাচন চায় আওয়ামী লীগ। আর নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকার ছাড়া কোন নির্বাচনে অংশগ্রহণ করবে না বলে জানিয়ে দিয়েছে বিএনপি। ক্ষমতাসীন আওয়ামী লীগ সরকারের পদত্যাগ, নির্দলীয় নিরপেক্ষ সরকারের দাবি আদায়ে রাজপথে আন্দোলন করছে বিএনপিসহ বিরোধী রাজনৈতিক দলগুলো। মার্কিন যুক্তরাষ্ট্র, ইউরোপীয় ইউনিয়ন, ভারতসহ প্রভাবশালী দেশগুলোর প্রতিনিধিরাও দৌড়ঝাপ করছেন প্রতিদিন। এরই মধ্যে মার্কিন যুক্তরাষ্ট্র ঘোষিত ভিসা নীতি কঠিন সমীকরণে দাঁড় করে দিয়েছে দেশের রাজনীতিকে।

তবে রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, আওয়ামী লীগ-বিএনপি যাই বলুক, পর্দার অন্তরালে নানা তৎপরতা চলছে। চলছে নানা আলোচনা। বিশেষ করে মার্কিন যুক্তরাষ্ট্র ও ভারত বাংলাদেশের নির্বাচন ইস্যুতে বেশ তৎপর রয়েছে। যুক্তরাষ্ট্র শুধু ভিসা নীতি ঘোষণা করেই থেমে যায়নি, বাংলাদেশে নিযুক্ত সে দেশের রাষ্ট্রদূত পিটার হাস প্রায় প্রতিদিনই কারো না কারো সঙ্গে বৈঠক করছেন। সর্বশেষ গতকালও প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদকবিষয়ক উপদেষ্টা তৌফিক-ই-ইলাহী চৌধুরীর সঙ্গে বৈঠক করেন। আগের দিন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর এবং প্রধানমন্ত্রীর বেসরকারি শিল্প ও বিনিয়োগ বিষয়ক উপদেষ্টা সালমান এফ রহমান, আইনমন্ত্রী আনিসুল হকের সঙ্গে বৈঠক করেন। তারও আগে স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, জাতীয় পার্টির চেয়ারম্যান জিএম কাদেরের সঙ্গে বৈঠক করেন। আবার গতকাল বিএনপি মহাসচিবের সঙ্গে বৈঠক করেন ইউরোপীয় ইউনিয়নের (ইইউ) রাষ্ট্রদূত চার্লস হোয়াইটলির সঙ্গে বৈঠক করেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য আমীর খসরু মাহমুদ চৌধুরী ও সাংগঠনিক সম্পাদক শ্যামা ওবায়েদ। অন্যদিকে ভিসা নীতি ঘোষণার সময় মার্কিন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন বাংলাদেশে অবাধ, সুষ্ঠু নির্বাচনের বিষয়ে প্রত্যাশা ব্যক্ত করেছেন। সেই একই অবস্থানের কথা প্রায়ই পুনর্ব্যক্ত করছে দেশটির জাতীয় নিরাপত্তা কাউন্সিল (এনএসসি), স্টেট ডিপার্টমেন্ট।

থেমে নেই ভারতও। বিগত দুটি নির্বাচনে আওয়ামী লীগের পাশে ভারত দাঁড়ালেও এবার সেভাবে না দাঁড়ানোর আভাস দিয়েছেন দেশটির বিশ্লেষকরা। সম্প্রতি বিবিসিকে দেয়া এক সাক্ষাতকারে ভারতের জিন্দাল স্কুল অব ইন্টারন্যাশনাল অ্যাফেয়ার্সের প্রফেসর এবং দক্ষিণ এশিয়া বিশ্লেষক প্রফেসর শ্রীরাধা দত্ত স্পষ্ট করে বলেন, 'ভারত সরকার আওয়ামী লীগের হয়ে যুক্তরাষ্ট্রের কাছে দেন-দরবার করবে না'।

দেশটির আরেক বুদ্ধিজীবী সুবীর ভৌমিক তার সাম্প্রতিক দুটি আর্টিকেলে জানিয়েছেন, সম্প্রতি বাংলাদেশে এসেছিলেন দেশটির গোয়েন্দা সংস্থা 'র' এর প্রধান সামন্ত গোয়েল। বাংলাদেশ ইস্যুতে দৌড়াদৌড়ি করছেন প্রনয় ভার্মা। এছাড়া কোন ধরণের আগাম ঘোষণা ও কর্মসূচি ছাড়াই হঠাৎ করেই বাংলাদেশ সফর করেন ভারতের সেনা প্রধান। বাংলাদেশ সফর করে গেছেন ভারতের পররাষ্ট্র মন্ত্রী এস জয়শঙ্কর।

সুবীর ভৌমিক তার লেখায় জানান, নয়াদিল্লি আওয়ামী লীগকে ক্ষমতায় দেখতে চায়। তবে সেটি অবাধ ও সুষ্ঠু নির্বাচনের মাধ্যমে। আগামী নির্বাচন, নির্বাচন পদ্ধতি, আওয়ামী লীগ ও বিএনপির অনড় অবস্থান, দাবি আদায়ে বিএনপির আন্দোলন, দেশের অর্থনৈতিক সঙ্কট নিয়ে চলছে নানা আলোচনা-বিশ্লেষণ। এদিকে র‍্যাবের ওপর নিষেধাজ্ঞার পর মার্কিন ভিসা নীতির কারণে সর্বমহলেই সৃষ্টি হয়েছে আতঙ্ক। প্রশাসনের কর্মকর্তা, পুলিশ এখন যেকোন ধরণের সংঘাতপূর্ণ পরিস্থিতি এড়িয়ে যেতে চায় বলে জানিয়েছেন একাধিক কর্মকর্তা। ফলে নির্বিঘ্নে রাজনৈতিক কর্মসূচি পালনের সুযোগ সৃষ্টি হবে বিরোধীদের।

এরই মধ্যে বিএনপিকে আলোচনার আহ্বান জানিয়ে আলোচনার সৃষ্টি করেন আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য আমির হোসেন আমু। গত মাসে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিএনপির সঙ্গে সংলাপের বিষয়ে নাকচ করে দেয়ার পর হঠাৎ করে বিষয়টি আলোচনায় আনেন আওয়ামী লীগের নেতৃত্বে গঠিত ১৪ দলীয় জোটের মুখপাত্র ও আওয়ামী লীগের উপদেষ্টা মন্ডলীর সদস্য। তিনি বলেন, আগামী জাতীয় সংসদ নির্বাচন ইস্যুতে মাঠের আন্দোলনে থাকা বিএনপির সঙ্গে সরকার আলোচনার দুয়ার খোলা রেখেছেন। আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, বিএনপির সঙ্গে আলোচনার বিষয়ে আওয়ামী লীগ এখনো কোনো সিদ্ধান্ত নেয়নি। তিনি বলেন, জাতিসংঘ কেন মধ্যস্থতা করবে? জাতিসংঘ হস্তক্ষেপ করবে এমন কোনো রাজনৈতিক সংকট এই স্বাধীন বাংলাদেশে এখন পর্যন্ত হয়নি। তথ্যমন্ত্রী ও সম্প্রচার মন্ত্রী হাছান মাহমুদ বলেন, আমির হোসেন আমু যে বক্তব্য দিয়েছেন, তা নিয়ে সরকার, আওয়ামী লীগ এমনকি ১৪ দলের মধ্যেও কোনো আলোচনা হয়নি।

নিজের বক্তব্য থেকে ইউটার্ন দিয়েছেন আমির হোসেন আমু। রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ৬ দফা দিবস উপলক্ষে আওয়ামী লীগ আয়োজিত আলোচনা সভায় তিনি বলেন, আলোচনার জন্য কাউকে বলা হয়নি, দাওয়াত দেওয়া হয়নি, আহ্বান করা হয়নি। কাউকে আহ্বান করার সুযোগ নেই। বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, ২০১৮ সালে আমাদের সঙ্গে ২ বার বসে যে কমিটমেন্টগুলো আওয়ামী লীগ সরকার করেছিল, তার কোনোটাই রক্ষা করেনি। তাই আওয়ামী লীগের ওপর আস্থা রাখার কোনো সুযোগ নেই। রাজনৈতিক মহলে কেউ কেউ বলছেন, আমির হোসেন আমু আলোচনার প্রস্তাবটি রাজনীতির মাঠে খুবই গুরুত্বপূর্ণ। বিশেষ করে জাতিসংঘের মধ্যস্ততায় আলোচনার প্রস্তাব নিয়ে হয়তো পর্দার আড়ালে আলোচনা চলছে। সেক্ষেত্রে বিএনপি চেয়ারপারসন বেগম খালেদা জিয়াকে মুক্তি দিয়ে তার সঙ্গে আলোচনায় বসলে অবাক হওয়ার কিছু থাকবে না। তবে বিএনপির একাধিক নেতা বলেন, বিএনপির পক্ষ থেকে কোন সিদ্ধান্ত নিতে হলে সেটি বেগম খালেদা জিয়ার মাধ্যমেই হতে হবে।

অবস্থাদৃষ্ঠে মনে হচ্ছে, সরকার বিএনপিকে বাইরে রেখে নির্বাচন করার চেষ্টা করছে। এমনসব ব্যবস্থা বা বক্তব্য দেয়া হচ্ছে , যাতে বিএনপি নির্বাচনে আসে। সমঝোতার কোন ক্ষেত্রে প্রস্তুত হয়েছে , তা এখনও দৃশ্যমান নয়। চাপ আছে । এ চাপ শুধু সরকারের বেলায় , এমন মনে করারও কোন কারণ নেই। বিএনপি নির্বাচন বর্জন করলেও দলের জন্য , দেশের জন্য কোন ভালো ফল নিয়ে আসবে না । কার্যকর কোন গণ আন্দোলনও দলটি গড়ে তুলতে ব্যর্থ হচ্ছে। এমন পরিস্থিতিতে দেশের আগামীদিনের রাজনীতি ও আসছে জাতীয় নির্বাচনকে কঠিন সমীকরণের সামনে দাঁড় করে দিয়েছে।

# ছয় দফা আন্দোলন: পাকিস্তানের কফিনে বাঙালির শেষ পেরেক

শেখর ভট্টাচার্য



বঙ্গবন্ধু তার রাজনৈতিক জীবনে কোন সময়েই অন্যায়ের কাছে মাথা নত করেননি। তিনি যখনই নায্য দাবি নামা আদায়ে শাসক কিংবা শাসকদের বশংবদদের কাছ থেকে প্রত্যাখাত হয়েছেন তখনি তিনি ছুটে গেছেন জনগণের কাছে এর বিচারের জন্য। বঙ্গবন্ধুর কাছে সবচেয়ে মূল্যবান ছিলো জনমত। তিনি যে কোন কর্মসূচি প্রণয়ন করেই, জনমত যাচাইয়ের জন্য ছুটতেন জনগণের কাছে। বায়ান্ন সালের ভাষা আন্দোলনের বার্তা ছিলো তাঁর কাছে স্ফটিক স্বচ্ছ।ব্রিটিশ উপনিবেশ থেকে মুক্তি পেয়ে বাঙালি আবার যে নব্য পাকিস্তান উপনিবেশের ফাঁদে পাড়া দিয়েছে বায়ান্নের ভাষা আন্দোলনের মাধ্যমে সে বার্তাটি পেয়ে তিনি ধীরে ধীরে স্বাধিকার আন্দোলনের দিকে এগোতে থাকেন। স্বাধিকার আন্দোলনের পথ পরিক্রমায় বঙ্গবন্ধু ১৯৬৬-র ৫ ফেব্রুয়ারি লাহোরে সম্মিলিত বিরোধী দলগুলোর এক কনভেনশনে 'ছয় দফা' দাবি উত্থাপন করেন। বঙ্গবন্ধু চেয়েছিলেন, ছয়দফার আন্দোলন সূচনার পূর্বে এর একটি পূর্ব প্রতিক্রিয়া যাচাই করতে। এই উদ্দেশ্যকে সামনে রেখে ছয়দফাকে তিনি কনভেনশণের বিষয়সূচিতে অন্তর্ভুক্ত করার প্রস্তাব করেন। কিন্তু সভাপতি চৌধুরী মোহাম্মদ আলী ছয় দফা নিয়ে বিস্তারিত আলোচনায় অস্বীকৃতি জানান। বঙ্গবন্ধুর উদ্দেশ্য সফল হলো এবং তিনি বুঝতে পারলেন স্বাধিকারের দাবি নিয়ে শুধু মাত্র বাঙালি জনগণই তার সঙ্গী হবে, ঔপনিবেশিক শক্তির সহদোরেরা তাকে কোন অবস্থাতেই সহযোগিতা প্রদান করবেনা।

কনভেনশনে যখন ছয় দফা দাবি উত্থাপনে ব্যর্থ হলেন বঙ্গবন্ধ তখন কনভেনশন বর্জন করে বেরিয়ে এসে ছয়দফার বিষয়ে তাঁর দল এবং বাঙালি জাতি কতোটুকু আপোসহীন এ' বার্তাটি শাসকদের দিতে চেষ্টা করেন। ১১ ফেব্রুয়ারি লাহোর থেকে দেশে ফিরে ঢাকা বিমানবন্দরে সংবাদ সম্মেলনে ছয় দফার বিস্তারিত তুলে ধরেন বঙ্গবন্ধু। ২০ ফেব্রুয়ারি আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটি ছয় দফাকে দলীয় কর্মসূচি হিসেবে গ্রহণ করে।

এই যে বললাম বাংলার জনগণই ছিলো বঙ্গবন্ধুর শেষ ভরসা স্থল। সম্মিলিত বিরোধীদলের অধিবেশনে বাঙালির প্রাণের দাবিকে উপেক্ষা করা হলে তিনি ছয় দফার পক্ষে জনমত সংগঠিত করতে দেশব্যাপী একের পর এক জনসভা করতে থাকেন। কারণ জনগণের নেতার কাছে জনমতই হলো সর্বোচ্চ সমর্থন।

দলবল নিয়ে বঙ্গবন্ধু প্রথমেই যান চট্টগ্রামে। ১৯৬৬-র ২৫ ফেব্রুয়ারি লালদীঘি ময়দানে এক জনসভায় ছয় দফাকে 'নূতন দিগন্তের নূতন মুক্তিসনদ' অভিহিত করে চট্টগ্রামবাসীর উদ্দেশে বলেন, 'একদিন ব্রিটিশ সরকারের জবরদস্তি শাসনব্যবস্থাকে উপেক্ষা করে এই চট্টগ্রামের জালালাবাদ পাহাড়েই বীর চট্টলার বীর সন্তানরা স্বাধীনতার পতাকা উড্ডীন করেছিলেন। আমি চাই যে পূর্ব পাকিস্তানের বঞ্চিত মানুষের জন্য দাবি আদায়ের সংগ্রামী পতাকাও চট্টগ্রামবাসী চট্টগ্রামেই প্রথম উড্ডীন করবেন।' চট্টগ্রামের জনসভার পর ২৭ ফেব্রুয়ারি নোয়াখালীর মাইজদী ও বেগমগঞ্জ, ১০ মার্চ ময়মনসিংহের মুক্তাগাছা, ১১ মার্চ ময়মনসিংহ সদর এবং ১৪ মার্চ সিলেটে জনতার দরবারে বঙ্গবন্ধু তাঁর ছয় দফা পেশ করেন।

ছয় দফা প্রচার ও প্রকাশের জন্য বঙ্গবন্ধুর নেতৃত্বে গঠিত হয় ছয় সদস্যের এক উপকমিটি। স্বনামে 'আমাদের বাঁচার দাবি : ছয় দফা কর্মসূচি' শীর্ষক একটি পুস্তিকাও প্রকাশ করা হয়। ১৮, ১৯ ও ২০ মার্চ আওয়ামী লীগের কাউন্সিল সভায় পুস্তিকাটি বিলি করা হয়। উদ্বোধনী অধিবেশনে গাওয়া হয় রবীন্দ্রনাথ ঠাকুরের 'আমার সোনার বাংলা'। ছয় দফাকে উপলক্ষ করে সেই কাউন্সিল অধিবেশনটি ছিল সবিশেষ তাৎপর্যপূর্ণ।

পাঠক উপলব্ধি করার চেষ্টা করুন বঙ্গবন্ধু তাঁর লক্ষ্যে কতোটুকু অবিচল ছিলেন। গণতন্ত্রের মূলনীতিকে তিনি কতোটুকু শ্রদ্ধা করতেন। ছয়দফা উত্থাপনের জন্য তিনি সম্মিলিত বিরোধী দল, নিজ দল এবং বাংলার সকল শ্রেণির মানুষের কাছ থেকে ম্যান্ডেট নিতে চেয়েছিলেন। জনসংযোগের অংশ হিসাবে ১৭ এপ্রিল ভোর ৪টায় খুলনায় এক জনসভা শেষে ঢাকা ফেরার পথে রমনা থানার ওয়ারেন্টে পাকিস্তান দেশরক্ষা আইনের ৪৭(৫) ধারা বলে পুলিশ তাঁকে গ্রেপ্তার করে। যশোর মহকুমা হাকিমের এজলাস থেকে তিনি জামিন পান। সেদিনই রাত ৯টায় সিলেটে গ্রেপ্তার, পুনরায় জামিনের আবেদন এবং ২৩ তারিখে জামিন লাভ করেন। ২৪ এপ্রিল ময়মনসিংহে গ্রেপ্তার, ২৫ এপ্রিল জামিন। ছয় দফা প্রচারকালে তিন মাসে আটবার গ্রেপ্তার হন বঙ্গবন্ধু।

এভাবেই স্বৈরাচারী আইয়ুবের দমননীতি চলতে থাকে। ৮ মে নারায়ণগঞ্জের চাষাঢ়ায় মে দিবস স্মরণে শ্রমিক জনতার এক সমাবেশে বঙ্গবন্ধুকে বিপুল সংবর্ধনা এবং পাটের মালায় ভূষিত করে শ্রমিকরা। ভাষণ শেষে রাত ১টায় বাসায় ফেরার পথে পাকিস্তান দেশরক্ষা আইনের ৩২(১) 'ক'ধারায় ঘনিষ্ঠ রাজনৈতিক সহকর্মীসহ বঙ্গবন্ধুকে গ্রেপ্তার করা হয়। ছয় দফা দেওয়াকে অপরাধ গণ্য করে বঙ্গবন্ধুকে 'বিচ্ছিন্নতাবাদী' অভিহিত করে স্বৈরশাসক আইয়ুব বঙ্গবন্ধু ও আওয়ামী লীগের ওপর অব্যাহত গ্রেপ্তার-নির্যাতন চালাতে থাকেন। সামরিক সরকারের এই সব কার্যকলাপের বিরুদ্ধে আওয়ামী লীগের আহ্বানে ১৩ মে সমগ্র প্রদেশে'প্রতিবাদ দিবস'পালিত হয়। প্রতিবাদ দিবসের জনসভায় ছয় দফার প্রতি গণমানুষের বিপুল সমর্থন প্রকাশ পায়। হাজার হাজার শ্রমিক এই দিন স্বতঃস্ফূর্ত হরতাল করে। পল্টনের জনসভায় উপস্থিত হয়ে সরকারের দমননীতির প্রতিবাদ করে। দলের নবনির্বাচিত সাধারণ সম্পাদক তাজউদ্দীন আহমদকে গ্রেপ্তার করা হলে সাংগঠনিক সম্পাদক মিজান চৌধুরী অস্থায়ী সাধারণ সম্পাদকের দায়িত্ব গ্রহণ করেন। নেতৃবৃন্দের গ্রেপ্তার-নির্যাতনের বিরুদ্ধে ২০ মে আওয়ামী লীগের ওয়ার্কিং কমিটি ৭ জুন সর্বব্যাপী হরতাল আহ্বান করে। ৭ জুনের হরতালের বিষয়ে আমরা সংগক্ষিপ্ত কিন্তু তাতপর্য পূর্ণ বর্ণনা পাই বঙ্গবন্ধুর "কারাগারের রোজ নামচায়"। পাঠক সংক্ষিপ্ত বর্ণনাটি পাঠ করলে আমরা কিছুটা উপলব্ধি করতে পারবো ৭ জুন ১৯৬৬ সালে কী ঘটেছিলো। ৭ জুন হরতাল সম্পর্কে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর ডায়েরিতে লিখেছেন, '১২টার পরে খবর পাকাপাকি পাওয়া গেল যে, হরতাল হয়েছে। জনগণ স্বতঃস্ফূর্তভাবে হরতাল পালন করেছে। তারা ছয় দফা সমর্থন করে আর মুক্তি চায়। বাঁচতে চায়, খেতে চায়, ব্যক্তিস্বাধীনতা চায়, শ্রমিকের ন্যায্য দাবি, কৃষকদের বাঁচার দাবি তারা চায়, এর প্রমাণ এই হরতালের মধ্যে হয়েই গেল।' (কারাগারের রোজনামচা, পৃ: ৬৯)

এ' কারনে ছয় দফা কর্মসূচিকে বাঙালি জাতির মুক্তির মহাসনদই্ বলা যায়। এ আন্দোলনের মাধ্যমে বাঙালি জাতি পশ্চিমা শাসকগোষ্ঠীর শোষণ ও অবিচারের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হয়। ইতোপূর্বের ভাষা আন্দোলন, শিক্ষা আন্দোলন, সংবিধান প্রবর্তন বা সামরিক শাসন বিরোধী আন্দোলন পূর্বপাকিস্তানের বিশেষ শ্রেণি তথা শিক্ষিত, সচেতন ও প্রগতিশীল লোকদের মধ্যেই কেবল সীমাবদ্ধ ছিল। এগুলোতে ছাত্রসমাজের ভূমিকাই ছিল মুখ্য। আর গোড়া থেকেই সর্বস্তর ও পেশার মানুষের মুক্তির আন্দোলন হিসেবে ছয় দফা কর্মসূচি সাধারণভাবে গৃহীত হয়েছিল। বঙ্গবন্ধু এতে সরাসরি নেতৃত্ব প্রদান করেন, এর প্রচারণায় অংশ নেন এবং একে সুসংগঠিত করেন। তাঁর নির্দেশনায় ছাত্রলীগ, ছাত্র ইউনিয়নের পাশাপাশি প্রথমবারের মতো শ্রমিক সংগঠনসমূহ আন্দোলনমূখী হয়। এ কর্মসূচি বঙ্গবন্ধু শেখ মুজিবকে জাতীয় অবিসাংবাদিত নেতায় পরিণত করে। তার নির্দেশনায় ছাত্রলীগ, ছাত্র ইউনিয়নের পাশাপাশি প্রথমবারের মতো শ্রমিক সংগঠনসমূহ আন্দোলনমুখী হয়। এতে পূর্ব পাকিস্তানে আওয়ামী লীগের জনপ্রিয়তা প্রশ্নাতীত হয়ে ওঠে। যে কারণে ছয় দফা কর্মসূচির আন্দোলনের সময় শীর্ষ ও মাঝারি সারির প্রায় সব আওয়ামী লীগ নেতা বন্দি হলেও এর আন্দোলন সাধারণ মানুষই অব্যাহত রাখতে সক্ষম হয়েছিলেন।

ছয় দফা বাঙালিকে এক স্বতন্ত্র আত্মমর্যাদাশীল জাতি হিসেবে চিনতে ও জানতে শিখিয়েছে। ছয় দফার ওপর ভিত্তি করেই আন্দোলন, নির্বাচন ও স্বাধীনতা যুদ্ধ সংঘটিত হয়েছে। স্বাধীন সার্বভৌম বাংলাদেশ প্রতিষ্ঠা লাভ করে বাঙালি জাতীয়তাবাদের বিকাশ সম্ভব হয়েছে ছয় দফার জন্যই। ১৯৭১ সালের ২৫ মার্চ পূর্ব পাকিস্তানে পাকবাহিনীর নির্বিচার হত্যাযজ্ঞের ফলে একদিকে ছয়দফা কর্মসূচির পরিসমাপ্তি ঘটে এবং নয় মাস মুক্তিযুদ্ধের পর অভ্যুদয় ঘটে স্বাধীন সার্বভৌম বাংলাদেশের। আর তাই ৬ দফা-ই আজ বাঙালি জাতির 'ম্যাগনাকার্টা' হিসেবে সুপ্রতিষ্ঠিত।

ছয়দফার তাৎপর্যকে যথার্থ ভাবে উপস্থাপন করেছেন বঙ্গবন্ধুর ঘনিষ্ঠ সহচর তোফায়েল আহমেদ "বাঙালির ম্যাগনাকার্টা শীর্ষক তাঁর একটি নিবন্ধে। তিনি এই নিবন্ধে উল্লেখ করেন "বঙ্গবন্ধুর কাছে ছয় দফা ছিল একটা সাঁকো, যাতে চেপে স্বাধিকার থেকে স্বাধীনতায় উন্নীত হওয়া যায়। ছয় দফা না দিলে বঙ্গবন্ধুর ওপর আইয়ুব সরকারের নির্যাতন নেমে আসত না, আগরতলা মামলায়ও তাঁকে জড়াত না, আর '৬৯-এর গণ-অভ্যুত্থানও হতো না, সত্তরের নির্বাচনে আওয়ামী লীগের ম্যান্ডেটও হয়তো ও রকম হতো না, পরিণতিতে যা এক দফা তথা স্বাধীনতার পথ সুগম করে।"ছয়দফা ছিলো পাকিস্তানের কফিনে বাঙালির দেয়া শেষ পেরেক। ছয়দফার আন্দোলন আমাদেরকে শিক্ষা দেয় জনগণ কেন্দ্রিক আন্দোলনে, জনগণের সহায়তা লাভ করলে, আন্দোলন কোন ভাবেই ব্যর্থ হয়ে যায়না। আমরা ছয়দফা আন্দোলনের সাতান্ন বছর পর এই শিক্ষার কথাটি কী মনে রেখেছি?

লেখক প্রাবন্ধিক ও উন্নয়ন গবেষক

### ভুল সংশোধন

গত ৮ জুন প্রথম আলো উত্তর আমেরিকায় পৃষ্ঠা ৬-এ প্রকাশিত 'ছয় দফা আন্দোলন: পাকিস্তানের কফিনে বাঙালির শেষ পেরেক' লেখায় লেখকের নাম শেখর ভট্টাচার্য'র স্থলে ভুলক্রমে মামুনুর রশীদ ছাপা হয়েছে। অনিচ্ছাকৃত এ ভুলের জন্য আমরা আন্তরিকভাবে দুঃখিত। লেখাটি পুনরায় প্রকাশ করা হল।

# দেশে মুক্তিযুদ্ধের সপক্ষের আর একটি রাজনৈতিক দল দরকার

শিতাংশু গুহ

সামাজিক মাধ্যমে লিখেছিলাম, নির্বাচনের আগে দেশে প্রকৃত মুক্তিযুদ্ধের পক্ষের একটি রাজনৈতিক দল দরকার' -দেখলাম আমাদের প্রগতিশীল বন্ধুরা বেজায় নাখোশ। এরা সুষ্ঠূ নির্বাচন চায়, কিন্তু 'তালগাছ' আমাদের চাই-ই। কেন রে ভাই? বর্তমান আওয়ামী লীগ এবং বিএনপি'র মধ্যে কি কোন তফাৎ আছে? আমরা জানতাম, বিএনপি'র আমলে সুষ্ঠূ নির্বাচন সম্ভব নয়, এখন জানি আওয়ামী লীগ আমলেও তা অসম্ভব। আমরা দেখেছি বিএনপি মৌলবাদীদের সাথে আপোষ করে; আওয়ামী লীগ এখন মৌলবাদীদের সাথে 'ঘর' করে! আমরা জানতাম,, বিএনপি দুর্নীতিবাজ, আওয়ামী লীগ দুর্নীতির সকল রেকর্ড ভেঙ্গে দিয়েছে। আর বাকি রইলো কি? আওয়ামী লীগের আমলে পার্লামেন্ট ঠুঁটু জগন্নাথ, বিচার বিভাগ আজ্ঞাবহ, মিডিয়া ডিজিটাল সিকিউরিটির ভয়ে জড়সড়, নির্বাচন কমিশন ভীতসন্ত্রস্ত। প্রগতিশীল শক্তির মাজা ভেঙ্গে দেয়া হয়েছে।

নির্বাচনের আগে দেশে মুক্তিযুদ্ধের পক্ষের একটি প্রকৃত রাজনৈতিক দল দরকার। কারণ সুষ্ঠূ ও অবাধ নির্বাচন হলে আওয়ামী লীগ ক্ষমতায় থাকবে না? আমাদের দেশের নির্বাচন নিয়ে যাদের মাথাব্যথা তাঁরা বিএনপি'কে চায়না। তাই, ক্ষমতায় বসবেন কারা, তা নিশ্চিত হওয়া দরকার। আওয়ামী লীগ ২০১৪ বা ২০১৮'র মত নির্বাচন করলে দেশে অশান্তির সম্ভবনা উড়িয়ে দেয়া যায়না। বিএনপি ভেবে বসে আছে যে, আমেরিকা এমন কিছু একটা করবে, যাতে তারা ক্ষমতায় না আসলেও আওয়ামী লীগ বিদায় হবে? ক্ষমতায় যাওয়ার চেয়েও আওয়ামী লীগকে ক্ষমতা থেকে সরানো বিএনপি'র মূল লক্ষ্য। আওয়ামী লীগও চায় তারা ক্ষমতায় না থাকলে বিএনপি যেন না আসে? এসব কারণেই দেশে আর একটি বিকল্প স্বাধীনতার সপক্ষের রাজনৈতিক দল দরকার।

দেশে মুক্তিযুদ্ধের সপক্ষের আরো একটি রাজনৈতিক দল থাকলে ভালো, কারণ স্বাধীনতা বিরোধীদের রাজনীতি করার অধিকার থাকা উচিত নয়, ক্ষমতার হাত বদল হওয়া উচিত মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী দলের মধ্যে।সামনের নির্বাচনের মধ্যে দিয়ে এর আত্মপ্রকাশ ঘটলে মন্দ কি? যেহেতু এখন পর্যন্ত তেমন ঘটনা ঘটেনি, তাই বলা যায় জনসমর্থন থাকুক বা না-থাকুক আওয়ামী লীগ আবার ক্ষমতায় আসবে। এ বিষয়ে শেখ হাসিনাকে যথেষ্ট আত্মপ্রত্যয়ী মনে হয়। এবারকার জাপান ও যুক্তরাষ্ট্র সফর সেই ইঙ্গিত দিচ্ছে। জাপান তাঁকে লাল-গালিচা সম্বর্ধনা দিয়েছে। বেশ ক'টি চুক্তি হয়েছে যাতে মনে হয়, চীনকে ঠেকাতে বাংলাদেশ জাপানের সাথে হাত মিলিয়েছে। যেই রাষ্ট্রদূত ঢাকায় বসে বিএনপি'র পরামর্শমত বলেছিলেন যে, 'দিনের ভোট রাতে হয়' তিনি ওএসডি হয়েছেন। বর্তমান রাষ্ট্রদূত তো এনিয়ে কথাই বলতে রাজি হননি।

আওয়ামী লীগ মৌলবাদীদের প্রশ্রয় দিয়ে মাথায় তুলে দিয়েছে। ভাবটা এরকম যে, এদের ভোটে আওয়ামী লীগ আবার ক্ষমতায় আসবে? মৌলবাদীদের সাথে আওয়ামী লীগের সম্পর্কটা 'বিবাহ-বহির্ভুত', এঁদের ঘর-সংসার বিএনপি'র সাথে। ওঁরা প্রেম করবে আওয়ামী লীগের সাথে, ভোট দেবে বিএনপি-কে। ওঁরা কখনো বঙ্গবন্ধুকে ভোট দেয়নি, বর্তমান আওয়ামী লীগকেও দেবেনা। আমার কথা বিশ্বাস করার দরকার না, শুধু সুষ্ঠূ ভোট দিয়ে দেখুন না কেন? মুক্তিযুদ্ধের চেতনা বলতে এখন দেশে আর কিছু নেই, যা আছে তা ধর্মীয় চেতনা! আবার ধর্মীয় চেতনার চাইতে 'ধর্মীয় অনুভূতি'র ঠেলায় জাতি বিপর্যস্ত। অনেকে বলতে চেষ্টা করেন, এইবার ক্ষমতায় আসলে সব ঠিক হয়ে যাবে। না, যাবেনা, কারণ সবাই সেই পুরানো প্রবাদ জানেন, 'একবার খাতায় নাম লেখালে আর ফেরা যায়না'।

আওয়ামী লীগের চৌদ্দ বছরের শাসনামলে উন্নতি হয়েছে ব্যাপক, প্রতিটি সরকারের দায়িত্ব দেশের উন্নয়ন করা, তাই উন্নয়ন দেখিয়ে ক্ষমতায় যাওয়া যাবেনা। দেশের মানুষ বিএনপি হয়ে যায়নি, এন্টি-আওয়ামী লীগ হয়েছে। এর কারণ আওয়ামী লীগ। আধিপত্যবাদ দলটিকে ধ্বংস করে দিচ্ছে। আওয়ামী নেতাকর্মীদের জ্বালায় সাধারণ মানুষ অতিষ্ঠ, দুর্নীতি'র বেড়াজালে মানুষের নাভিশ্বাস উঠে গেছে। দেশে ভালো মানুষ এখন হারিকেন দিয়ে খুঁজতে হয়, নেতা নেই শুধু তোষামোদকারী। রিজার্ভ চুরি থেকে ব্যাংক ডাকাতি, ষ্টক এক্সচেঞ্জে ধ্স, সবই আওয়ামী লীগের অবদান। কোনটার বিচার নাই?

পঁচাত্তরে বঙ্গবন্ধু হত্যাকাণ্ডের পর একুশ বছর লেগেছে আওয়ামী লীগকে ক্ষমতায় আসতে, আবার ক্ষমতাচ্যুত হলে কতবছর লাগবে তা বলা কঠিন। আওয়ামী লীগ বাহাত্তরের সংবিধান সুযোগ পেয়েও পুন্ :প্রতিষ্ঠা করেনি, তত্ত্বাবধায়ক সরকার প্রতিষ্ঠার কৃতিত্ব আওয়ামী লীগের, এর পেছনে শেষ পেরেকটিও মেরেছে আওয়ামী লীগ। আওয়ামী লীগ স্বাধীনতা এনেছে, গণতন্ত্র এনেছে, ধর্মনিরপেক্ষতা এনেছে, আওয়ামী লীগের হাত দিয়ে এসব ধ্বংস হয়ে যাচ্ছে। নূর হোসেন পিঠে 'গণতন্ত্রের মুক্তি চাই' লিখে এরশাদের পুলিশের টার্গেট করা গুলিতে নিহত হয়েছেন, আওয়ামী লীগ তাঁর মৃত্যু বিফল করে দিয়েছে, কারণ গণতন্ত্র 'সোনার হরিণ'ই' রয়ে গেছে।

বর্তমান আওয়ামী লীগ বঙ্গবন্ধু'র আওয়ামী লীগ নয়, এটি 'মুসলিম আওয়ামী লীগ'। একদা সংখ্যালঘুরা আওয়ামী লীগের ওপর ভরসা করতো, এখন ভয় পায়? রামু থেকে কুমিল্লা এবং প্রতিদিন সংখ্যালঘুর ওপর অত্যাচার আওয়ামী লীগের আমলেই হচ্ছে, কোন বিচার নেই, সরকারি নেতারা চমৎকার সাম্প্রদায়িক সম্প্রীতি'র বেসুরা কোরাস গাইছেন। ডিজিটাল সিকিউরিটি এক্ট হিন্দুদের ওপর ব্লাসফেমি হিসাবে ব্যবহৃত হচ্ছে। সামনে নির্বাচন, হিন্দুরা কাকে ভোট দেবে (অবশ্য যদি ভোট দেয়ার সুযোগ পায়)? প্রয়াত: সুরঞ্জিত সেনগুপ্ত বলেছিলেন যে, হিন্দু'র জমি দখলের জন্যে আওয়ামী লীগ-বিএনপি ভাই-ভাই, একথা এখন সর্বক্ষত্রের সত্য। তাই বলছিলাম, মুক্তিযুদ্ধের সপক্ষের আর একটি রাজনৈতিক দল দরকার!!

# ELECTION COMMISSION 2023

Election of Executive Committee 2023-2025

**SYLHET M.C. & GOVT COLLEGE ALUMNI ASSOCIATION OF USA INC**

**সিলেট এম.সি. এন্ড গভঃ কলেজ এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ ইনক্**

**Dear Members,**

Please be informed that as per Article-V of the constitution of Sylhet M.C. & Govt College Alumni Association of USA Inc, the Election Commission is hereby soliciting nominations for the 21 Executive Committee positions from the LIFE MEMBERS of the Association (As per Article III, Sec B(vi) of the constitution)

## ELECTION SCHEDULE

**Date : July 9, Sunday 2023 • Time : 11 PM - 7 PM**

**Place :** Will be notified

- Collection of Nomination Package by the intending candidate or by his/her representative from Prime Printing & Binding at 34-03 30th Ave. Astoria, NY 11103) on June 19, Monday and June 20, Tuesday from 4 PM - 10 PM. Package fee $50 payable cash only.
- Submission of Nomination by the intending candidate or by his/her representative on June 24, 2023, Saturday 4 PM - 8 PM at Prime Printing & Binding (34-03 30th Ave. Astoria, NY 11103)
- Publication of eligible candidates list: June 26, 2023, Monday by 9 pm.
- Withdrawal of Nomination on or before 8 PM, June 30, 2023 Friday at Prime Printing & Binding (34-03 30th Ave. Astoria, NY 11103)

## NON-REFUNDABLE NOMINATION FEE SCHEDULE:

**(MONEY ORDER OR CASH ONLY)**

- President ............................. $350.00
- Vice President (1st) .............. $300.00
- Vice President (2nd) .............. $300.00
- Vice President (3rd) .............. $300.00
- General Secretary ................ $300.00
- Assistant Secretary (1st) ....... $200.00
- Assistant Secretary (2nd) ...... $200.00
- Treasurer .................................... $200.00
- Office Secretary ........................... $200.00
- Cultural Secretary ......................... $200.00
- Sports Secretary ........................... $200.00
- Publication Secretary ................... $200.00
- Executive Members (9 position) ....... $150.00 each

## Rules & Regulations

1. The candidates must follow the requirements and restrictions of the constitution of Sylhet M.C. & Govt College Alumni Association of USA Inc.
2. The candidates must submit two copies of passport size photo along with the nomination papers.
3. The candidates must submit their nomination papers (stamped and signed by the election commission).
4. The candidates are allowed to assign their agents during the election by presenting the agent form supplied by the election commission.
5. Candidates for the position of President and General Secretary must be present in person before the commission, and sign a "SWORN AFFIDAVIT FORM' to comply with Article IV, section A (ii & iv) in order to submit their nomination form.
6. Each and every candidate must be a listed 'LIFE MEMBER' of the organization and have to mention their Life Membership number in the nomination form from the updated Life Member list published by the Executive Committee (A copy will be included in nomination package)
7. No candidate shall submit nomination for more than one position. If anyone does so, all of their submitted nomination will be cancelled.
8. The voters must follow the constitution of the Sylhet M.C. & Govt College Alumni Association of USA, Inc.
9. The voters must present their valid photo ID before the election commission at the time of casting their votes.
10. No poster or publicity is allowed within 100 yards of election center.
11. Any complaint regarding the election must be addressed to the election commission in writing within 24 hours of the completion of the election. The commission will investigate the complaint and announce its decision within a reasonable time.
12. Any voter with incomplete information in the voter list may not cast their votes. The commission will have the right to take decision about such voter.
13. In all matters related to election, the decision of the election commission will be final.

**To hold a free and fair election, the commission requests everyone to cooperate in this regard.**

**Abul Kalam**
Chairman
347-624-3135

**Monjur A. Choudhury**
Member
917-584-7808

**Mahi Uddin**
Member
646-431-4372



# সামার সেল! সামার সেল!

## সকল ধরণের বিমানের টিকিটে বিশেষ ছাড়

**Book Now**

## 718-406-9745

অথবা ভিজিট করুন

**www.globaltravelbd.com**

আমরাই একমাত্র দিচ্ছি ২৪/৭ কাস্টমার সাপোর্ট

Emirates | KUWAIT | TURKISH AIRLINES | QATAR AIRWAYS

## Global Tours & Travel

**Dhaka, Bangladesh**
78/E (3rd Floor),
Purana Paltan Line,
Bijoynagar, Dhaka- 1000

**New York, USA**
37-12 75th St,
2nd floor Suite # 206.
Jackson Heights, NY-11372

# RAHMAN NATURAL FOOD INC

SALE 20% discount




## এখানে মাছ, মাংস, তাজা সবজি পাওয়া যায়



80- 44 Jamaica ave.
Wood haven NY 11421
718-480-8214

MONEY TRANSFER
917-242-3263 Tipu

# Law Offices

# এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

# 917-282-9256

(To schedule appointment only)

বিনামুল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন



Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত



Timothy Bompart, Esq
Attorney at Law



- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের জন্য কল করুন ৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

## IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ডিপোর্টেশন কেইসেস
- ইনভেস্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নূন্যতম ৫০ ডলার

# Law offices of Timothy Bompart

**37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

**Immigration Petitions & Adjustment of Status.**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.



প্যাটার্সনে প্রথম আলো উত্তর আমেরিকার পাঠক লেখক ও জন সমাজ আড্ডা। ছবি: প্রথম আলো

# প্যাটার্সনে প্রথম আলো উত্তর আমেরিকার পাঠক লেখক ও জন সমাজ আড্ডা

**ফরিদা ইয়াসমীন**

বাঙালি অধ্যুষিত প্যাটার্সনে বাঙালির ইতিহাস শতবর্ষের। আজকে প্যাটার্সনে যে বাংলাদেশ ব্যুলেভার্ড এবং যে শহীদ মিনার দাঁড়িয়ে আছে, তা পূর্বসূরীদের অবদানকেই বারবার স্মরণ করিয়ে দেয়। আমেরিকার সমৃদ্ধ নিউজার্সি স্টেটের গুরুত্বপুর্ণ শহর প্যাটার্সনে স্বদেশীরা মূলধারার নেতৃত্বে এরমধ্যেই মুখ্য হয়ে উঠেছেন। সিটি হলে উত্তোলিত হয় বাংলাদেশের পতাকা। শহর জুড়ে শোভা পাচ্ছে বাংলায় লেখা সাইনবোর্ড। ব্যবসা বাণিজ্যে ক্রমশ এগিয়ে যাচ্ছেন পরিশ্রমী অভিবাসীরা। নতুন প্রজন্মের বাংলাদেশী আমেরিকানরা ক্রীড়া ও সাংস্কৃতিক অঙ্গনে সমান দাপটের সাথে এগিয়ে চলছে। প্যাটার্সন হয়ে উঠেছে বাংলাদেশীদের এগিয়ে যাওয়ার একটি আদর্শ সিটি।

১১ জুন শনিবার নিউ জার্সির প্যাটার্সনে প্রথম আলো উত্তর আমেরিকা আয়োজিত লেখক পাঠক ও জনসমাজের এক জমজমাট আড্ডায় এসব কথাই উঠে আসে। সভায় উপস্থিত ছিলেন প্যাটার্সন শহরের জনপ্রিয় কাউন্সিল প্রেসিডেন্ট শাহীন খালিক এবং নিউজার্সির একমাত্র নির্বাচিত নারী বাংলাদেশী আমেরিকান কাউন্সিল ওম্যান সেপা উদ্দিন। প্রথম আলো উত্তর আমেরিকার সুহৃদ ফারুক সিদ্দিকী এবং প্যাটার্সন প্রতিনিধি শামসুদ্দিন চৌধুরী অপুর ব্যবস্থাপনায় আড্ডা আলোচনা শুরু হয়। সম্পাদক ইব্রাহিম চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠান শুরু হয় খুবই প্রাণবন্ত উচ্ছলতায়। ইব্রাহীম চৌধুরী বলেন, প্রথম আলো উত্তর আমেরিকা সবার জন্য ।প্রথম আলো কীভাবে প্যাটারসনের মানুষ সহজে পেতে পারেন তারজন্য অচিরেই পদক্ষেপ নেবেন বলে তিনি জানান। উপস্থিত সবাই যার যার অবস্থান থেকে সংক্ষিপ্ত আকারে বক্তব্য রাখেন।

কাউন্সিলম্যান শাহীন খালীক তার বক্তৃতায় বলেন, ইনশাআল্লাহ আমরা যদি ঐক্যবদ্ধ থাকি তাহলে প্যাটার্সনে অদূর ভবিষ্যতে আমরা একজন বাঙালি মেয়র পাব। কাউন্সিল ওমেন শেপা উদ্দীন আবেগপ্রবণ হয়ে বলেন, প্যাটার্সনে আসলে মনে হয় যেন আমার বাবার বাড়ি এসেছি। প্রথম আলো উত্তর আমেরিকা নারীদের প্রাধান্য দিয়ে কাজকর্ম পরিচালনার প্রশংসা করেন সেপা উদ্দীন এবং সব সময় পাশে থাকার ঘোষনা দেন। এই প্রাণবন্ত আড্ডায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নেয়া হয় আমাদের পরবর্তী প্রথম আলোর সংখ্যা থেকে প্যাটার্সনের সংবাদ নিয়মিত থাকবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইমরান চৌধুরী, মাহবুব রহমান, ওয়াদুদ চৌধুরী, সাঈদ এম হক, মহম্মদ রাশেদ, সৈয়দ এফ রহমান, মোহাম্মদ আলী, সায়ান সিদ্দীক, রেজাউল করিম চৌধুরী, আব্দুল হাই, আহমদ কে হাদি, আজমল আলি, শামস উদ্দিন চৌধুরী, এমডি ইউসুফ, হাসান মোর্শেদ, শামীম আহমেদ আইনুল হক, তারেক আনোয়ার খান, সোহানা নাজনীন, এইচ বি রিতা, ফরিদা ইয়াসমিন, শেখ ফজলুর রহমান, নবনীতা অমিত্রা, নুরুলস, কুলসুম আক্তার সুমি, রকেয়া দীপা, শেলি জামান খান, মো. ফারুক, মোহাম্মদ হাশেম, আজমল আলি, মোহাম্মদ জুবায়ের আহমেদ, রফিকুল ইসলাম চৌধুরী, মো. মহসিন, আব্দুল আহাদ, ফার্মিস আক্তার, রানা ফেরদৌস চৌধুরী, ভায়লা সালিনা, শান্তনু সাজ্জাদ প্রমুখ উপস্থিত ছিলেন।

# প্রতিদ্বন্দ্বী প্রার্থীর বাসায় অস্ত্রের মহড়া দেওয়া কাউন্সিলর আত্মগোপনে

**সিলেট প্রতিনিধি**

সিলেট নগরীর ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ও মহানগর স্বেচ্ছাসেবক লীগের সভাপতি আফতাব হোসেন খান নির্বাচনী প্রচারণার মাঠ ছেড়ে এখন পলাতক। তবে খোদ প্রার্থী পলাতক হলেও আড়ালে প্রচারণা অব্যাহত রেখেছেন তার লোকজন। প্রতিদ্বন্দ্বী প্রার্থীর বাসার সামনে ক্যাডার বাহিনী নিয়ে মহড়ার পর মামলা ও তিনজনকে গ্রেফতারের পর আত্মগোপনে চলে যান আফতাব। এই মামলার প্রধান আসামি করা হয়েছে কাউন্সিলর আফতাবকে। তবে আত্মগোপনে থেকে ও সামাজিক যোগাযোগমাধ্যমে তৎপর কাউন্সিলর আফতাব হোসেন খান। নিয়মিত পোস্টও দিয়ে যাচ্ছেন। আবার আইনশৃংখলাবাহিনীর দাবি তারা খুঁজে পাচ্ছেন না।

পুলিশ জানায়, ৭ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থী সায়ীদ মো. আব্দুল্লাহ রিটার্নিং কর্মকর্তা বরাবরেও একটি লিখিত



# এটর্নী মঈন চৌধুরীকে বাংলাদেশ ল’ সোসাইটির সংবর্ধনা

**উত্তর আমেরিকা অফিস**

১২জুন সোমবার রাত ৮:৩০ মিনিটে জ্যাকসন হাইটস এর ইজটি চাইনিজ রেস্টুরেন্ট এর পার্টি হলে এটেন্ডেন্ট কেইসেস, ম্যাডিক্যাল ম্যালপ্রেকটিস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের লাইসেন্সপ্রাপ্ত বাংলাদেশী আমেরিকান এটর্নী এট ল ও আমেরিকাতে বাংলাদেশ ল’ সোসাইটির প্রধান উপদেষ্টা এটর্নী মঈন চৌধুরী সর্বপ্রথম নিউইয়র্ক তথা আমেরিকাতে ‘প্রবাস বন্ধু’ উপাধীতে ভূষিত হওয়ায় বাংলাদেশ ল সোসাইটির কার্যকরী পরিষদ ও উপদেষ্টা পরিষদের যৌথ সভায় এক আনুষ্ঠানিক সংবর্ধনা প্রদান করা হয়।

সংগঠনের সভাপতি এ্যাডভোকেট নাসির উদ্দিনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক এ্যাডভোকেট সাইয়েদ জুনেলের সঞ্চালনায় বক্তারা এটর্নী মঈন চৌধুরীর সামাজিক ও ধর্মীয় কার্যকলাপের প্রসংশা করেন। উপস্থিত থেকে বক্তব্য রাখেন উপদেষ্টা এ্যাডভোকেট কাজী সামসুদ্দোহা, সহ সভাপতি এ্যাডভোকেট আব্দুল ওয়াহিদ প্রমুখ।

# খালেদার মুক্তি নিয়ে চাপের কাছে নতি স্বীকার নয়: কাদের

**ঢাকা অফিস**



ওবায়দুল কাদের

বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়ার মুক্তির বিষয়ে সরকার বাইরের চাপের কাছে নতি স্বীকার করবে না বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহনমন্ত্রী ওবায়দুল কাদের। তিনি বলেন, ‘বাংলাদেশ কোনো দেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ করেনি। অন্য দেশেরও বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে হস্তক্ষেপ যুক্তিযুক্ত মনে করি না। খালেদা জিয়ার বিষয়টি আমাদের অভ্যন্তরীণ ব্যাপার। সরকার কোনো চাপের কাছে নতি স্বীকার করেনি, করবেও না।’

বুধবার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে রোড সেফটি প্রজেক্টের উদ্বোধনী অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন ওবায়দুল কাদের।







# বারী হোম কেয়ার “এলএফআই” হিসেবে মনোনীত

উত্তর আমেরিকা অফিস



বারী হোম কেয়ার নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ কর্তৃক “এলএফআই” হিসেবে মনোনীত হয়েছে। এ বিষয়ে বারী হোম কেয়ারের কর্ণধার আসেফ বারী টুটুল বলেন, বারী হোম কেয়ার নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ কর্তৃক লীড ফিস্কাল ইন্টারমিডিয়ারী কনট্রাক্টিং এটেস্টেশান কর্মসূচির আওতায় সিডিপ্যাপ (কনজুমার ডিরেক্টেড পার্সোনাল এসিসট্যান্স প্রোগ্রাম) এর জন্য লীড ফিস্কাল ইন্টারমিডিয়ারী (এলএফআই) হিসেবে মনোনীত হওয়ায় আমরা আনন্দিত, এটি একটি বড় অর্জন।

তিনি বলেন নিউ ইয়র্ক স্টেটের ডিপার্টমেন্ট অফ হেলথ—এর উপরোক্ত কর্মসূচির আওতায় গত ২০২০ সালের মার্চ মাসের পূর্বে যে সমস্ত হোমকেয়ার এজেন্সির গ্রাহক সংখ্যা একটি নির্দিষ্ট সীমায় পৌঁছাতে সক্ষম হয়েছিল, সে সকল হোম কেয়ার প্রতিষ্ঠানকেই লীড ফিস্কাল ইন্টারমিডিয়ারী (এলএফআই) হিসেবে মনোনীত করা হয়েছে। যে সকল হোমকেয়ার (সিডিপ্যাপ) এজেন্সি উপরোক্ত গ্রাহক সীমা অতিক্রম করতে সক্ষম হয়নি সে সকল প্রতিষ্ঠানকে লীড ফিস্কাল ইন্টারমিডিয়ারী (এলএফআই) হিসেবে চিহ্নিত হোমকেয়ার প্রতিষ্ঠানের মাধ্যমে গ্রাহকদের সেবা প্রদান করতে হবে। সংকুচিত বাজেট এবং পর্যাপ্ত জনবলের অভাবে নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ হোমকেয়ার প্রতিষ্ঠানসমুহকে যথাযথ তদারকির জন্য লীড ফিস্কাল ইন্টারমিডিয়ারী কনট্রাক্টিং এটেস্টেশান কর্মসূচির প্রবর্তন করেছে।

# সিরাজুল আলম খানের মৃত্যুতে আবু জাফর মাহমুদের শোক প্রকাশ

উত্তর আমেরিকা অফিস

বাংলাদেশের মহান স্বাধীনতা আন্দোলনের প্রধান সংগঠক ষাটের দশকের প্রধান ছাত্রনেতা, বাংলাদেশের রাজনীতির পথ প্রদর্শক সিরাজুল আলম খানের মৃত্যুতে গভীর শোক জানিয়েছেন তাঁর একসময়ের ঘনিষ্ঠ রাজনৈতিক সহকর্মী, মহান স্বাধীনতা যুদ্ধের মাউন্টেন ব্যাটালিয়ন কমান্ডার, আমেরিকার মূলধারার রাজনীতিক, পিপল ইউনাইটেড ফর প্রোগ্রেস-এর প্রেসিডেন্ট আবু জাফর মাহমুদ।

এক বিবৃতিতে তিনি বলেছেন, সিরাজুল আলম খানের মৃত্যুতে বাংলাদেশ এক রাজনীতির বটবৃক্ষকে হারিয়েছে। যিনি নিজের সারাটি জীবনকে নিবেদন করেছিলেন দেশের জন্য। ব্যক্তিস্বার্থ তথা যে কোনো ক্ষুদ্র স্বার্থের উর্ধে উঠে রাজনীতির পেছনে জীবনভর চিন্তা, প্রজ্ঞা আর সকল সামর্থ উৎসর্গকারী এমন মানুষ বাংলাদেশ নয় শুধু গোটা পৃথিবীতেই বিরল। সিরাজুল আলম খান বাংলাদেশে দেশপ্রেমের রাজনীতির এক অবিকল্প কর্ণধার।

# নিউ আমেরিকান ভোটার্স অ্যাসোসিয়েশনের নতুন নেতৃত্বের অভিষেক

উত্তর আমেরিকা অফিস



নিউইয়র্কে নিউ আমেরিকান ভোটার্স অ্যাসোসিয়েশনের নতুন কমিটি, নির্বাহী বোর্ড ও পরিচালনা পর্ষদের অভিষেক হয়েছে। এ উপলক্ষে ৮ জুন বৃহস্পতিবার কুইন্সের ওয়ার্ল্ডস ফেয়ার মেরিনা হলে ১৬তম অ্যানুয়াল ডিনার ড্যান্স ও অ্যাওয়ার্ডস ‘স্যালুট টু পাবলিক সার্ভিস’ শীর্ষক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

২০২৩-২০২৪ সালের জন্য সংগঠনের কর্মকর্তা ও নির্বাহী বোর্ডের নির্বাচিতরা হলেন প্রেসিডেন্ট ড. দিলীপ নাথ, ভাইস প্রেসিডেন্ট নবরাজা কেসি, ডাও ইয়িন ও ড. বর্ণালী হাসান, এক্সিকিউটিভ ডিরেক্টর জুলিয়ান ইয়ানেজ, ট্রেজারার অমর দয়াল, রেকর্ডিং সেক্রেটারি, ডিরেক্টর (পলিটিক্যাল অ্যাকশন) চাক মোহান, ডিরেক্টর (কমিউনিটি অর্গানাইজিং) জিনি প্রসাদ, ডিরেক্টর (ডিজিটাল মার্কেটিং) শেখ গালিব রহমান, ডিরেক্টর (মিডিয়া অ্যান্ড প্রেস) কেভিন রোমেরো এবং ডিরেক্টর (মেম্বারশিপ) ল্যান্ত্র ল্যান্স।

পরিচালনা পর্ষদের নির্বাচিতরা হলেন চেয়ারম্যান হরি শুকলা, পরিচালক শোরাফ সরকার, রোকেয়া গ্র্যান্ট, দিপা নাথ, সাইফুল্লাহ ভূঁইয়া, হ্যালিং চেন, মাধবী ঘোষ, শ্যাম কার্কি, শীলা আশা, নিবেদীতা চন্দ্রাপ্পা, নিল ত্রিবেদী এবং ক্রিস্টোফার।

সাউথ ওজনপার্ক এ ট্রেন, ১১১ স্ট্রীট সাবওয়ে স্টেশন থেকে মাত্র ২ ব্লক দূরে বেসমেন্টে ১টি স্টুডিও রুম ভাড়া হবে। ১ বেড, ১ বাথরুম, ১ কিচেন। যোগাযোগ: 347-260-7770, 347-891- 7145.

## সেমিবেসমেন্ট ভাড়া

১৭ স্ট্রীট উডহ্যাভেন জ্যামাইকা ট্রেন, বাস থেকে মাত্র ৩ ব্লকের মধ্যে। ২ বেডরুম, বাথরুম, লিভিং রুম, কিচেন। অধূমপায়ী, কর্মজীবী ফ্যামি- লির কাছে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: 631-871-3511

## ন্যানি আবশ্যক

We are looking for a live-in or live-out nanny near the Elmont area. PH#Hemel 917-826-3498. Aysha 347-545-8669

## ফ্ল্যাট বিক্রয়

নোয়াখালী বসুরহাট পৌরসভায় অবস্থিত পোস্ট অফিসসংলগ্ন ৫ তলা বাড়ি শাহানাজ ভিউ। প্রতিটা ফ্লোরে ৪টা ফ্ল্যাট। গ্যাস সংযোগসহ ফ্ল্যাট বিক্রয় করা হবে। যোগাযোগ বাংলাদেশ: 016-16531283. USA: 347-237-3012

## Convenience Store

জ্যামাইকা হিলসাইড এবং PARSONS BLRD ২টা হাই স্কুল ২টা Middle School-এর মধ্যে সাবওয়ে থেকে উঠলে Very busy Convenience Store Sale করা হবে। মালিক অসুস্থ থাকার কারণে Sale হবে। শুধু সিরিয়াস ক্রেতারা যোগাযোগ করুন। ফোন: ৫১৬-৪৫১-৩৭৪৮

**FOR RENT**

১০৭ এভিনিউ, পাইনগ্রোভ স্ট্রিট, সাউথ জ্যামাইকা এর কর্নারে প্রাইভেট হাউজের ১টি ইউনিট (৩ বেডরুম, লিভিং রুম, ২ বাথরুম) ভাড়া হবে। ভাড়া ২৩০০ ডলার।
যোগাযোগ: 646-302-2153
646-291-9845, 646-641-5348

**আবশ্যক**

একটি ড্রাইভিং স্কুলের জন্য অভিজ্ঞ ইন্সট্রাক্টর আবশ্যক। বেতন আলোচনা সাপেক্ষে।
যোগাযোগ : এম ডি আলী- 917-500-3937

**ARMAN CHOWDHURY, CPA**

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়

7 DAYS OPEN
AUTHORIZED e-file PROVIDER
718-475-5686
87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET



**জে.এম. আলম মাল্টি সার্ভিসেস ইনক্**

ট্যাক্স
- পারসনাল ট্যাক্স
- বিজনেস ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স
- বিজনেস সেটআপ

AUTHORIZED IRS e-file PROVIDER

ইমিগ্রেশন
- ফ্যামিলি পিটিশন
- সিটিজেনশীপ আবেদন
- গ্রীণকার্ড নবায়ন
- সব ধরনের এফিডেভিট

**আলম টুর এন্ড ট্রাভেলস**

**AIR TICKET**
•Emirates •Qatar Airways •Etihad Airways •Turkish Airlines •Saudia & More
(646) 685-3785, (212) 810-0449
E: Alamttravels@gmail.com, WWW.Alamtourandtravels.com

**Immigrant Elder Home care LLC**
Authorized Homecare Provider Department of Health, State of New York
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে প্রতি ঘন্টা ২১.০০ ডলার পর্যন্ত উপার্জন করুন
কোন প্রশিক্ষনের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Jahangir M Alam
President & CEO

72-26 Roosevelt Ave, 2nd Fl, Suite # 201, Jackson Heights, NY 11372
Office: (718) 433-9283, Cell: (212) 810-0449
E: jmalamms@gmail.com (347) 891-7070

**নিউইয়র্ক সিটির রেজিস্ট্রার কাজী**

**MATRIMONIAL SERVICE**
NYC REGISTERED

**মাওলানা নজরুল ইসলাম**
খতিব মসজিদ আর রাইয়ান (MUNA Center of Jamaica)

MATRIMONIAL SERVICE
NYC REGISTERED

কাজী অফিস নিউইয়র্ক



**MAULANA NAZRUL ISLAM**
Khatib Masjid AR-Raiyyan
I Speak Bangla, Urdu, Arabic, English

Email: islam1072@gmail.com Phone: 347-251-2937
196- 43 Foothill Ave, Hollis, NY 11423

**JOY TECH ELECTRONICS & COMPUTER**

**সেলস এবং রিপেয়ার**

Laptop এবং Desktop কম্পিউটার রিপেয়ার।
Cellphone, TAB, iPad রিপেয়ার ও আনলক করা হয়।
GSM আনলক সেলফোন বিক্রয়।
সবধরনের Accesories পাওয়া যায়
সিম কার্ড এক্টিভেশন / সব ফোন বিল পে করা হয়।

ultra, h2o, T-Mobile, Univision mobile, Lycamobile

Ph : (347) 730-5984 | Cell: (646) 707-7733
37-22 73RD ST, SUITE # 1D, JACKSON HEIGHTS, NY 11372

**পায়ের রোগ বিশেষজ্ঞ চিকিৎসক**
**Bangladeshi Foot Specialist**

# DR. SADI ALAM, DPM

আপনি পায়ের কোন সমস্যায় ভুগছেন?
নিউইয়র্কে বাংলাদেশী চিকিৎসকের পরামর্শ নিন
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

**Jamaica Office:** 168-32 Highland Ave, Jamaica, NY 11432

**Hollis:** 196-22 Hillside Ave, Hollis, NY 11423
**Jackson Heights Office:** 7017 37th Ave, Jackson Heights, NY 11372
**Brooklyn Office:** 486 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

**Ozone Park Office:** 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
**Bronx Office:** 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
**Parkchester Office:** 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | Email: dralamdpm@gmail.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS

# কানেকটিকাটে চট্টগ্রামবাসীর জমজমাট মেজ্জান

ইমা এলিস

প্রবল উৎসাহ ও আনন্দে কানেকটিকাট অঙ্গরাজ্যে বসবাসকারী চট্টগ্রামবাসীদের উদ্যোগে পঞ্চমবারের মতো চট্টগ্রামের ঐতিহ্যবাহী মেজ্জান ১০ জুন শনিবার ব্রিজপোর্টের সীসাইড পার্কে অনুষ্ঠিত হয়েছে। সকাল ১১টা থেকে সন্ধ্যা পর্যন্ত চলে এ মেজ্জান। দুপুরে মেজ্জান উদ্বোধন করেন ব্রিজপোর্টের সিটি মেয়র যোসেফ পি গাণিম। প্রায় সাড়ে তিন হাজার চট্টগ্রামবাসীর উপস্থিতেতে দিনব্যাপী অনুষ্ঠিত মেজ্জানে নানা ধরনের খেলাধুলা, সাংস্কৃতিক এবং মিলাদ মাহফিলেরও ব্যবস্থা করা হয়। দুপুরে চট্টগ্রামের ঐতিহ্যবাহী খাবার পরিবেশনের মধ্য দিয়ে আগত অতিথিদের আপ্যায়ন করা হয়। কানেকটিকাটের চট্টগ্রামবাসী ছাড়াও নিউ ইয়র্ক, ম্যাসাচুসেটস ও নিউ জার্সির প্রচুর সংখ্যক প্রবাসী উক্ত মেজ্জানে অংশ নেন।

পঞ্চমবারের মতো এবারো 'চলন যাই মেজ্জান খাই' শ্লোগানে অনুষ্ঠিত উক্ত মেজ্জান সুন্দর ও সুষ্ঠভাবে সফল হয়েছে বলে জানান আহবায়ক ফরিদ চৌধুরী তারেক ও সদস্য সচিব মুস্তাক আহমেদ। তাদের দাবি এবারে সাড়ে তিন হাজারেরও বেশি চট্টগ্রামবাসী এবারের মেজ্জানে জড়ো হয়েছিল। মহামারি করোনার পর এটাই চট্টগ্রামবাসীদের সর্বোচ্চ সমাগম বা মিলন মেলা। সর্বাত্মকভাবে মেজ্জান সফল ও সার্থক হয়েছে বলে তারা উল্লেখ করেন। তারা বলে কতিপয় ব্যক্তি ঈর্ষান্বিত হয়ে একই দিনে একই নামে ভিন্ন শহরে মেজ্জানের আয়োজন করলেও সেখানে চট্টগ্রামের গুটিকতেক লোক উপস্থিত ছিলেন বাকি সব অন্য জেলার মানুষ। যা অনেকের কাছে দৃষ্টিকটু মনে হয়েছে বলে তারা জানান। একই দিনে প্রতিযোগিতামুলক মেজ্জানের নামে নোংরামি বন্ধের জন্য দাবিও জানান আয়োজকবৃন্দ।

## রুম ভাড়া

৩ মাস এর জন্য ১টি full finish রুম ভাড়া হবে location 172st hillside. Contact: +1 929-470-6328.

## রুম ভাড়া

১৪৫ লেকউড এভিনিউ, সাউথ জ্যামাইকা, মসজিদ আলকুবার সন্নিকটে, বেসমেন্টে ছোট একটি রুম একজন অধুমপায়ী কর্মজীবি পুরুষ এর নিকট ভাড়া দেয়া হবে। এখন উঠতে পারবেন। কিউ-40, কিউ-6, কিউ-60 বাস বাসার সামনে। যোগাযোগ 347-475-5883

## গাড়ি বিক্রয়

নিসান এন ভি -২০০, ১৪৮ হাজার মাইলস, ইয়ার ২০১৭, ক্লিন নাইস, ইয়ালো ট্যাক্সি বিক্রয় করা হবে। হুইল চেয়ার এক্সেস এবেল। যোগাযোগ 347-235-7322

## নিয়োগ বিজ্ঞপ্তি

জ্যাকসন হাইটসের প্রানকেন্দ্রে অবস্থিত কর্ণফুলী ইনকাম ট্যাক্স কোম্পানীতে ট্যাক্স, একাউন্টিং ও অফিস সহকারি পদে কিছু লোক জরুরি ভিত্তিতে নিয়োগ দেয়া হবে। অনুগ্রহ করে রিজ্যুমি ইমেইল করুন Karnafullytax@yahoo.com

## হেল্প ওয়ান্টেড

জ্যামাইকা হিলসাইড এভিনিও এবং ১৬৪ স্ট্রিট এ অবস্থিত অফিসের কাজের জন্য এমএস এক্সেল ও বিশেষ করে ইন্টারনেট ব্রাউজিং এ জ্ঞানসম্পন্ন দায়িত্ববান লোক (ফুল টাইম - মহিলা অথবা পুরুষ; ওয়ার্ক পার্মিট না থাকলেও সমস্যা নেই) আবশ্যক। যোগাযোগ (718) 839-5812

## চুক্তিতে ড্রাইভিং লাইসেন্স

১০০ ভাগ নিশ্চয়তাসহকারে ড্রাইভিং লাইসেন্স পাওয়ার ব্যবস্থা করা হয়।

**যারা বার বার ড্রাইভিং টেস্ট দিয়ে বিফল হয়েছেন তাদের জন্য এটি একটি সুবর্ণ সুযোগ।**

**যোগাযোগ সাঈদ–৯১৭–৮০৭–৪৮৫১**

## বাসা ভাড়া

ওজনপার্কে ৩ বেডরুম, লিভিং রুম, কিচেন, বাথরুম ভাড়া দেয়া হবে। যোগাযোগ: 929-590-8576

## বাসা ভাড়া

বাসা ভাড়া হবে ১লা মে হতে ওজনপার্ক এলাকায়। ২য় তলা ৩ বেডরুম এর বাসা। কার পার্কিং আছে। ঠিকানা: ১০৩-৪৯ ১০২ স্ট্রীট। যোগাযোগ: 917-348- 7804.

## বাসা ভাড়া

দ্বিতীয় তলা ৪ বেড, ১ বাথ, কিচেন। বেসমেন্টঃ ২ বেড, ১ বাথ, কিচেন। 1519 Zerega Ave. Bronx. 6 Train Zerega Ave. থেকে ২ ব্লকের মধ্যে। যোগাযোগ: 646-704- 6989

## এপার্টমেন্ট ভাড়া

৩২-৫৬৮৬ স্ট্রীট সেমিবেসমেন্ট গ্যারেজসহ ভাড়া হবে। ২ বেডরুম, কিচেন, বাথ, লিভিং এখনই ভাড়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে। যোগাযোগঃ 347-484-6385, 347-686- 5591.

## মহিলা রুমমেট চাই

ইয়াংকি ষ্টেডিয়ামের কাছে ১টি রুম একজন মহিলা/ছাত্রী এর কাছে ভাড়া দেওয়া হবে। Bronx এর D train এর কাছে। যোগাযোগ: 986-837-7230

## এটিক ভাড়া

জ্যাকসন হাইটসের কাছে এলমহার্স্ট হসপিটালের নিকটস্থ ১ রুম বিশিষ্ট এটিক ভাড়া হবে। যোগাযোগ: 929-641-7531, 646-715-4701

## স্টুডিও ভাড়া

জ্যামাইকার সাটফিন বুলেভার্ড এবং ১০৮ এভিনিউতে ফুল রিনোভেটেড সেমি-বেসমেন্টে একটি স্টুডিও ১জন স্টুডেন্ট/ ব্যাচেলারের কাছে ভাড়া দেয়া হবে। ফোন: 718- 839-5479

## বেসমেন্ট ও এ্যাটিক ভাড়া দেওয়া হবে

Holis 197-03 99th road এর সুন্দর পরিবেশে এক বেডরুমের বেসমেন্ট এবং এক বেডরুমের এ্যাটিক কিচেন , বাথরুম শেয়ারসহ দুই জন নামাজী ব্যাচেলার অথবা স্টুডেন্টের নিকট ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: 347-986-4707

## আইন প্রতিষ্ঠানের জন্য রিসিপশনিস্ট আবশ্যক

কুইন্সের একটি প্রতিষ্টিত ইমিগ্রেশন বিষয়ক আইন প্রতিষ্ঠানে রিসিপশনিস্ট নিয়োগ করা হবে। প্রার্থীকে খুবই অরগেনাইজড, কমিনিউকেশনে ও জনসংযোগে দক্ষ হতে হবে। ইংরেজির সাথে বাংলায় কথা বলা জানতে হবে। আইন প্রতিষ্ঠানের পক্ষ থেকে প্রশিক্ষণ দেয়া হবে। আকর্ষনীয় বেতন ও সুবধাদি দেয়া হবে। রিজুমি ইমেইল করুনঃ ravi@gehilaw.com

## আবশ্যক

বাইরের ষ্টেটে শপিং মলে কাজ করার জন্য কয়েকজন ছেলে/ মেয়ে আবশ্যক। সেলফোন ষ্টোর ও রিপেয়ার সপ। কাজ না জানলেও চলবে। আমাদের রয়েছে ট্রেনিং এর ব্যবস্থা। আর্কষনীয় বেতনও থাকার ব্যবস্থা। যোগাযোগ: 513-306-2096, 425-900-3305

## হাউজ কীপার আবশ্যক

ফ্যামিলি বাসায় (অনুর্ধ ৪০ বছরের ফিমেল) হাউস কীপার আবশ্যক। লেখাপড়া জানা থাকলে অফিস সহকারী হিসেবে পার্ট টাইম কাজও দেয়া হবে। বেতনঃ $15/Hour যোগাযোগ: ৯১৭-৭২২-১৪০৫

## পার্টনার আবশ্যক

পেনসিলভিনিয়া York এ অবস্থিত Solar Panel ও Garment Factory এর জন্য পাটনার এবং বিনিয়োগকারী আবশ্যক। EB5 বিনিয়োগ ভিসার আওতায় পরিবার শুদ্ধ গ্রিনকার্ডের সুযোগ আছে। যোগাযোগের ঠিকানা: 202-683-5854. Email: amrsolarllc@yahoo.com

## বাসা ভাড়া

সাউথ জ্যামাইকায় ১২০ এভিনিউ এবং গাই আর বোলবার্ডএ ৩ বেডরুম ও ২ বাথরুম বাসা ভাড়া যাবে জুন মাস থেকে। ফোন: 718 415 8871, 718 902 9461.

## সেমিবেসমেন্ট ভাড়া

সেমিবেসমেন্ট গ্যারেজসহ ভাড়া হবে। ২ বেডরুম, কিচেন, বাথ, লিভিং এখনই ভাড়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষে। যোগাযোগ: 347-484-6385, 347-686- 5591.

## বেসমেন্ট ভাড়া

150-16 Shore Ave Jamaica Ny 11433 1 বেডরুম এর বেসমেন্ট ভারা দেওয়া হবে। সাথে বাথরুম রান্নাঘর আর ছোটো একটি লিভিং রুম আছে। বাসার পাশেই মসজিদ, স্কুল, বাংলাদেশী গ্রোসারী এবং বাস ও ট্রেন বাসার কাছে। ই/জে ১০ মিনিটের হাঁটা দূরত্ব। মোবাইল: (646) - 717-7404.

## বেসমেন্ট ভাড়া

এস্টোরিয়া ৪৬ স্ট্রীট সাবওয়ে আর, এম, ই ট্রেনের অতি নিকটে দুই বেডরুমের একটি বেসমেন্টের একটি রুম শুধু ভদ্র, শিক্ষিত, অধুমপায়ী পুরুষ ব্যাচেলারদের নিকট ভাড়া দেয়া হবে । কিচেন ও লিভিং রুম শেয়ার করতে হবে। 347-438-7884.

## বেসমেন্ট ভাড়া

বেসমেন্টে দুই বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। মে মাসের ১ তারিখ থেকে। ঠিকানাঃ ১০৫-১৪, ইনউড, স্ট্রীট, জ্যামাইকা, নিউইয়র্ক-১১৪৩৫। যোগাযোগঃ 917-650-0546

## এটিক ভাড়া দেওয়া হবে

Hollis এ 197-03 99th road এর কাছে সুন্দর পরিবেশে সম্পূর্ণ রেনভেটেড ২টি রুম কিচেন বাথরুমসহ ৩জন ব্যাচেলার অথবা ছাত্রের কাছে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: 347-986-4707 (২৪ ঘন্টা পাকিং এর সুবিধা আছে)

## বেবি সিটার আবশ্যক

NewHyde Park এ N25/N26 Bus Stop থেকে ১০ মিনিট হাঁটা দূরে Part Time Babysitter আবশ্যক। সপ্তাহে ৫ দিন; 2 pm to 6pm. মেসেজ রাখুন 929-225-9363

## ইমিগ্রেশনে সহযোগিতা

আমেরিকায় নতুন বা পুরাতন- আপনার দরকার ওয়ার্ক পারমিট, সোশ্যাল এবং ফাইনালি গ্রীনকার্ড। যেভাবেই এদেশে এসে থাকুন, যে অবস্থাতেই থাকুন না কেন- একটা ব্যবস্থা আমরা করে দেবই। দেশে থাকা আত্মীয়-বন্ধুকে আনতেও আমরা সহযোগিতার পথ দেখাই। ইমিগ্রেশনের যে-কোন জটিল সমস্যা সমাধানের জন্য কল বা টেক্সট করুন **(৭১৮) ৮৩৯-৫৮১২**

## হাউস কীপার আবশ্যক

জ্যামায়কার হিলসাইড ও ১৬৯ স্ট্রীটে একজন বয়স্ক মহিলাকে সপ্তাহের ৬ দিন দেখাশুনার জন্য একজন অভিজ্ঞ মহিলা হাউস কীপার আবশ্যক । **থাকা-খাওয়া ফ্রি + আকর্ষণীয় বেতন** । দীর্ঘমেয়াদী চিন্তায় বিশ্বাসী শুধুমাত্র সিরিয়াস প্রার্থীগণ কল করুন ।
ফোন: **৩৪৭-৪৪৫-৫০৯৩**, ৯১৭-৪৩৫-৯৪১৬

## ড্রাইভিং ইন্সট্রাকটর প্রয়োজন

জ্যাকসন হাইটস্-এ **এআর** ড্রাইভিং স্কুলের জন্য একজন ইন্সট্রাকটর প্রয়োজন ।
যোগাযোগঃ **৩৪৭-৪৫৯-৭০৯২**

World Travel and Vacation
TRAVEL THE WORLD
Mohammad Hossain
President
214.714.3110 (24/7)
1901 Knightsbridge Rd. Farmers Branch, TX-75234
Mohammad.benu@gmail.com

**ওমরা ভিসা, হজ্বের জন্য প্যাকেজসহ যেকোনো বিমানযাত্রার সব ব্যবস্থার জন্য আমাদের পেশাদারিত্ব আর বিশ্বস্থতার প্রতিষ্ঠান। দয়া করে ফোনে বা ইমেইলে যোগাযোগ করুন।**

## বাসা ভাড়া

বাসা ভাড়া হবে ফ্লোরাল পার্ক এলাকায়। 9440-240th Street, Floral Park 11001, 2nd Floor and Atik. ৩ বেড, ২ বাথ। ভাড়া হবে জুন ১ তারিখ ১০৭ এভিনিউ থেকে। 347-666-5727. টিসি- বেড, লিভিং, কি

## বাসা ভাড়া

উডসাইডে ৭ ট্রেনের ৪৬ স্ট্রীট-এ সুন্দর ও মনোরম পরিবেশে ১লা জুন হতে দুই বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। যোগাযোগ: 718- 808-2049, 718-808-3360.

## রুম ভাড়া

উডসাইড ৫০ এভিনিউ ৬৩ স্ট্রীট প্রাউভেট হাউজের ১টি রুম ভাড়া হবে ব্যাচেলারের কাছে ১লা জুন থেকে। ফোন: 718-749-7711.

## রুম ভাড়া

১৬১ নরমাল রোড জ্যামাইকায় পারসন্স বুলেভার্ডের ২ ব্লকের মধ্যে ছোট পরিবারের সাথে আলাদা বাথরুম ও ফ্রিজসহ একটি রুম ভাড়া হবে। স্বামী-স্ত্রী ও ১ বাচ্চাসহ ১ জুন থেকে বড় একরুম ভাড়া হবে। ১০৫০ ডলার (বিলসহ)। ফোন: 347-659-5543, 646-575- 6771.

## রুম ভাড়া

হিলসাইড এভিনিউ সংলগ্ন এপার্টমেন্ট হাউজে এটাচড বাথরুমসহ রুম ভাড়া হবে । 347-552-9360. (১২টা থেকে রাত ৭টা)।

## ব্রঙ্কসে অফিস ভাড়া

ব্রঙ্কসের ক্যাসেল হিল এন্ড জেরেগা ওয়েসচেষ্টার এভিনিউতে ১০ রুমের অফিস ভাড়া হবে। ডাক্তার অফিস হলে ভাল হয়। ইকবাল-347-337-2144

## পাত্র চাই

সিলেটি পিতামাতার নিউইয়র্কে জন্ম নেয়া ডাক্তার এবং মে মাস থেকে নিউইয়র্কে রেসিডেন্সি প্রাপ্ত (২৬-৫-৬) নামাজি ও হিজাবী পাত্রীর জন্য ধার্মিক ও উচ্চ শিক্ষিত পাত্র আবশ্যক। যোগাযোগ: 646-577-8290, e-mail: zamanmehdad227@gmail.com

## পাত্রী চাই

নিউইয়র্কে বসবাসরত ৩২ বছর (৫-৬) (অনার্স) সুশিক্ষিত পাত্রের জন্য আমেরিকান সিটিজেন পাত্রী আবশ্যক। ডিভোর্সী হলেও সমস্যা নেই। যোগাযোগঃ516-247-8260 Email: jj1831847@gmail.com

## পাত্রী চাই

US সিটিজেন ডিভোর্স পাত্রের জন্য (৫৫) ৫ ফট ৬” শিক্ষাগত যোগ্যতা ইন্‌জিনিয়ার, সরকারি চাকুরিজীবি সু প্রতিষ্ঠিত মুসলিম পাত্রের জন্য বিধবা, ডিভোর্স বা বৈধ কাগজপত্র না থাকলেও চলবে পাত্রী চাই। 646-707-9614

## পাত্র চাই

কাপ্তাই কর্ণফুলী পেপার মিলস এলাকায় Born & Raise ১৯ দিনের শর্ট ডিভোর্সী পাত্রীর জন্য American Citizen & Green Card Holder পাত্র আবশ্যক। পাত্রীর বয়স ২৬ বছর। বড় ভাই 347-612-9207, বাবা 01912340475. (কল করুন দুপুর ২টা থেকে রাত ২টা পর্যন্ত)।

## পাত্র চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের পি.এইচ.ডি চাকরিজীবী (৩৪ + 5-6 ) সিটিজেন পাত্রীর জন্য, ইঞ্জিনিয়ার, ডাক্তার, পি.এইচ.ডি বা উপযুক্ত পাত্র চাই । যোগাযোগ: অভিভাবক 929-247-9441

## পাত্র চাই

একজন ম্যাকানিক্যাল ইঞ্জিনিয়ার সুন্দরী হিন্দু পাত্রীর জন্য পাত্র চাই। উচ্চতা ৫ ফুট ৫”। বয়স ২৭। যোগাযোগ: 347-641-8353, 718-200-6396

## পাত্রপাত্রীর খোঁজে

অভিভাবক বা পাত্রপাত্রী নিজে যোগাযোগ করুন। কোন ফি নাই। সম্পূর্ণ অলাভজনক সেবামূলক উদ্যোগ। যোগাযোগ email: drmah007@gmail.com, **ফোন: ৫৭১–৪৮৯–৯০১৩**

## পাত্র চাই

পাত্রী আমেরিকান গ্রীনকার্ডধারী উচ্চশিক্ষীতা Sociology (ঢা.বি.)। সঙ্গত কারণে বিবাহ বিচ্ছেদ, নি:সন্তান। ৫০ উর্ধ্ব পাত্র চাই। আগ্রহী ইচ্ছুক পাত্র বা অভিভাবক যোগাযোগ করুন। zaibunnessa14@gmail.com

## মেচম্যাকিং

দেশী মেচম্যাকিং (Deshi Match Making) একটি বিশ্বস্ত ম্যারেজ মিডিয়া। আমাদের আছে অনলাইন ও অফলাইন সিস্টেম। বাংলাদেশে ঢাকা, বনানীতে ও নিউইয়র্কে অফিস। যোগাযোগ: desipatropatri@gmail.com, রিমা আবেদীন (929-278-6294)

## জীবনসঙ্গীর প্রত্যাশায়

মার্জিত, শিক্ষিত, প্রতিষ্ঠিত ও সিটিজেন (৪৪) একজন ব্যাচেলর পাত্র তার জীবন সঙ্গীর প্রত্যাশায়। জীবন খুব একটা জটিল না; আমরাই জীবনকে জটিল বানাই; আপনার বর্তমান জীবনযাত্রা যাইহোক না কেন? আত্মবিশ্বাস, খোলা মন ও আন্তরিকতার সাথে ছবি ও টেলিফোন নম্বর সহ যোগাযোগ করুন। (সকল প্রকার গোপনীয়তার প্রতিশ্রুতি দিচ্ছি।) যোগাযোগ: (718) 524-9777, everlybrown@yahoo.com




# কুমিল্লা মহানগর সোসাইটি অব নর্থ আমেরিকার নাগরিক সংবর্ধনা

**উত্তর আমেরিকা অফিস**

৬ জুন মঙ্গলবার সন্ধ্যায় জ্যামাইকা মতিন পার্টি হলে কুমিল্লা মহানগর সোসাইটি অব নর্থ আমেরিকার আয়োজনে বিএনপির কেন্দ্রীয় নেতা ও কুমিল্লা দক্ষিণ জেলা বিএনপির আহ্বায়ক বিশিষ্ট শিল্পপতি আমিন উর রশিদ ইয়াছিনকে নাগরিক সংবর্ধনা প্রদান করা হয়েছে। সংগঠনের সভাপতি ইসতিয়াক রুমির সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক সারোয়ার খান বাবুর পরিচালনায় অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বাংলাদেশ সোসাইটির সাবেক প্রধান নির্বাচন কমিশনার ও যুক্তরাষ্ট্র বিএনপি নেতা এডভোকেট এসএম জামাল ইউ আহমেদ জনি, সাবেক চেয়ারম্যান রুহুল কুদ্দুস, খোকন, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হালিম মুন্সী, দ্বেবীদ্বার কলেজের সাবেক ভিপি জহিরুল ইসলাম মোল্লা, আরকুর পরিচালক মোঃ জসিম, শফিকুল রহমান শফিক, কুমিল্লা সোসাইটি অব ইউএসএ'র সাবেক সভাপতি ইঞ্জিনিয়ার মো: আবদুল খালেক, সভাপতি আবুল খায়ের আখন্দ, কাজী আসাদ উল্লাহ প্রমুখ।

নাগরিক সংবর্ধনায় বিএনপি নেতা হাজী আমিন উর রশিদ ইয়াছিন বলেন, আগামীতে বিএনপি সরকার গঠন করলে কুমিল্লা বিভাগ বাস্তবায়ন হবে। কুমিল্লা নামেই বিভাগ হবে। কুমিল্লা নামেই বিভাগ করার দাবি জানিয়ে বলেন, কোন ব্যক্তির বাড়ি কুমিল্লায় এজন্য কুমিল্লা নামে বিভাগ হবে না এটি কুমিল্লাবাসী মেনে নেবে না। আমিন উর রশিদ ইয়াছিন বলেন, বাংলাদেশে গণতন্ত্র পুন:প্রতিষ্ঠার জন্য তত্ত্বাবধায়ক সরকারের বিকল্প নেই, তত্ত্বাবধায়ক সরকারের পক্ষেই কেবল একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন করা সম্ভব। কোন দলীয় সরকারের অধীনে সেটি সম্ভব নয়।

অনুষ্ঠানে আমিন উর রশিদ ইয়াছিনকে সংগঠনের পক্ষ থেকে কুমিল্লা মহানগর সোসাইটির দপ্তর সম্পাদক কাজী আবু নাসের, মো: কামাল ভূইয়া লিটন, আশিক এলাহী, কামরুল, কামরুজ্জামান শামীমসহ অন্যান্যরা ফুলেল জানান। হাজী আমিন উর রশিদ ইয়াছিন এ আয়োজনের জন্য আয়োজকদের প্রতি কৃতজ্ঞতা জানান।

সংগঠনের সভাপতি ইসতিয়াক রুমি এবং সাধারণ সম্পাদক সারোয়ার খান বাবু অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে বলেন, এপর্যন্ত কুমিল্লা মহানগরীর শীর্ষ পর্যায়ের নের্তৃবৃন্দ যারাই নিউইয়র্কে এসেছেন সবাইকে কুমিল্লা মহানগর সোসাইটি অব নর্থ আমেরিকার পক্ষ থেকে সংবর্ধনা দেয়া হয়েছে।

# বাকার নতুন কমিটি, সভাপতি সারওয়ার চৌধুরী, সম্পাদক শাহ বদরুজ্জামান

**উত্তর আমেরিকা অফিস**


সারওয়ার চৌধুরী


শাহ বদরুজ্জামান

৬ জুন ব্রঙ্কসের নিরব রেস্টুরেন্টে বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন(বাকা) এর বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়। সভায় সর্বসম্মতি ক্রমে ২৩ সদস্য বিশিষ্ট সংগঠনের নতুন কমিটি গঠিত হয়েছে ।

সংগঠনের বিদায়ী সভাপতি আহবাব চৌধুরী খোকনের সভাপতিত্বে ও বিদায়ী সাধারণ সম্পাদক সারওয়ার চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের প্রতিষ্টাকালীন সভাপতি আব্দুল হাসিম হাসনু,

সংগঠনের আয়ব্যয় রিপোর্ট উপস্থাপন করেন কোষাধ্যক্ষ শাহ বদরুজ্জামান রুহেল ও সাধারণ সম্পাদকের রিপোর্ট উপস্থাপন করেন সাধারণ সম্পাদক সারওয়ার চৌধুরী। রিপোর্টের উপর সাধারণ আলোচনায় অংশ নেন সহসভাপতি রেহানুজ্জামান রেহান, মোহাম্মদ সাদি মিন্টু, আহমদ ফয়ছল, যুগ্ম সাধারণ সম্পাদক মাকসুদা আহমদ, শাহ কামাল উদ্দিন, কোষাধ্যক্ষ শাহ বদরুজ্জামান রুহেল, সাংগঠনিক সম্পাদক এম ডি আলাউদ্দিন ,

সহ সাংগঠনিক সম্পাদক চৌধুরী মোমিত তানিম, প্রচার ও গণ সংযোগ সম্পাদক সোহেল আহমদ, স্কুল শিক্ষা সম্পাদক সালমা সুমি, সদস্য সহিদুল ইসলাম ভূইয়া, মোহাম্মদ রনি, লিয়াকত আলী, আব্দুর রহমান দুলাল, রায়হান জামান রানা, শাহ ইকবাল রাজু , আশরাফ হোসেন প্রমুখ ।

সভায় সংগঠনের বিদায়ী সাধারণ সম্পাদক সারওয়ার চৌধুরীকে সভাপতি বিদায়ী কোষাধ্যক্ষ শাহ বদরুজ্জামান রুহেলকে সাধারণ সম্পাদক ও কার্যকরী কমিটির সদস্য মোহাম্মদ রনিকে কোষাধ্যক্ষ করে সংগঠনের ২৩ সদস্য বিশিষ্ট নতুন কমিটি ঘোষনা করা।

সভায় আগামী ৩০ জুলাই সংগঠনের পথমেলা ও ২০ আগষ্ট বনভোজন অনুষ্ঠানের সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় ফয়ছল আহমদকে আহবায়ক, মাকসুদা আহমদকে যুগ্ম আহবায়ক, সুহেল আহমদকে সদস্য সচিব, মোহাম্মদ রনিকে যুগ্ম সদস্য সচিব, রায়হান জামান রানাকে প্রধান সমন্বয়কারী, সালমা সুমি ,মোহাম্মদ লিয়াকত আলী, এম রহমান দুলালকে সমন্বয়কারী করে ১১ সদস্য বিশিষ্ট পথমেলা প্রস্তুতি কমিটি এবং মোহাম্মদ সাদি মিন্টুকে আহবায়ক , শাহ কামাল উদ্দিনকে সদস্য সচিব ও শাহ ইকবাল রাজুকে প্রধান সমন্বয়কারী করে ৭ সদস্য বিশিষ্ট একটি বনভোজন প্রস্তুতি কমিটি গঠন করা হয়।

সভায় জালালাবাদ এসোসিয়েশন এর প্রাক্তন সভাপতি জন এন উদ্দিন , আব্দুস শহিদ দুদু সহ সম্প্রতি প্রয়াত কমিউনিটির নেতৃবৃন্দের মৃত্যুতে একটি শোক প্রস্তাব পাশ করে বিশেষ মোনাজাত করা হয়।

## বাড়ি বিক্রয়

ব্রঙ্কসে E 229 ষ্ট্রিটে বাড়ি বিক্রয় হবে। Sell by Owner. বাড়িটিতে স্বতন্ত্র ভাবে তিন পরিবার বসবাস করতে করতে পারবে। মূল্য 4 লাখ 75 হাজার ডলার। 929-218-3748

EMPLOYMENT AGENCY
Can help you get a job and also find the best employees
Baby Sitter, Housekeeper,
Companion aide constructions,
Factory, warehouse, driver,
Customer service, clerical day
Work cashier sales, general help
Restaurant and more



Phone: 929-431- 4206
Address: 37-22 - 73 Street Jackson Heights, Ny - 11372

# বিএএসজের উদ্যোগে ১১ জুলাই বাংলাদেশ মেলা

**সুব্রত চৌধুরী**

নিউ জার্সি রাজ্যের আটলান্টিক সিটিতে 'বাংলাদেশ মেলা' অনুষ্ঠিত হতে যাচ্ছে আগামী ১১ জুলাই মঙ্গলবার। প্রবাসী বাংলাদেশিদের প্রাণপ্রিয় সংগঠন বাংলাদেশ এসোসিয়েশন অব সাউথ জার্সি (বিএএসজে)র উদ্যোগে ওইদিন আটলান্টিক সিটির সেন্ডসক্যাসেল স্টেডিয়াম এর উন্মুক্ত প্রাঙ্গণে সকাল এগারোটা থেকে শুরু হয়ে রাত এগারোটা পর্যন্ত চলবে 'বাংলাদেশ মেলা'র কার্যক্রম। বাংলাদেশ মেলায় সংগীত পরিবেশন করবেন জনপ্রিয় সংগীত শিল্পী রবি চৌধুরী, রিজিয়া পারভীন সহ প্রবাসের জনপ্রিয় শিল্পীরা।

# হিন্দুদের বর্ণপ্রথা বিরোধী আইন হচ্ছে ক্যালিফোর্নিয়ায়

**উত্তর আমেরিকা ডেস্ক**

বর্ণপ্রথা ভারতের অতিপ্রাচীন একটি সামাজিক সমস্যা। ভারতে এখনো এটি রয়েছে। বিশেষ করে দলিতরা এখনো নানাভাবে বৈষম্য ও নিপীড়নের শিকার হন। কিন্তু আটলান্টিকের ওপারে যুক্তরাষ্ট্রের একটি অঙ্গরাজ্যে কেন এই বর্ণপ্রথা বিরোধী আইন করতে হচ্ছে? এ নিয়ে একটি প্রতিবেদন করেছে বিবিসি। ক্যালিফোর্নিয়া-ভিত্তিক স্বাধীন সাংবাদিক সবিতা পাতিল এই বিলের পক্ষে–বিপক্ষে মতামত তুলে ধরেছেন।

ক্যালিফোর্নিয়ার একটি হাসপাতালে নার্সের কাজ করেন সুখজিন্দর কাউর। হাসপাতালে দীর্ঘ ক্লান্তিকর কাজ করেন। কিন্তু বিরতিতে গেলেই বুঝতে পারেন তিনি এক নিপীড়নমূলক সমাজে বাস করেন। সুখজিন্দর দলিত সম্প্রদায়ের মানুষ। ভারতের গভীর বৈষম্যমূলক বর্ণপ্রথায় এই দলিতরা সবচেয়ে নিচের স্তরের। সুখজিন্দর প্রায়ই উচ্চ বর্ণের হিন্দু সহকর্মীদের কাছ থেকে বর্ণবাদমূলক অসম্মানের সম্মুখীন হন। দলিত অধিকার কর্মীরা বলছেন, বর্ণপ্রথার দোহাই দিয়ে নিপীড়নের শিকার ক্যালিফোর্নিয়ার বাসিন্দারা আবাসন, শিক্ষাগত, পেশাগত এবং সামাজিক বৈষম্যের সম্মুখীন হচ্ছেন।



হিন্দুদের বর্ণপ্রথা বিরোধী একটি আইন করতে যাচ্ছে যুক্তরাষ্ট্রের ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্য সরকার। চলতি সপ্তাহেই এ সংক্রান্ত একটি বিল পার্লামেন্টে উত্থাপিত হওয়ার কথা রয়েছে। এটি আইনে পরিণত হলে তথাকথিত বর্ণের ভিত্তিতে কারও প্রতি আর বৈষম্য করা যাবে না। এই অঙ্গরাজ্যে ছোঁয়াছুয়ির বিষয়ে আর কোনো ভাবেই ধর্মের দোহাই খাটবে না। গত মার্চে ডেমোক্রেটিক পার্টির আইনপ্রণেতা সিনেটর আয়েশা ওয়াহাব এসবি–৪০২ বিলটি প্রণয়ন করেন। বৈষম্য বিরোধী এই বিলে লিঙ্গ, জাতি, ধর্ম এবং অক্ষমতার পাশাপাশি বর্ণকেও একটি বিভাগ হিসেবে যুক্ত করার প্রস্তাব করা হয়েছে। বিলটি মে মাসে রাজ্যের সিনেটে ৩৪–১ ভোটে পাস হয়।

নিউইয়র্কে স্বনাম ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ

Utpal Chowdhury, MD.

Board certified internal medicine

Attending physician(Emergency)-New York Community Hospital, Brooklyn. Jamaica Hospital Medical Center, Queens.

অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়
পরিষেবা/চিকিৎসা

- ফিজিক্যাল এক্সাম
- স্কুল ও কলেজের জন্য টিকা
- টিএলসি এক্সাম
- হজ ও ওমরাহ যাত্রীদের জন্য টিকা
- চর্মরোগ
- ডায়বেটিস
- উচ্চ রক্তচাপ
- থাইরয়েড
- এজমা
- বুকের ব্যাথা
- যৌন রোগ

TREATMENT / SERVICES

- COMPLETE PHYSICAL
- HIGH BLOOD PRESSURE
- SCHOOL /JOB PHYSICAL
- HIGH CHOLESTEROL
- TLC
- ASTHMA
- VACCINATION
- SKIN PROBLEM
- DIABETES
- EKG

Please call for Appointment
At# 917-503-5002




ডাঃ উৎপল চৌধুরী

Jamaica office
167-02 Highland Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: (718) 297-4444 & (917) 503-5006
Fax: (718) 297-4443& (917) 503-5005
Office Hours:
Monday & Thursday, 5pm-9pm
Wednesday & Friday, Sunday 9am-3pm

Jackson Heights office
40-37 76th Street, 1st Floor, Elmhurst, NY 11373
Phone: (917) 503-5002 & (718) 533-0002
Fax: (917) 503-5004 & (718) 533-0005
Office Hours:
Monday, Tuesday Thursday
9am-3pm
Wednesday & Friday
5pm-9pm
Sunday: Lab. Work only.
9am-1pm

Tel: 917-503-5002,
Fax: 917-503-5004

আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স নিয়ে থাকি
যাদের স্বাস্থ্যবীমা নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করে থাকি

We accept all major insurances including Medicare, Medicaid

True Medical Care P.C.

40-37 76th Street, 1st Floor Elmhurst, NY 11373 167-02 Highland Ave, 1st Floor Jamaica, NY 11432

আমেরিকায় নতুন এসেছেন- থেকে যেতে চান; পলেটিক্যাল এসাইলাম করবেন নাকি স্টুডেন্ট, এল১, ই২ ভিসা- কোনটা? এমপ্লয়মেন্ট-বেইজড-গ্রীনকার্ডও আছে। আমাদের সংগে কথা বলুন, বুঝুন আগে সবকিছু- তারপর যা হয় করুন।

বহু বছর যাবৎ আমেরিকায় আছেন কিন্তু নানা জটিলতা বা অনিচ্ছাকৃত ভুল-ভাল কাগজ বা তথ্যের কারণে আটকে রয়েছে আপনার প্রসেসিং। আপনার প্রয়োজন ওয়ার্ক পারমিট, সোসাল, ট্রাভেল ডকিউমেন্ট। এবং ফাইনালী গ্রীনকার্ড। এরপর সিটিজেনশীপ। যেখানেই সমস্যা সেখানেই সমাধানও।

যেভাবেই এদেশে এসে থাকুন, বি১বি২ বা এফ১এফ২, সি-১ ট্রানজিট বা মেক্সিকো বর্ডার দিয়ে ইন্সপেকশন ছাড়া- সব সমস্যারই সমাধান আছে। বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন কিন্তু স্পাউসের অসহযোগিতার কারণে 'কন্ডিশন' রিমোভ করতে পারছেন না, হুমকী খাচ্ছেন! অথবা, সিটিজেন বিয়ে করার পরও নানা কারণে-জটিলতায় গ্রীনকার্ড পাচ্ছেন না। আইন কিন্তু আপনারই পক্ষে, শুধুমাত্র সবকিছু বুঝতে হবে, সমস্যানুযায়ী সমাধান করতে হবে।

বাংলাদেশ থেকে স্পাউস-ভাই-বন্ধু-আত্মীয়কে আমেরিকায় আনতে চাচ্ছেন কিন্তু 'রাস্তা' খুঁজে পাচ্ছেন না! ইংরেজীতে সিটিজেনশীপ পরীক্ষা দিতে পারছেন না, অসুস্থ্য। এসব সমস্যারও সমাধান রয়েছে। ইমিগ্রেশনের প্রতিটি ধাপের প্রতিটি সমস্যা নিয়েই আমরা কাজ করি, সহযোগীতা করি।

নিউ ইয়র্কে রয়েছেন কিন্তু মেডিকেল ইন্সুরেন্স নেই ফ্রি চিকিৎসা সেবা পাচ্ছেন না! আমরা আছি- কোন অসুবিধে নেই। পেয়ে যাবেন ড্রাইভার লাইসেন্সও। ব্যাংক একাউন্ট, নতুন কোম্পানী, নিজের নামে ইআইএন সবই হবে।

আমরা সহযোগীতা করছি। সকল সমস্যারই সমাধান আছে।
কল করুন বা এসএমএস (টেক্সট) করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

# ত্রাণ চুরির বিষয় ফাঁস হওয়ায় ইথিওপিয়ায় সহায়তা বন্ধ

**উত্তর আমেরিকা ডেস্ক**

ইথিওপিয়ার সরকারি পর্যায়ে ব্যাপক হারে ত্রাণের পণ্য চুরির বিষয়টি ফাঁস হওয়ার পর দেশটিতে ত্রাণসহায়তা পাঠানো বন্ধ করেছে যুক্তরাষ্ট্রের আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (ইউএসএআইডি)। আফ্রিকার সংঘাতকবলিত দেশ ইথিওপিয়ায় এত দিন ত্রাণসহায়তা দিয়ে আসছিল যুক্তরাষ্ট্র।

৮ জুন বৃহস্পতিবার এ সিদ্ধান্তের কথা জানায় ইউএসএআইডি। বলা হচ্ছে, যুক্তরাষ্ট্রের এমন সিদ্ধান্তের ফলে ত্রাণসহায়তা বন্ধ হওয়ায় বিশ্বের সবচেয়ে দরিদ্র লাখ লাখ মানুষ ক্ষতিগ্রস্ত হবে। দাতা সংস্থার কাছে পাঠানো ফাঁস হওয়া সরকারি নথি ওয়াশিংটন পোস্ট হাতে পেয়েছে। এতে দেখা যাচ্ছে, ত্রাণের পণ্য চুরির ঘটনায় দেশটির কেন্দ্রীয় ও একই সঙ্গে আঞ্চলিক সরকারও জড়িত। ফাঁস হওয়া নথি অনুযায়ী, সরকারি কর্মকর্তারা ত্রাণের এসব খাদ্যপণ্য যাদের সবচেয়ে বেশি প্রয়োজন তাদের না দিয়ে সামরিক বাহিনী ও সাবেক যোদ্ধাদের দিচ্ছিল। এ ছাড়া ত্রাণের পণ্য বাজারে এমন কিছু কারখানার কাছে বিক্রি করে আসছিল, যে কারখানাগুলো ময়দা রপ্তানি করে। নথি ফাঁসের পরে বিষয়টি নিয়ে তদন্ত শেষে ইউএসএআইডি ত্রাণসহায়তা বন্ধের এ সিদ্ধান্ত নেয়। ইউএসএআইডি বলেছে, ‘দেশব্যাপী একটি পর্যালোচনার পর আমরা এই সিদ্ধান্তে উপনীত হয়েছি, ইথিওপিয়ার সরকারের সহযোগিতায় ব্যাপক হারে ও সমন্বিতভাবে ত্রাণের পণ্য চুরির ঘটনা ঘটেছে। চুরির এ বিষয় সংস্কার না হওয়া পর্যন্ত আমরা দেশটিতে ত্রাণসহায়তা পাঠাতে পারি না।’ইউএসএআইডি এ সিদ্ধান্তের কথা জানানোর পর ইথিওপিয়ার পররাষ্ট্র মন্ত্রণালয় এক বিবৃতিতে বলেছে, ‘অপরাধীদের আইনের আওতায় আনতে উভয় সরকার (কেন্দ্রীয় ও আঞ্চলিক) এ বিষয়ে একটি তদন্ত শুরু করেছে।’ তবে বিবৃতি ছাড়া সরকারের তরফ থেকে এ বিষয়ে কোনো মন্তব্য করতে রাজি হয়নি। দাতাদের একটি সংগঠন হিউম্যানিটারিয়ান রেজিলিয়েন্স ডেভেলপমেন্ট ডোনার গ্রুপ। সংস্থাটিকে ইথিওপিয়াতে ত্রাণের পণ্য চুরির বিষয়টি জানিয়েছে ইউএসএআইডি। বিষয়টি জানার পরই সংস্থাটি বলেছে, নিবিড় পর্যালোচনা এই ইঙ্গিত দিচ্ছে, দাতাদের অর্থে কেনা ত্রাণসহায়তা যাদের সবচেয়ে প্রয়োজন তাদের না দিয়ে অন্যদের দেওয়া হয়েছে। এটা একটা অপরাধ, যা সমন্বিতভাবে হয়েছে। দাতাদের এ সংস্থা আরও বলেছে, ত্রাণের পণ্য চুরির এ ঘটনার নেপথ্যে ছিল দেশটির কেন্দ্রীয় ও আঞ্চলিক সরকার এবং সরকার নিয়ন্ত্রিত বিভিন্ন প্রতিষ্ঠান। ত্রাণের এসব পণ্য পাঠানো হয় দেশটির সংঘাতকবলিত এলাকার মানুষের জন্য।

# মেয়েকে বাঁচাতে গিয়ে বাবার সলিল সমাধি

**রোকেয়া দীপা**

মেয়ের জীবন বাঁচাতে সাগরে ঝাপ দিয়েছিলেন বাবা। আটলান্টিকের তীব্র স্রোত উদ্ধার করা মেয়ে বেঁচে গেছে। সাগরে তলিয়ে গেছেন নিউইয়র্ক ফায়ার সার্ভিসে কর্মরত বাবা মার্ক বাতিস্তা। ৯ জুন শুক্রবার নিউজার্সির সমুদ্র বীচে এ হৃদয়বিদারক ঘটনা ঘটেছে।

১৫ বছর থেকে নিউইয়র্ক সিটির ফায়ার বিভাগে কাজ করেন মার্ক বাতিস্তা( ৩৯)। ঘটনার দিন মার্ক বাতিস্তার কিশোরী কন্যা সমুদ্রস্নানে বিপত্তিতে পড়তে দেখা যায়। তীব্র স্রোতে ভেসে যাওয়া কন্যাকে উদ্ধার করতে পানিতে দ্রুত ঝাঁপ দিয়েছিলেন মার্ক বাতিস্তা। কন্যাকে উদ্ধার করে অন্য উদ্ধারকারীর কাছে হস্তান্তর করে বাতিস্তা নিজে স্রোতে আটকা পড়েন। অজ্ঞান অবস্থায় উভয়কে হাসপাতালে নেয়া হয়। মেয়ে বেঁচে থাকলেও মার্ক বাতিস্তাকে হাসপাতালে মৃত ঘোষণা করা হয়েছে।

নিউইয়র্ক ফায়ার সার্ভিসের মুখপাত্র অ্যামেন্ডা ফেরিনাসি বিভাগ থেকে দেয়া এক বিবৃতিতে ফায়ার সার্ভিসের একজন দক্ষ ও পুরনো সহকর্মীর মৃত্যুর সংবাদ জানিয়ে শোক প্রকাশ করেছেন। মার্ক বাতিস্তা টিনেক শহরের বাসিন্দা ছিলেন এবং ব্রুকলিন ফায়ার ইঞ্জিন ২২৬ এ কাজ করতেন।

# সিরাজুল আলম খানের মৃত্যুতে বাসদ সমর্থক ফোরামের শোক

**উত্তর আমেরিকা অফিস**

বাসদ সমর্থক ফোরাম উত্তর আমেরিকার পক্ষে মোহাম্মদ জামান তপন এক বিবৃতিতে মুক্তিযুদ্ধের অন্যতম সংগঠক, নিউক্লিয়াসের প্রতিষ্ঠাতা, বিএলএফ এর অন্যতম প্রধান সংগঠক, জাসদের প্রতিষ্ঠাতা সিরাজুল আলম খানের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করে তাঁর সংগ্রামী জীবন ও স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। বিবৃতিতে জামান তপন বলেন, ১৯৬২ সালে নিউক্লিয়াসের প্রতিষ্ঠাতা, ’৬৯ এর গণঅভ্যুত্থানের বীর সেনানী, মুক্তিযুদ্ধে বিএলএফ এর অন্যতম প্রধান সংগঠক, স্বাধীনতা উত্তর জাসদের প্রতিষ্ঠাতা সিরাজুল আলম খানের আজন্ম লালিত স্বপ্ন ছিল স্বাধীন সমাজতান্ত্রিক বাংলাদেশ প্রতিষ্ঠার। সে কারণেই একটা বুর্জোয়া দলের ছাত্র সংগঠন বাংলাদেশ ছাত্র লীগের কেন্দ্রীয় কমিটিতে তাঁরই প্রচেষ্টায় তাঁর অনুসারীর তৎকালীন ছাত্র লীগের প্রচার সম্পাদক স্বপন কুমার স্বাধীন সমাজতান্ত্রিক বাংলাদেশের প্রস্তাব উত্থাপন করলে সংখ্যাগরিষ্ঠের ভিত্তিতে তা পাশ হয়। সিরাজুল আলম খানের উদ্যোগে এবং প্রচেষ্টাই তাঁর অনুসারী আসম আব্দুর রব ২ মার্চ ১৯৭১ ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বাধীনতার পতাকা উত্তোলন করেন এবং ৩ মার্চ ১৯৭১ পল্টনে ছাত্র লীগের সভায় স্বাধীনতার অবিসংবাদিত নেতা শেখ মুজিবুর রহমানের উপস্থিতিতে শাহজাহান সিরাজ যে স্বাধীনতার ইশতেহার প্রকাশ করেন সেখানে বলা হয়েছিল শ্রমিক রাজ, কৃষক রাজ প্রতিষ্ঠার কথা।

স্বাধীনতাউত্তর বাংলাদেশে সমাজতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যেই তিনি প্রতিষ্ঠা করেন জাতীয় সমাজতান্ত্রিক দল জাসদ। ঘোষণা করা হয়েছিল ‘আমরা লড়ছি শ্রেণি সংগ্রামকে ত্বরান্বিত করে সামাজিক বিপ্লবের মাধ্যমে বৈজ্ঞানিক সমাজতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যে’।

বিবৃতিতে বলা হয়, জনাব সিরাজুল আলম খান ছিলেন আপাদমস্তক দেশপ্রেমিক, তিনি শোষণমুক্ত বাংলাদেশ প্রতিষ্ঠার স্বপ্নদ্রষ্টা ছিলেন। তাঁর মৃত্যুতে বাংলদেশ হারালো একজন প্রকৃত দেশপ্রেমিক, শ্রমজীবী শোষিত মানুষ হারালো তাদের অকৃত্রিম বন্ধুকে। আমরা হারালাম একজন অভিভাবককে যিনি ছিলেন বটবৃক্ষের মতো। শেষ পর্যন্ত তিনি সমাজতন্ত্রের পথে অবিচল না থাকতে পারলেও তাঁর স্বপ্ন বহু



পেনসিলভেনিয়ার স্টেট ক্যাপিটলের উৎসবে বাংলাদেশীদের যোগদান। ছবি: সংগৃহীত

# পেনসিলভেনিয়ার স্টেট ক্যাপিটলের উৎসবে বাংলাদেশীদের যোগদান

**মোহাম্মদ ইসলাম**

শান্তি দ্বীপপুঞ্জ ইনস্টিটিউট পেনসিলভেনিয়া আয়োজিত ১১তম বার্ষিক সাংস্কৃতিক উদযাপন দিবস উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে অংশগ্রহন করেছে বাংলাদেশী একটি প্রতিনিধি দল। ৭ জুন বুধবার পেনসিলভেনিয়ার স্টেট ক্যাপিটল কমপ্লেক্স হ্যারিসবার্গে যোগ দেয়া অনুষ্ঠানে প্রতিনিধি দলটি বাংলাদেশকে

প্রতিনিধিত্ব করেছে। প্রতি বছরের মতো এই বছরও বার্ষিক এই ইভেন্টটিতে পেনসিলভেনিয়ায় বসবাসরত বিভিন্ন দেশের অধিবাসীদের সংস্কৃতি এবং ঐতিহ্যকে তুলে ধরা হয়। অনুষ্ঠানটিতে বাংলাদেশসহ প্রায় ২০টি দেশ অংশগ্রহন করে। অনুষ্ঠানের আয়োজকরা বলেছেন, এই সাংস্কৃতিক বহিঃপ্রকাশ ব্যক্তি এবং সম্প্রদায়ের বিভিন্ন সংস্কৃতি সম্পর্কে জানার এবং বোঝার একটি প্ল্যাটফর্ম হিসাবে কাজ করে। অনুষ্ঠানটি শুরু হয় আমেরিকার জাতীয় সংগীতের মাধ্যমে। জাতীয় সংগীতের পর পরই বিভিন্ন দেশের প্রতিনিধিরা সঙ্গীত, বাদ্যযন্ত্র এবং নৃত্যের মাধ্যমে তাদের দেশের প্রতিভা এবং সৃজনশীলতা তুলে ধরেন। এছাড়া দুপুরের

খাবারে ছিল বিভিন্ন দেশের সুস্বাদু খাবারের রকমারি আয়োজন, যাতে সবাই অংশগ্রহন করেন। এবছরের ইভেন্টে বাংলাদেশের প্রায় ৩০ সদস্যের বিশাল একটি দল অংশগ্রহন করেন। বাংলাদেশীদের দুইটি টেবিল দেয়া হয়েছিল বাংলাদেশের পতাকা, পোস্টার, ব্যানারসহ সেখানে বাংলাদেশের বিভিন্ন ঐতিহ্যবাহী জিনিসপত্র সাজিয়ে রাখা হয়েছিল। বাংলাদেশ দল প্যারেডে অংশগ্রহন এবং স্টেজে বাংলাদেশের দুইটি গান

পরিবেশন করার মাধ্যমে আমাদের দেশের সংস্কৃতি এবং ঐতিহ্যকে তুলে ধরার চেষ্টা করেন। বাংলাদেশ স্টলে পেনসিলভেনিয়ার হাউজ স্পিকার জোয়ানা ম্যাকক্লিনটন, স্টেট সিনেটর শেরিফ স্ট্রিট, নিকিল সাভাল, সেন ক্রিস্টিন টারটাগ্লিওন এবং জে কস্টা এবং স্টেট রিপ্রেজেনটিভ রিক ক্রাজেউস্কি, রনি গ্রীন,তারিক খান, মাইক স্টার্লা, জেরাড সলোমন, এডি ডে পাশিনস্কি, জিনা এইচ. কারি, জোসেফ জি হনেস্টিন, গ্রেগ ভিটালি এবং অরবিন্দ ভেঙ্কটসহ আরো অনেকেই উপস্হিত হয়ে অংশগ্রহণকারীদের উৎসাহ যুগিয়েছেন। আয়োজকরা অংশগ্রহনকারী প্রতিটি দেশকে তাদের অসাধারণ সাংস্কৃতিক ঐতিহ্য প্রদর্শন করার জন্য আন্তরিক কৃতজ্ঞতা এবং ধন্যবাদ জানিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন।

# শাহরিয়ার কবিরের কন্যার মৃত্যুতে নির্মূল কমিটি নিউইয়র্ক চ্যাপ্টারের শোক

**উত্তর আমেরিকা অফিস**



অর্পিতা শাহরিয়ার

বিশিষ্ট লেখক, সাংবাদিক, চলচ্চিত্র নির্মাতা ও একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির সভাপতি শাহরিয়ার কবিরের কন্যা অর্পিতা শাহরিয়ার কবির মুমুর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটি নিউইয়র্ক চ্যাপ্টার। ৮ই জুন বৃহস্পতিবারে তিনি ঢাকার বাসভবনে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৪১ বছর। উল্লেখ্য সাংবাদিক শাহরিয়ার কবিরের কন্যা অর্পিতা শাহরিয়ার মুমু লন্ডনে আইন বিষয়ে পড়ালেখা করতেন। ২০20 সালের জানুয়ারিতে মা ফাতেমা কবির ডানার মৃত্যুর কারণে তিনি দেশে আসেন। এরপর দেশেই ছিলেন। এক শোক বিজ্ঞপ্তিতে সংগঠনের পক্ষে সভাপতি ফাহিম রেজা নূর ও সাধারণ সম্পাদক স্বীকৃতি বড়ুয়া প্রয়াত অর্পিতা শাহরিয়ার কবির মুমুর আত্মার শান্তি কামনা করেন এবং শাহরিয়ার কবির ও পরিবারের সকলের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।




# বাংলাদেশ নিয়ে যুক্তরাষ্ট্রের তৎপরতা

প্রথম পৃষ্ঠার পর

উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। বাংলাদেশ বিষয়ে যুক্তরাষ্ট্রের অবস্থান এখন আর কিছু রুটিন বিবৃতির সীমানা অতিক্রম করেছে এবং পরিস্থিতিতি কোনদিকে গড়াচ্ছে, এ নিয়ে সরকারের মধ্যে উদ্বেগ উৎকণ্ঠা বিরাজ করছে।

আগামী জানুয়ারিতে জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে বাংলাদেশের অবনতিশীল মানবাধিকার পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করেছেন যুক্তরাষ্ট্রের ৬ জন কংগ্রেস সদস্য। ৮ জুন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিনকেনের কাছে লেখা চিঠিতে এ উদ্বেগের কথা জানানো হয়েছে। একইসঙ্গে সম্প্রতি নিষেধাজ্ঞা দেয়া র‍্যাবসহ আইন প্রয়োগকারী এজেন্সিগুলো মারাত্মকভাবে মানবাধিকার লঙ্ঘন করছে বলেও চিঠিতে উল্লেখ করা হয়েছে। এর জন্য অব্যাহতভাবে জবাবদিহিতা নিশ্চিত করার জন্য বাংলাদেশের প্রতি যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র মন্ত্রণালয় এবং অন্যান্য এজেন্সির প্রতি আহ্বান জানাতে অনুরোধ করেছেন তারা।

চিঠিতে স্বাক্ষরকারী কংগ্রেসম্যানরা হলেন- উইলিয়াম আর কেটিং, জেমস পি ম্যাকগভার্ন, বারবারা লি, জিম কস্তা, দিনা তিতাস ও জেমি রাশকিন। এতে তারা বলেছেন, যুক্তরাষ্ট্রের কর্মকর্তাদের বারবার এবং স্পষ্ট বিবৃতি এবং পদক্ষেপ গ্রহণ বাংলাদেশ সরকারকে তার মানবাধিকারের বাধ্যবাধকতাগুলো নিশ্চিত করতে সহায়ক হবে। বিশেষ করে আসন্ন নির্বাচনকে সামনে রেখে এটা খুবই গুরুত্বপূর্ণ। কারণ, এরই মধ্যে বিরোধী দলগুলোর বিরুদ্ধে গণগ্রেপ্তার ও সহিংসতা শুরু হয়েছে। এর ফলে নির্বাচনের ফল কলঙ্কিত হতে পারে। তাতে সামাজিক সংঘাত গভীর হতে পারে।

চিঠিতে তারা আরও বলেছেন, ২০২১ সালের ডিসেম্বরে র‍্যাব এবং এর তখনকার সাতজন ও সাবেক উচ্চ পদস্থ কর্মকর্তাদের বিরুদ্ধে দেয়া মার্কিন ভিসা নিষেধাজ্ঞাকে স্বাগত জানিয়েছেন। তারা বলেছেন, ওই প্রতিষ্ঠানটি মারাত্মকভাবে মানবাধিকার লঙ্ঘন করেছে বলে প্রমাণিত রিপোর্ট আছে।

এর প্রেক্ষিতে এমন ব্যবস্থা গ্রহণ প্রয়োজনীয় এবং যৌক্তিক ছিল। দুর্ভাগ্যজনক হলো, তা সত্ত্বেও বাংলাদেশে নিষ্পেষণ বন্ধ হয়নি। বার্ষিক মানবাধিকার রিপোর্ট ২০২২-এ বাংলাদেশের সম্মানজনক মানবাধিকার বিষয়ক সংগঠন অধিকার ৩১টি বিচারবহির্ভূত হত্যাকাণ্ড, ২১টি জোরপূর্বক গুম, জেলে ৬৮ টি মৃত্যু এবং র‍্যাব, ডিটেক্টিভ ব্রাঞ্চ ও একটি এজেন্সি দ্বারা ১৮৩ জন সাংবাদিকের ওপর আক্রমণ চালানো হয়েছে। এসব প্রামাণ্য ডকুমেন্ট সত্ত্বেও, ঘন ঘন মানবাধিকার লঙ্ঘনের ঘটনার কথা অব্যাহতভাবে প্রত্যাখ্যান করে যাচ্ছেন বাংলাদেশের সরকারি কর্মকর্তারা।

চিঠিতে তারা আরও বলেছেন, ২০২১ সালের ডিসেম্বরে যে নিষেধাজ্ঞা দেয়া হয়েছে তাতে বাংলাদেশি সমাজের অনেকেই মানবাধিকার লঙ্ঘনের বিষয়ে কথা বলার শক্তি পেয়েছেন। তারা এসব লঙ্ঘনের ঘটনা প্রত্যক্ষ করেছেন, প্রামাণ্য আকারে উপস্থাপন করেছেন। অথবা আইন প্রয়োগকারীদের বিভিন্ন এজেন্সির হাতে পড়ার মতো অভিজ্ঞতা অর্জন করেছেন। জবাবে নাগরিক সমাজের সংগঠন, মানবাধিকারের পক্ষের কর্মী, মানবাধিকার লঙ্ঘনের ভিকটিম ও তাদের পরিবারগুলো সরকারের তীব্র প্রতিশোধের মুখে পড়েছে।

# ন্যূনতম মজুরি

প্রথম পৃষ্ঠার পর

মেয়র এরিক অ্যাডামস সাংবাদিকদের জানায়। অ্যাডামস বলেন, "যারা তুষারপাতের সময়ে আপনার জন্য পিৎজা নিয়ে আসে, এবং সেই থাই খাবার যা আপনি বৃষ্টিতে পছন্দ করেন। এই নতুন ন্যূনতম বেতনের হার এই শ্রমিকদের এবং তাদের পরিবারকে জীবিকা অর্জনের নিশ্চয়তা দেবে। তারা আপনার পরিবারের কাছে খাবার সরবরাহ করতে পারবে না, যদি না তারা তাদের পরিবারের খাবারের প্লেটে খাবার রাখতে না পারে।" জানা যায়, নিউইর্য়কের হাজার হাজার ডেলিভারি কর্মী আগামী ১২ জুলাইয়ের মধ্যে প্রতি ঘন্টায় কমপক্ষে টিপস বাদে ১৭.৯৬ ডলার এবং ২০২৫ সালের মধ্যে কমপক্ষে ১৯.৯৬ ডলার প্রতি ঘন্টা উপার্জন করবে। আরো জানা যায় প্রতি ঘণ্টায় ১৯.৯৬ ডলার বেতনের হার গত নভেম্বরে নিউইর্য়কে ভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগ দ্বারা প্রস্তাবিত ঘন্টায় ২৩.৮২ ডলারের এর চেয়ে কম। তবে এই বিভাগের দেয়া তথ্যানুসারে ডেলিভারি কর্মীরা বর্তমানে এখন যা উপার্জন করছে তার থেকে প্রায় তিনগুণ বেশি। যদিও জনপ্রিয় খাবার সরবরাহকারী অ্যাপ ডোরড্যাশের মুখপাত্র ইলাই শেইনহোল্টজ বলেন যে কোম্পানি নতুন বেতন বিধি নিয়ে সিটির বিরুদ্ধে মামলা করার কথা বিবেচনা করছে। তবে নতুন ন্যূনতম বেতনের হার বৃদ্ধি সম্পর্কে ভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগের কমিশনার ভিলদা ভেরা মায়ুগা বলেন, এই ন্যূনতম মজুরি ভাল বেতন নিশ্চিত করবে এবং অ্যাপ এবং কর্মী উভয়ের জন্য স্বস্তি বয়ে আনবে। তিনি আরও বলেন, এই শ্রমিকদের একটি মর্যাদাপূর্ণ বেতন অর্জন নিশ্চিত করা সমাজের কর্মীদের সমতার একটি বিষয়।

# নির্বাচনে তৃতীয় প্রার্থী কর্নেল ওয়েস্ট?

প্রথম পৃষ্ঠার পর

ডোনাল্ড ট্রাম্পের প্রতিদ্বন্দ্বিতা অনেকটাই অবশ্যাম্ভাবী হয়ে উঠেছে।

ক্ষমতাসীন প্রেসিডেন্ট হিসেবে দ্বিতীয় দফা নির্বাচন করবেন বলে এরমধ্যেই ঘোষণা দিয়েছেন জো বাইডেন। বয়সজনিত সমস্যা এবং অন্য কোন অঘটন না ঘটলে তিনিই ডেমোক্র্যাট দলের প্রার্থী। প্রাইমারির অনুষ্ঠানিকতা ছাড়া আপাতত তাঁর সামনে কোন বাঁধা নেই। কোন কারনে তিনি প্রার্থিতা থেকে শেষ মুহূর্তে সরে দাঁড়ালে পরিস্থিতিতি আরও নাটকীয় হয়ে উঠবে ডেমোক্র্যাটদের জন্য। রিপাবলিকান দলের প্রার্থীতায় ডোনাল্ড ট্রাম্প এগিয়ে আছেন অন্য সব প্রার্থী থেকে। একের পর এক মামলা এবং সর্বশেষ ফেডারেল মামলা মোকাবেলা করেই তিনি

প্রার্থীতায় থাকছেন। রিপাবলিকান দলের প্রাইমারীতে ট্রাম্পকে চ্যালেঞ্জ করতে পারেন, এমন কাউকে এখনো দেখা যাচ্ছে না। দলীয় পরিচয়ের বাইরে ডেমোক্র্যাট ও উদারনৈতিক রিপাবলিকান ঘরানার লোকজন

প্রেসিডেন্ট পদে তৃতীয় একজনকে দেখার জন্য ব্যাপক আলোচনা হচ্ছে। 'ইউনিটি টিকেট' নামের একটি তৃতীয় স্রোতে দাঁড়িয়ে কাকে প্রার্থী করা হবে, এ নিয়েও আলোচনা শুরু হয়ে গেছে। ঘুরেফিরেই আমেরিকার খ্যাতনামা উদারনৈতিক বুদ্ধিজীবী কর্নেল ওয়েস্টের নাম আসছে।

নিউজ ন্যাশন নামের সংস্থার সর্বশেষ প্রকাশিত জরীপে দেখা গেছে আমেরিকার ৪৯ শতাংশ এ সংক্রান্ত প্রশ্নের জবাবে বলেছে , বাইডেন-ট্রাম্প লড়াই হলে তাঁর ভিন্ন কোন প্রার্থিকে ভোট প্রদানের বেলায় অগ্রাধিকার প্রদান করবে। এনবিসি পরিচালিত জরীপে গতমাসে দেখা গেছে আমেরিকার ৭০ শতাংশ লোকজন মনে করে জো বাইডেন আবারও প্রেসিডেন্ট পদে প্রার্থী না হওয়াই উচিৎ। ট্রাম্পের বেলায় এ

সংখ্যা ৬০ শতাংশ বলে একই জরীপে দেখা গেছে। মিশিগান থেকে নির্বাচিত সাবেক রিপাবলিকান কংগ্রেসম্যান ফ্রেড আপটন বলেছেন

,প্রায় ৩৫ কোটি লোকের দেশ আমেরিকায় আমরা তৃতীয় একজন প্রার্থিকে কেন নির্বাচনে দেখছি না। ফ্রেড আপটন ' উইনিটি টিকেট' নিয়ে কাজ করছেন। তিনি বলেছেন, অন্যান্য সমস্যা ছাড়াও বয়সের ভার দুই প্রার্থীকে তাড়া করছে। ৬০ বছর বয়েসের জো বাইডেন এবং ৭৬ বছর বয়সী ডোনাল্ড ট্রাম্পকে নিয়ে ঘুরপাক খাচ্ছে আমেরিকার আগামী নির্বাচন। কর্নেল ওয়েস্ট আমেরিকার পরিচিত নাগরিক সংগঠক। দীর্ঘদিন থেকে মার্কিন সমাজে নানা বৈষম্য নিয়ে তিনি সোচ্চার ভূমিকা রেখে আসছেন। নিজেকে ২০২৪ সালের নির্বাচনের জন্য নির্দলীয় প্রার্থী হিসেবে ঘোষণা করেছেন। গত সপ্তাহে দেয়া এক সাক্ষাতকারে কর্নেল ওয়েস্ট বলেছেন, জো বাইডেন ডেমোক্র্যাট দলের একজন 'কেয়ার টেকার' প্রেসিডেন্ট। প্রথম চার বছরের পর ডেমোক্র্যাট দল আর ' কেয়ার

টেকার' প্রেসিডেন্ট দিয়ে কিছু করতে পারবে না। তিনি বলেন, ডেমক্র্যাট দল তাঁকে সমর্থন না করলে কাকে করতে পারে ! যে দল শ্রমজীবী ও দরিদ্র মানুষকে তাদের কর্কান্ডের সামনে রাখে। এমন বাস্তবতায় তাঁকে দিয়েই দলটি আগামী দিনে এগিয়ে যেতে পারে বলে কর্নেল ওয়েস্ট আশাপ্রকাশ করেন। যুক্তরাষ্ট্রের রাজনৈতিক বাস্তবতায় কর্নেল ওয়েস্টের নির্বাচিত হওয়ার কোন সম্ভাবনা নেই। কুক পলিটিক্যাল রিপোর্টের প্রধান সম্পাদক অ্যামি ওয়াল্টার বলেছেন, কর্নেল ওয়েস্টের প্রার্থিতা প্রেসিডেন্ট জো বাইডেনের ক্ষতির কারণ হয়ে দাঁড়াবে। রবার্ট এফ কেনেডি জুনিয়র ডেমোক্র্যাট দলের হয়ে প্রার্থিতা ঘোষণা করলেও কর্নেল ওয়েস্ট বাইডেনের বেশি ক্ষতি করবেন বলে তিনি মনে করেন।

কারণ ডেমোক্র্যট দলে উদারনৈতিক স্রোতের উপর একজন বুদ্ধিজীবী হিসেবে ওয়েস্ট বেশ প্রভাব রাখেন এবং তাঁকে উদারনৈতিক ভাবাদর্শের একজন দার্শনিক হিসেবে দেখা হয়।

রিপাবলিকান বিশ্লেষক ক্যালিয়েন কনওয়ে বলেছেন, প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হওয়ার সম্ভাবনা না থাকলেও, কে নির্বাচিত হবেন তার নির্ধারক হয়ে উঠতে পারেন তৃতীয় প্রার্থী। আমেরিকার নিকট অতীতের ইতিহাসে তৃতীয় প্রার্থী হিসেবে রস পেরো বা রালফ নাদের অন্য প্রার্থীর ক্ষতির কারণ হয়েছেন। নির্বাচনের ফয়াফলও পাল্টে যেতে পারে এমন তৃতীয় প্রার্থীর কারনে। ১৯৯২ সালে রস পেরো ১৯ শতাংশ ভোট পেলেও কোন ইলেক্টোরেল ভোট সংগ্রহ করতে পারেননি। যদিও রিপাবলিকান দলের অভিযোগ, রস পেরোর কারণেই রিপাবলিকান দলকে সে নির্বাচনে হারতে হয়েছে। ২০০০ সালেও রালফ নাদের রিপাবলিকান দলের জর্জ বুশের সমূহ ক্ষতির কারণ হয়ে দাঁড়িয়েছিলেন। সামান্য ভোটের ব্যবধানে আল গোরের সাথে জর্জ বুশকে নির্বাচিত হতে হয়েছে। একইভাবে ২০১৬ সালের নির্বাচনে গ্রিন পার্টির প্রার্থী জিল স্টেইন ডেমোক্র্যাটদের ক্ষতি করেছেন এবং মাত্র এক শতাংশ জনপ্রিয় ভোটে ট্রাম্প নির্বাচিত হয়েছিলেন। যুক্তরাষ্ট্রের ২০২৪ সালের নির্বাচনের এখনও এক বছরের বেশি সময় বাকী। যদিও এরমধ্যেই রাজনীতি নানা বাঁক নিতে শুরু করেছে। মানুষের মধ্যে বাইডেন- ট্রাম্পকে নিয়ে বিরক্তি স্পষ্ট হয়ে উঠেছে। ডেমোক্র্যাট দল উদারনৈতিক ও মধ্যপন্থীদের উপর ব্যাপকভাবে ভরসা করে। তৃতীয় প্রার্থী হিসেবে কর্নেল ওয়েস্ট প্রার্থী হলে ডেমোক্র্যাটদের ভোট ভাগ হয়ে পড়বে, তা যেমন নিশ্চিত তেমনি ডানপন্থী কোন প্রার্থির উপস্থিতিতি রিপাবলিকানদেরও দুশ্চিন্তার কারণ হতে পারে। এ নিয়ে আগামী কয়েক মাস আমেরিকার রাজনীতি সরগরম থাকবে বলে অবস্থাদৃশ্যে মনে হচ্ছ।

# জালালাবাদ অ্যাসোসিয়েশনে চলছে

প্রথম পৃষ্ঠার পর

চেতনায় ঐক্যবদ্ধ হওয়ার দাবী জানাচ্ছেন প্রবাসী জালালাবাদবাসীরা।

**যেভাবে সমাধান হতে পারে**

নিউইয়র্কে বসবাসরত সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার জেলার লোকজন সবাই সংগঠন না করলেও জালালাবাদ অ্যাসোসিয়েশনকে তাদের সাংগঠনিক ছাতা হিসেবে মনে করেন। এসব লোকজন মনে করছেন, বিবাদমান উভয় পক্ষই পরিস্থিতি নিয়ন্ত্রণে ব্যর্থ হয়েছেন এবং অঞ্চলবাসীর জন্য দূর দেশে লজ্জার কারণ হয়ে দাঁড়িয়েছেন। তাঁরা জনসমাজের অগ্রসর এবং সর্বজনগ্রাহ্য ব্যক্তিত্ব হিসেবে ডাঃ জিয়াউদ্দীন আহমেদ, সুব্রত বিশ্বাস, প্রবীন সাংবাদিক মাহবুবুর রহমান, মোহাম্মদ চৌধুরী( রানা চৌধুরী), সৌদ চৌধুরী, অ্যাটর্নি মঈন চৌধুরী সহ অন্যান্যদের সক্রিয় ভূমিকা পালন করার আহ্বান জানাচ্ছেন। এসব অগ্রসরজন উভয় পক্ষকে 'বাইন্ডিং আরবিট্রেশন' এর আওতায় এনে দ্রুত পরিস্থিতি নিয়ন্ত্রণ করার তাগিদ দেয়া হচ্ছে এবং এ নিয়ে তৎপরতাও শুরু হয়েছে।

**নেপথ্য কথা**

জালালাবাদ বলতে বাংলাদেশের কোন অঞ্চল কোথাও নেই। ইতিহাসেও এমন কোন প্রমাণ নেই সিলেট অঞ্চলের কোন অঞ্চল জালালাবাদ নামে ছিল। বাংলাদেশ স্বাধীন হওয়ার পর সিলেট জেলা চার ভাগে বিভক্ত হয়ে পড়ে। সিলেট, সুনামগঞ্জ, হবিগঞ্জ ও মৌলভীবাজার। এ চার জেলার লোকজনের মধ্যে সাংস্কৃতিক ঐক্য বিরাজমান। 'সিলেটী ভাষায়' তাঁরা কথা বলেন। পূর্ব বাংলার মানুষের প্রবাসযাত্রার অগ্রদূত এ অঞ্চলের মানুষ। আমেরিকায়ও এ অঞ্চলের মানুষজনই অভিবাসনের গোড়াপত্তনের পথিকৃৎ। নিজেদের মধ্যে ঐক্য, সহমর্মিতা এবং পারস্পরিক বন্ধন এ অঞ্চলবাসীর অনন্য বৈশিষ্ট্য। বর্তমানে চার জেলার লোকজন আমেরিকা সহ দেশে প্রবাসে জালালাবাদ অ্যাসোসিয়েশন নামে ঐক্যবদ্ধ থাকেন। নিউইয়র্কে দীর্ঘদিন থেকে একটি শক্তিশালী সংগঠন হিসেবে পরিচিত। একসময় অগ্রসর লোকজন এ সংগঠনের সাথে জড়িত থাকলেও ক্রমশ তাঁরা নিজেদের গুটিয়ে নিয়েছেন। নিজেদের বলয়ে ভোটার তালিকাভুক্তি করে সংগঠনের নেতৃত্ব দখল করে রাখার প্রক্রিয়া শুরু হয়েছে গত এক দশক থেকে। অন্য আরও দু'দশটা আঞ্চলিক সংগঠনের মতো জালালাবাদ অ্যাসোসিয়েশনও এখন হয়ে উঠেছে সংঘাত আর বিদ্বেষের আবাদে নিত্য ব্যস্ত থাকা কিছু মানুষের লীলাক্ষেত্র।

**বর্তমান বিরোধের নেপথ্যে**

গত নির্বাচনে নির্বাচিত সাধারণ সম্পাদক মঈনুল ইসলাম সাংগঠনিক নিয়ম লঙ্ঘন করে একটি বাড়ি ক্রয় করে জালালাবাদ ভবন নামে সাইনবোর্ড ঝুলিয়েছেন। সংগঠনের অর্থ যথাযত অনুমোদন ছাড়া উত্তোলন করে , নিজের অর্থও যুক্ত করে নিজের নামে ভবন ক্রয় করেছেন। এ নিয়ে সংগঠনের সভাপতি বদরুল খান সহ অন্যান্য নিয়ন্ত্রকরা বেঁকে বসেছেন। সাবেক সভাপতি, সাধারণ সম্পাদকরা সমঝোতার চেষ্টা করেও ব্যর্থ হয়েছেন। সভাপতি বদরুল খান এবং সাধারণ সম্পাদক মঈনুল ইসলামের পক্ষে বিভক্ত হয়ে পড়েছেন বিপুল সংখ্যক লোকজন। এক পক্ষ মনে করেন , সংগঠনকে পাশ কাটিয়ে যে বাড়ি ক্রয় করা হয়েছে , সেখানে প্রচুর অনিয়ম রয়েছে। আর্থিক অস্বচ্ছতাও রয়েছে। এ বাড়ির সংগঠনের জন্য বোঝা হয়ে দাঁড়াবে। অন্যপক্ষ মনে করেন, যেভাবেই হোক একজন মঈনুল ইসলাম সংগঠনের নামে বাড়ি করে ফেলেছেন। এখন সাংগঠনিক নিয়ম অনিয়মকে পাশ কাটিয়ে হলেও বাড়িটি জালালাবাদ অ্যাসোসিয়েশনের হয়ে উঠুক।

**গত সপ্তাহের সাধারণ সভা**

১১ জুন রোববার কুইন্সের কুইন্স প্লাজায় অনুষ্ঠিত সাধারন সভা পরিস্থিতির কোন সমাধান এনে দেয়নি। বরং নাজুক করেছে। সভার শুরুতেই সাময়িক বহিস্কৃত সাধারন সম্পাদক মইনুল ইসলাম দলবল নিয়ে সভাস্থলে হৈচৈ শুরু করেন। সভাপতি বদরুল খান মাইক্রোফোন হাতে নিয়ে সভা পরিচালনা করার জন্য ভারপ্রাপ্ত সাধারন সম্পাদক রোকন হাকিমকে আহবান জানান। এ সময় ক্ষোভে ফেটে পড়েন মইনুল ইসলাম। তিনি পোডিয়ামের সামনে গিয়ে চিৎকার করে বলতে থাকেন, আমি নির্বাচিত সাধারন সম্পাদক। রোকনের ভারপ্রাপ্ততা অবৈধ। এ সময় মইনুলের কিছু সর্মথকও এগিয়ে আসেন। এক পর্যায়ে উভয় পক্ষের মধ্যে ধাক্কাধাক্কি শুরু হয়। মইনুল এক পর্যায়ে মাইকের ইলেকট্রিক তার ছিঁড়ে ফেলেন। শুরু হয় উভয় পক্ষের হাতাহাতি। কিছুটা পিছিয়ে আসেন মইনুল। রাগে ক্ষোভে তিনি দ্বিতীয় সারির টেবিলটি উল্টে ফেলে দেন। বদরুল খানের সর্মথকরা চড়াও হন মইনুল ও তার সর্মথক রনেলের ওপর। এক পর্যায়ে পুলিশের হস্তক্ষেপে মইনুল ইসলামকে হল থেকে বের করে দেয়া হয়। মইনুলকে অনুসরণ করেন তার সর্মথকরাও। বাইরে সমাবেশ করে তাঁরা সাধারণ সভাকে অবৈধ উল্লেখ করে ১৮ জুন রোববার সন্ধ্যায় কুইন্স প্যালেসে আরেকটি সাধারণ সভা আহ্বান করেছেন।

**১১ জুনের সাধারণ সভার নানা ঘটনা**

প্রাইভেট সিকিউরিটি দিয়ে দেহ তল্লাসি করে লোকজনকে হলে পরবেশ করতে হয়েছে। জালালাবাদ অ্যাসোসিএশনের মতো একটি সামাজিক সংগঠনের সভায় এমন দেহ তল্লাসি করে প্রবেশের ক্ষুব্দ প্রতিক্রিয়া জানিয়েছেন অনেকেই। এমনকি সংবাদপত্রের লোকজনকে আমন্ত্রণ করেও দেহ তল্লাসির ব্যবস্থার সমালোচনা করেছেন অনেকেই।

এ নিয়ে সংগঠনের সভাপতি বদরুল খানকে জিজ্ঞেসে করা হলে তিনি বলেন জননিরাপত্তার জন্য হুমকি থাকলে , সাবধানতার জন্য সিকিউরিটি চেক একটি স্বাভাবিক ব্যবস্থা। নামে, বেনামে ফোনে হুমকি দেয়া হয়েছে। নিরাপত্তা নিশ্চিত করার জন্য পুলিশকেও জানানো হয়েছে। নির্দিষ্ট কাউকে অপমান করার জন্য সিকিউরিটি চেক করার ব্যবস্থা নেয়া হয়নি বলে বদরুল খান বলেছেন।

১১ জুন সাধারণ সভার বাইরে কিছু বিদশী লোক এবং গৃহহীন লোকদের 'ঐক্য চাই - ভবন চাই' ব্যানার হাতে নিয়ে দাঁড়িয়ে থাকতে দেখা গেছে। বলাই বাহুল্য এসব লোকদের ভাড়া করেছিলেম মঈনুল ইসলাম। এ ঘটনাকে লজ্জাজনক এবং সংগঠনের জন্য অপমানজনক বলে অনেককেই ক্ষুব্ধ প্রতিক্রিয়া জানাতে দেখা গেছে। এ বিষয়ে মঈনুল বলেছেন, দাবিগুলো সঠিক। কে তা নিয়ে দাঁড়িয়ে থাকলো সেটা বড় বিষয় নয়। নাথিং ওয়াজ রং দেয়ার !

**মঈনুলকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়া হয়নি**

আত্মপক্ষ সমর্থনের কোন সুযোগ না দিয়েই সাধারণ সম্পাদক মঈনুলকে বহিষ্কার করা হয়েছে বলে অনেকেই মনে করছেন। সাধারণ সভা চলাকালীন সাবেক সভাপতি রানা ফেরদৌস চৌধুরী এবং সাবেক সাধারণ সম্পাদক জুনেদ খান মঈনুলকে আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেয়ার কথা বলেছেন। এ নিয়ে কোন আলোচনা না হওয়া প্রসঙ্গে বদরুল খান বলেছেন, সভায় প্রবেশ করেই যে বিশৃংখলা সৃষ্টি করেছে তাঁকে আত্মপক্ষ সমর্থনের কোন সুযোগ নেয়ার অবকাশ ছিল না সভায়।

**বিয়ানীবাজার ফ্যাক্টর**

নিউইয়র্কে জালালাবাদ অ্যাসোসিয়েশন বিয়ানবাজার উপজেলাবাসীর কাছে জিম্মি বলে প্রচার রয়েছে। দীর্ঘদিন থেকে এ উপজেলার লোকজন ভোটার তালিকাভুক্তিতে এগিয়ে থাকেন। যারা জালালাবাদ সহ বাংলাদেশ সোসাইটির নেঋত্ব দেয়ার ইচ্ছে, তাঁরাই এসব ভোটার তালিকাভুক্তিতে ভূমিকা রেখে থাকেন। শুধু নিউইয়র্কে নয় প্রবাসের প্রতিটি শহরে সিলেটের বিয়ানীবাজারবাসীর মধ্যে আলাদা ঐক্য রয়েছে। যদিও নিউইয়র্কে এখন বিয়ানীবাজারের একাধিক নেতা উপজেলাবাসীকে নিয়ে বিবাদ বিভক্তিতে রয়েছেন। তবুও জালালাবাদ অ্যাসোসিয়েশনের নেতৃত্বে সভাপতি বদরুল খান বিয়ানীবাজারবাসীর শক্তিতে পরিচালিত এবং যেকোন আলোচনায় তাঁর অনড় অবস্থানের এটাই শক্তি। এ নিয়ে প্রথম আলো উত্তর আমেরিকার প্রশ্নের উত্তরে বদরুল খান জানান, কোন এলাকার মানুষ ঐক্যবদ্ধ থাকাটা একটা ভালো বৈশিষ্ট্য। বিয়ানীবাজারের ভোটাররাই সাম্প্রতিক সময়ে এ উপজেলার বাইরের লোকজনকে বহুবার জালালাবাদের সভাপতি পদে নির্বাচিত করেছেন বলে তিনি উল্লেখ করেন।

**বিভেদের আবাদকারীরা**

নিউইয়র্কে কোন সংগঠন ভাঙ্গনের সম্মুখীন হলে কিছু চিহ্নিত লোকজনকে সক্রিয় হতে দেখা যায়। এরা কখনো কোন পক্ষ থেকে সুবিধা নেয়ার জন্য, কখনো নিজেদের স্বভাবজাত বৈশিষ্ট্যের জন্যই বিভেদকে উস্কে দিতে সক্রিয় দেখা যায়। জালালাবাদের ত্রাহি অবস্থার সৃষ্টির পেছনেও এমন লোজনের ইন্দন স্পষ্ট হয়ে উঠেছে বলে অনেকে মন্তব্য করেছেন। কেউ কেউ বলেছেন, যারা একের পর এক সংগঠন ভাঙ্গে, ঐক্য ও সহমর্মিতার কথার বাণী তাদের কাছে পরিহাসের বিষয়। এসব লোকজনের তৎপরতার দিকে সতর্ক দৃষ্টি দিয়ে সমস্যার আশু সমাধান আকাঙ্ক্ষা করছেন বৃহত্তর সিলেট অঞ্চলের নিউইয়র্কে বসবাসরত লোকজন।

# কমরেড সিরাজুল আলম খান

প্রথম পৃষ্ঠার পর

বিশ্বে তখন পুজিবাদ আর মার্কসবাদের লড়াই। বিশ্বের মানুষ ঝুঁকছে সমাজিক সাম্যের দিকে। মুক্তিযুদ্ধের তরুণ নেতৃত্বের একটা অংশ তখনই এ বার্তা নিয়ে মাঠে নামেন। একদিকে মুজিববাদের স্লোগান, আরেকদিকে মার্কসবাদের মোহনীয় প্রচারণা।

আমাদের মতো তারুণ্যের কাছে তখনই একজন সিরাজুল আলম খান পরিচিত হয়ে উঠেন। মুক্তিযুদ্ধে অংশ নেয়া ছাত্র নেতৃত্বের বিদ্রোহের নেপথ্যের বহু বিষয় তখন আমাদের অজানা। এমনকি মুক্তিযুদ্ধকালীন সময়ে জাতীয় নেতৃত্বের চরম বিরোধের বিষয়টিও আমাদের জানার কোন সুযোগ ছিল না। বহুকিছুই জানা গেছে বা জানা যাচ্ছে অনেক পরে। নানাভাবে রচিত ইতিহাস পরখ করে। এখনও এমন বহু বিরোধ বিভক্তির কোন স্পষ্ট ঘটনার নির্মোহ বিবরণ আমাদের কাছে নেই।

যদি ফিরে যাই বাহাত্তর তেহাত্তর সালে, দেখা যায় একজন সিরাজুল আলম খান আমাদের কাছে ত্রাতা হয়ে দাঁড়িয়েছেন। তাঁর নামেই জাসদ নামের রাজনৈতিক দল দ্রুত সংগঠিত হয়েছে। তাঁর নামই কেবল শুনেছি। কোথাও কোন সভায় তাঁকে বক্তৃতা দিতে দেখিনি সে সময়টিতে। পরিবর্তনের উচ্ছ্বাসে মাতোয়ারা আমাদের মতো লাখো তারুণ্যের কাছে তিনি ছিলেন একজন ফ্রিডরিখ এঙ্গেলস। কার্ল মার্ক্সের দর্শন নিয়ে সদ্য স্বাধীন দেশে সময়ের আহ্বান আমাদের একটি প্রজন্মকে তাড়িত করেছে।

রাষ্ট্রযন্ত্রে ঘুরে ফিরে একই গোষ্টি, যারা শোষক। যারা মেহনেতি জনগণকে শোষণ করার জন্য রাষ্ট্র কাঠামোকে ব্যবহার করছে। এ কাঠামো ভেঙ্গে ফেলার আহ্বানে জীবন বাজী রাখতে সেসময়ের তারুণ্য জোট বাঁধতে শুরু করে। আমাদের কাছে সিরাজুল আলম খান একজন হ্যামিলনের বাঁশীওয়ালা হয়ে উঠেন।

সময় দ্রুত গড়াতে থাকে। ইতিহাস ইতিহাসের নিয়মে এগিয়েছে। জাতীর জনক হিসেবে উপাধি দেয়া স্বাধীনতার নায়ককে হত্যা করা হয়েছে নির্মমভাবে। পঁচাত্তরের ১৫ আগস্ট বঙ্গবন্ধুকে হত্যার সাথে জাসদের কোন সম্পৃক্ততা ছিলো না ঠিকই। কিন্তু বাংলাদেশ জুড়ে তখন বঙ্গবন্ধুর প্রকাশ্য বিরোধিতার অগ্রভাগে ছিল জাসদ। মনে পড়ে, মাত্র হাতেগুনা কয়েকজন জাসদ কর্মীর জন্য থানা পাহারা দিতে রক্ষীবাহিনী বসাতে হয়েছিল। রক্ষীবাহিনীর হাতে বহু জাসদ কর্মী নিহত হয়েছেন। জীবনের ঝুঁকি নিয়ে শাসকদের টনক নাড়িয়ে দেয়ার কাজে জাসদের কর্মকান্ড আজকের দিনে চিন্তাও করা যায় না। জাসদ কর্মীদের কাছে তখন কিউবা সহ দক্ষিণ আমেরিকার বিপ্লবী কর্মকান্ডকে আদর্শ মনে করা হতো। ইতিহাসের এ অধ্যায়টি দীর্ঘ হয়নি। দীর্ঘ হলে কী হতো? এমন প্রশ্নের উত্তর খোঁজা এখন অবান্তর। পঁচাত্তরের ১৫ আগস্টের পরিবর্তন এবং দ্রুত পরিবর্তনশীল বিশ্বরাজনীতি অনেক কিছুই পাল্টে দিয়েছে। সে ইতিহাস, সে আলোচনাও ভিন্ন। বাংলাদেশের রাজনীতিতে সবচেয়ে বঞ্চিত আর সবচেয়ে মূল্য দেয়া দলের নাম জাসদ। কতো মেধাবী তারুণ্যের যৌবন গেছে বিপ্লবের অলীক স্বপ্ন দেখে। কতোজনের মৃত্যু

হয়েছে, কতো পরিবার স্বজনহারা হয়েছে, নিঃস্ব হয়েছে; এর কোন হিসেব কাউকে কোনদিন করতে দেখা যায়নি। কতো যুবকের যৌবন প্রেমহীন গেছে, নারীকে নয় 'বিপ্লব'কে ভালোবেসে ! কোন নেতাও এসবের কোন দায় নেননি। যাদের দেখে তারুণ্যের দঙ্গল জীবনকে বাজী রেখেছে, তাদের কেউ কেউ নানা কিছু আঁকড়ে ধরে নিজেরাই আত্মরক্ষার চেষ্টা করেছেন বা করছেন। লেখাপড়া ছেড়ে বিপ্লবের মোহে বিভোর কতোজনের জীবন ভিন্ন হয়েছে, তার হিসেব কে করবে! স্বাধীন বাংলাদেশের রচিত ইতিহাসে জাসদ অনুসারীদের ত্যাগকে ' সিস্টেম লস' হিসেবেই দেখা হয়।

জাসদের রাজনীতি সবসময় পরিচালিত হয়েছে সিরাজুল আলম খানের নামে। প্রকাশ্যে দলের কোন কর্মীসভায়ও তাঁকে যোগ দিতে দেখা যায়নি। ফলে তাঁর নামে চলা সব কর্মসুচী, দলের সব সিদ্ধান্ত তাঁর পরামর্শেই হয়েছে, এমন সন্দেহ বিভিন্ন সময়ে প্রকট হয়েছে। দেশে বা দেশের বাইরে আসলেও সিরাজুল আলম খান কোন কিছুই স্পষ্ট করে বলতেন না। তাঁকে প্রশ্ন করে কোন উত্তর পাওয়া যেতো না। মেধায় ও কর্মে এমন উচ্চতার লোকজনের সাথে তর্ক করা যায় না। জানার আগ্রহ প্রকাশ করা যায়। এমন চেষ্টা সিরাজুল আলম খানের সাথে করে সব সময়ই ব্যর্থ হতে হয়েছে। জাসদ গঠনের মুল পরিকল্পনা, নেপথ্য কারণ, গণ বাহিনী গঠন, পঁচাত্তরের ১৫ আগস্ট, সাত নভেম্বর, ভারতীয় হাই কমিশনারকে জিম্মি করার ঘটনা-এসব নিয়ে যেকোন প্রশ্নের উত্তর তিনি এড়িয়ে গেছেন।

আমাদের মুক্তিযুদ্ধ সহ জাতীয় জীবনের এমন গুরুত্বপূর্ন প্রশ্নগুলোকে এড়িয়ে যেতে দেখেছি সময়ের অন্যান্য নায়কদেরও। মুক্তিযুদ্ধের প্রধান সেনাপতি মরহুম জেনারেল ওসমানীকে বা মুক্তিযুদ্ধের অতিরিক্ত সহ-সর্বাধিনায়কে লে. কর্নেল এ আর চৌধুরীকেও এমন কোন প্রশ্ন করলে, তাঁরা এড়িয়ে যেতেন। মনে হতো কিছু গোপন করার চেষ্টা করছেন তাঁরা।

নিজেদের কর্ম, ভাবনা ও অবস্থান নিয়ে কেন অস্পষ্টতা রাখলেন তাঁরা? এ প্রশ্ন আমার মতো অনেককেই তাড়া করেছে। এরমধ্যে সিরাজুল আলম খান পুরোই একজন রহস্য মানব হিসেবে বিচরণ করেছেন। ইতিহাসের দায়, নেতৃত্বের দায় কাউকে না কাউকে নিতে হবে। সব এড়িয়ে যাওয়া যায়। ইতিহাস এড়িয়ে যাওয়া যায় না। নীরবতা বা অস্পষ্টতা ইতিহাসের পাঠকে কেবল দুরূহ করে তুলে মাত্র। সিরাজুল আলম খান নিজেকে রহস্যের মধ্যেই রেখেই চলে গেলেন।

তাঁর মৃত্যুর মধ্য দিয়ে বাংলাদেশের রাজনীতিতে সিরাজুল আলম খান অধ্যায়ের সমাপ্তি ঘটেছে বলে মনে করার কোন কারণ নেই। বাংলাদেশের স্বাধীনতার ইতিহাস তাঁর নাম বাদ দিয়ে লিখা যাবে না। দেশের স্বাধীনতার মুল নায়কদের একজন ছিলেন। দেশের পতাকা নয়, মায়ের শাড়ির আঁচল পেঁচিয়ে তাঁকে সমাহিত করার কথা বলে গেছেন। তাঁকে শেষবারের মতো দেখার জন্য কোন আয়োজনে যেন না যাওয়া হয়, তাও বলে গেছেন। অকৃতধার ছিলেন। মেধা ও ব্যক্তিত্ব তাঁকে নায়কের মর্যাদা দিয়েছে। দেশের রাজনীতিতে, দেশের ইতিহাসে তাঁকে সঠিক মূল্যায়ন করা হয়নি। তাঁকে নিয়ে ভক্ত অনুরাগীদের উচ্ছ্বাস অনুরক্ততা যতটা ছিল, অন্যদের সন্দেহ আর অবজ্ঞা ছিল তারচেয়েও বেশি। সিরাজুল আলম খান তাঁর জ্ঞান ও পাণ্ডিত্যে আন্তর্জাতিক পরিমন্ডলেও খ্যাতিমান ছিলেন। আমেরিকার নামকরা বুদ্ধিজীবীরা তাঁকে সমীহ করতে দেখেছি। রাজনীতি ও সমাজবিজ্ঞান নিয়ে আমেরিকার বিভিন্ন ইউনিভার্সিটিতে বক্তৃতা দিয়ে কাটিয়েছেন উল্লেখযোগ্য সময়। মার্কসীয় দর্শনকে আমলে নিয়ে বাংলাদেশের জনগণকে শ্রমজীবী-কর্মজীবী-পেশাজীবী হিসাবে বিভক্ত করে 'রাষ্ট্রীয় রাজনৈতিক' মডেল হাজির করেছিলেন। সংসদে 'অঞ্চল ভিত্তিক' প্রতিনিধিত্বের পাশাপাশি 'পেশা ভিত্তিক' প্রতিনিত্বের

ব্যবস্থা সংবলিত 'দুই কক্ষ' বিশিষ্ট পার্লামেন্ট গঠনের প্রস্তাব করেছিলেন।

ফেডারেল সরকার ব্যবস্থা প্রবর্তন, বাংলাদেশকে কয়েকটি প্রদেশে ভাগ করে প্রাদেশিক পরিষদ নির্বাচন এবং প্রাদেশিক সরকার গঠনের কথা বলেছেন। ব্রিটিশ-পাকিস্তানি ঔপনিবেশিক আইন ব্যবস্থা ও শাসন কাঠামোর পরিবর্তে স্বাধীন দেশের উপযোগী শাসন ব্যবস্থা গড়ে তোলার মডেল উত্থাপন করেছিলেন।

'মাইক্রো ক্রেডিট' ব্যাংকিং ব্যবস্থা এবং 'সামাজিক ব্যবসা'-এর সমর্থক তিনি। দেশে-বিদেশে 'রাজনৈতিক তাত্ত্বিক ব্যক্তিত্ব' হিসেবে খ্যাতি পাওয়া সিরাজুল আলম খান অনেকটা নীরবেই চলে গেলেন।

তাঁর জন্য হয়তো বিলাপ করার কেউ নেই এখন। স্বাধীন দেশে বিদ্রোহ করে আগুন উস্কে দিয়েছিলেন, সে আগুনে নিজেই পুড়েছেন। পুড়েছে তাঁর অনুসারীরা। প্রজন্মের আদর্শিক ও চেতনার এ নায়ককে আজও বুকে ধারণ করেন যৌবনে সাম্যের স্বপ্ন দেখা বহু মানুষ। দেশ বিদেশে ছড়িয়ে থাকা, বিচ্ছন্ন হয়ে পড়া কমরেডরা সিরাজুল আলম খানের মৃত্যুতে শুধু শোক বিলাপই করবেন না। বহু প্রশ্ন, বহু জিজ্ঞাসা বুকে চাপা দিয়ে টুপি খোলা শ্রদ্ধা ও ভালোবাসার উচ্চারণে বলে উঠবেন, সেলাম ! অন্তিম সেলাম কমরেড সিরাজুল আলম খান!

# ভালোবাসাই ফিরে আসে ভালোবাসা হয়ে

**কুলসুম আক্তার সুমী**

গল্প কবিতা যাই লিখি না কেন ঘুরেফিরে মানুষই লিখি। লিখি মানুষের কথা, যাপিত জীবনের কথা। বানিয়ে বানিয়ে গল্প খুব কমই হয়। জীবনের পরতে পরতে গল্প আর গল্পের পরতে পরতে মানুষ, এরকমই আমার ভাবনা, আমার লেখা। জীবনে মানুষের সংশ্রব আর মানুষের চলে যাওয়া আমাকে সবচেয়ে বেশি বিচলিত করে, কষ্ট দেয়। সেসব সবসময় ভাষায় প্রকাশ করতে পারি না, ফলে বুকের ভেতর এক ধরনের চাপা কষ্ট তৈরি হয়। তা থেকে রক্ষা পেতেই লিখি, অনেক সময়ই এসব লেখা আসলে

কিছুই হয় না। গল্প, কবিতা হয় না, আত্মকথন হয় না... বোধহয় কিছুই হয় না। গত সপ্তাহে এই স্টেট ছেড়ে চলে গেল একটা পরিবার। আমার আত্মীয় পরিজন কিছু নয়, কিচ্ছু না; তবু কেমন যেন এক শূন্যতা। এটা প্রকাশ করা যায় না, অনুভব করতে হয়।

এই জানুয়ারির শেষদিকের কোন একদিন, আর সব দিনের মতই অফিস থেকে সকালের কফি ব্রেকে বরকে ফোন করলাম। উনি ব্যস্ত সমস্ত হয়ে বললেন, এক বাংলাদেশি ভাইয়ের সাথে পরিচয় হল, নাম মিল্টন। এই তো এখানেই এঙ্গেল স্ট্রিটে থাকে। পড়াশুনা করতে এসেছে আইটির উপর। পাশাপাশি চাকুরি করেন। সে সুবাদেই এসেছেন নিউজার্সিতে। বাড়ি কুষ্টিয়া, ওর সাথে কথা বলছি। গুরুত্বপূর্ণ কিছু বলবে, না এমনি! তাঁর গলায় ফোন রাখার তাড়া টের পাই। আমি ফোন রেখে দিলাম, এমনি ফোন করেছি। ঠিক আছে কথা বলে পরিচিত হও।

দুপুরের বিরতিতে আবার ফোন করলাম, বলল মিল্টনের সাথে কথা বলছি। ওকে নিয়ে একটু ফার্মারস মার্কেটে গিয়েছি, এখানে ও কিছুই চিনে না। তারপর বাসায় নিয়ে এসেছি। বললাম, আচ্ছা কথা বল। এত বছরের দাম্পত্যে আমি তাঁর এসব স্বভাবের সাথে পরিচিত, সুতরাং এটা আমার আন্দাজের মধ্যেই ছিল। তারপর, ফেব্রুয়ারির প্রথম সপ্তাহে একদিন উনি ফোনে নির্দেশনা দিচ্ছেন কিভাবে বিমানবন্দর যেতে হবে, কোথায় পার্কিং করতে হবে ইত্যাদি ইত্যাদি। ইঙ্গিতে জিজ্ঞেস করলাম, কে ? ঐ যে বলেছি না, কুষ্টিয়ার মিল্টনের কথা। ওর বৌ-বাচ্চা আসছে আগামিকাল। বেচারা রাস্তাঘাট ভালোভাবে চেনে না, নতুন গাড়ি চালায়। আহা! সম্ভব হলে আমি নিজেই গিয়ে ওদের নিয়ে আসতাম! কিন্তু আমার তো কাল কাজ, তাই ওকে বলে দিলাম আরকি! (এরকম কতজনকেই তিনি জীবনে এনেছেন বিমানবন্দর থেকে , ক'দিন পর তারা আর সাফায়েত ভাইকে চিনেই না। সে অভিজ্ঞতা আমার ঝুলিতে দেদার

আছে।) এদিকে দেশে যাওয়ার প্রস্তুতি চলছে জোরেশোরে। তবু মিল্টন আর তার বৌ-বাচ্চাকে একদিন তো আসতে বলতেই হয়। ফেব্রুয়ারির ১০ তারিখ সন্ধ্যায় ওরা এল প্রথম আমাদের বাড়িতে। নামের মতই স্নিগ্ধ মেয়েটা, নামটা আশ্চর্য সুন্দর স্নিগ্ধ শিমুলিয়া। এক নিমেষে কেমন যেন আত্মীয় হয়ে গেল, আত্মার বান্ধব। তারপর আমরা দেশে গেলাম। দেশ থেকে ফিরার পর একদিন ফেসবুকে দেখি ওদের বিয়ে বার্ষিকী। ফোন করে বলল, আসেন একসাথে রাতের খাবার খাব। গেলাম ওদের বাসায়,

খাওয়া আড্ডা। এর কিছুদিন পরই শুরু হল রোজা। একদিন ইফতার করল আমাদের বাসায়। একদিন ইফতার করলাম একসাথে মসজিদে। একসাথে ঈদ করলাম। মিল্টনকে বৌ-বাচ্চা রেখেই একমাসের জন্য যেতে হল অন্য স্টেটে। আমরাই এসময়টায় খেয়াল রাখলাম ওদের যতটুকু সম্ভব হল। এরই মধ্যে এখানকার বিলম্বিত শীত শেষ হল, এল আনন্দের গ্রীষ্মকাল। অনেক অনেকগুলো আনন্দ বিকেল আমরা ঘুরে বেড়ালাম একসাথে। হৃদয় জুড়ে থাকল অনেক অনেক স্মৃতি। মানুষের জীবন জীবিকার প্রয়োজন এক দেশ থেকে অন্যদেশে,



এক রাজ্য থেকে অন্য রাজ্যে পাড়ি জমায় রেখে যায় অনেক স্মৃতি।

মে মাসের শেষদিকে ওদেরকে নিয়ে হাডসনের তীরে একটা সুন্দর পার্কে গেলাম। একসাথে ডিনার করলাম। আমার বর বলল, এত কাছে এসে টাইম স্কয়ার না দেখে চলে যাবা অন্য স্টেটে তা কী হয় ? গাদাগাদি করে দুই গাড়ির লোক এক গাড়িতে করে নিয়ে গেল টাইম স্কয়ারে।

পরের দিন বিকেলে খেলার মাঠে গেলাম মূলত ওদের সাথে দেখা করতেই। ওরা সকালে চলে যাবে আটলান্টা। আমার কাজ আছে, দেখা হবে না। খেলার মাঠে বিদায় নিয়ে পাশ ফিরতেই কেমন ঝাপসা হল চোখ..., যতবার এমনি করে ভালোবাসায় জড়াই ততবার কষ্ট পাই। মনে ভাবি, এরকম করে আর কাউকে ভালোবাসব না; কিন্তু পারি কই! আমি

ভালোবাসার যন্ত্রণাকে অধিক ভালোবেসে বারবার কষ্ট পাই, পেতেই থাকি। মাঝে ক'দিন এত ব্যস্ততায় কেটেছে কষ্ট পাওয়ারও সময় পাইনি। গত শুক্রবার সকাল বেলা যথারীতি অফিসে গেলাম। হঠাৎ উনার ফোন, আটটায় অফিস শুরু করে ন'টায় কি ওয়াশরুমে যেতে হয়! আমি বললাম হয়, তাতে আপনার কী! অন্যদিন এ নিয়ে আমরা মজার খুনসুটি করতাম, কিন্তু সেদিন করলেন না। বললেন, থাক তর্ক করব না, কাজের কথা বলি— নুসরাত (ভাসুরের মেয়ে) এর জামাই আমাদের সাথে আজ ডিনার করবে। ডিনার করবে মানে কি? ও আমেরিকা আসলো কবে? ও পড়াশুনা করতে কানাডায় এসেছে ক'য়েক বছর। রোজার ঈদের দিনে ফোনে এখানে এসে বেড়িয়ে যেতে বলেছিলাম, আসার

কোন পরিকল্পনা নাই বলেছিল। সে যা হোক, আসবে না বললে আসতে পারেই না এমন তো নয়!

আধা বেলা কাজ করে চলে এলাম। কিছু প্রস্তুতি আমার ছিল আরেকটা কারণে। তবু এ যে নতুন জামাই, মানে আমাদের জন্য নতুন। আমরা তো আর আগে দেখিনি। আসবে তার বন্ধুকে নিয়ে। সুতরাং কিছু প্রস্তুতি তো লাগবেই। আমার রান্নাবান্না শেষ হল, গুছিয়ে নিলাম যতটুকু সম্ভব হল, এবার অপেক্ষার পালা... অবশেষে বন্ধুর সাথে জামাই এল, দেখল, জয় করল, চলে গেল রাত এগারটার দিকে। মাঝখানে দু'টো ঘন্টা আমরা মেতে থাকলাম। মানুষ ভালোবেসে মেতে থাকা আর মাতিয়ে রাখাই আমার জীবন, আমার আনন্দ। খাওয়া দাওয়ার পর ওরা বাড়ি ঘুরে দেখল। দ্বিমিত্রার ( আমার মেয়ে) মিনি মিউজিয়াম কাম লাইব্রেরি ওদের এত পছন্দ হল, বলে প্রকাশ করার মত নয়। জামাইয়ের বন্ধু 'গুগল প্রোডাক্ট এক্সপার্ট' অভিজিত রায় কাব্য। তাঁর কাছে আমাদের বাড়ির সবচেয়ে সুন্দর আর আকর্ষণীয় জিনিস হল এটিকের এই লাইব্রেরি।

ওখানটায় মানে এটিকে বেশ গরম ছিল। আমার বর বললেন, নিচে আসেন। অভিজিত বলল, কাকা সারা বাড়িই তো ইট-কাঠ বা সব বাড়িই এক রকম এখানে জীবন আছে, শৈশব আছে, আনন্দ আছে...। মনে হল আহা! কিছু সমঝদার মানুষ আজো আছে যাদের কাছে বিত্তের চাকচিক্যের চেয়ে চিত্তের আকর্ষণ বড়। বাংলাদেশ রাইটার্স ক্লাব, নিউইয়র্ক কতৃক আয়োজিত বীর মুক্তিযোদ্ধা ড. নূরুন নবীর সাম্প্রতিক প্রকাশিত চারটি বইয়ের উপর আলোচনা অনুষ্ঠানে গিয়েছিলাম শনিবারে। নিউইয়র্কের নবান্ন পার্টি হলে অনুষ্ঠিত এই আলোচনায় অংশ নেন অনেক গুণী আলোচক—তাদের মধ্যে আলাবামা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং উনার একটি বইয়ের সহলেখক ড. দিলওয়ার আরিফ ভাইও ছিলেন। আমরা সপরিবারে গিয়েছিলাম সেখানে। অনুষ্ঠানের আলোচনা উপভোগ করা ছাড়াও একটা বিশেষ কাজ হল। গত কয়েক বছর ধরে ফেসবুকে পরিচিত অনেকের সাথে এই প্রথম দেখা হল। তারমধ্যে ছিল সবিতা আপু, রিমি আপু ও মুক্তি আপু। এছাড়া শাহাব আহমেদ, রওশন হাসান আপু ও কবি মৌ মধুবন্তী (কানাডা) আপুর সাথে পরিচিত হলাম নতুন করে। আরো অনেকের সাথেই পরিচিত হলাম।

আরিফ ভাই আমাদের সাথেই এলেন আমাদের বাড়িতে। খাওয়া শেষে আমরা এটিকে বসে কবিতা সন্ধ্যা করলাম। দ্বিমিত্রা কবিতা পড়েছে, আমি পড়েছি, আরিফ ভাই পড়েছেন। অনেকদিন পর মজুমদার রবীন্দ্রনাথের 'সঞ্চয়িতা' থেকে পড়ে শুনিয়েছে দু'টো ছোট ছোট কবিতা এবং 'দুই বিঘা জমি'র মত দীর্ঘ কবিতা। এমনকি নওরোজও একটুখানি গান করেছে। জন লেননের 'আই এ্যাম এ ড্রিমার'। একটা অমলিন আলোকিত দিন, একটা চমৎকার আবৃত্তি সন্ধ্যা শেষ হল এমনি করেই।

শুধু আনন্দেই কাটছে জীবন, এমন নয়। গত সপ্তাহের মাঝামাঝি হতে কানাডায় দাবানল ছড়িয়ে পড়ে। তা থেকে সৃষ্ট তীব্র ধোঁয়া ছড়িয়ে পড়ে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক ও নিউজার্সিসহ অনেক এলাকায়। আমার বসবাস নিউজার্সির এঙ্গেলউড শহরে, যা নিউইয়র্কের খুবই কাছে। হাডসন নদীর এপার-ওপার; ফলে আমার শহরও ছিল ধোঁয়াচ্ছন্ন। ধোঁয়া থেকে বাঁচতে এসব এলাকার লাখ লাখ মানুষকে এন-৯৫ মাস্ক পরার পরামর্শ দেওয়া হয়েছে। এসময় বাতাসে ছিল পোড়া গন্ধ। ধোঁয়াশায় ঢাকা পড়েছে সূর্য। কানাডার দাবানলের থেকে ভেসে আসা ধোয়ায় নিউইয়র্ক সহ আশেপাশের এলাকা প্রায় অন্ধকার। গত সোমবার রাত থেকেই এ অবস্থার শুরু হয়েছে। বুধবার মধ্যরাত পর্যন্ত নিউইয়র্ক সিটি ও আশেপাশের বায়ুমান সর্বনিম্ন পর্যায়ে ছিল। বুধবারে নিউইয়র্ক সিটি স্কুলের সব বাইরের কার্যক্রম বাতিল ঘোষণা করেছিল। যাদের শ্বাসকষ্টের মতো রোগের ঝুঁকি বেশি, তাদের অবশ্যই অতিরিক্ত সতর্কতা অবলম্বন তথা প্রয়োজন না হলে ঘরে থাকার পরামর্শ দেওয়া হয়। দাবানলের কারণে নিউইয়র্কের আকাশ কমলা রঙের কুয়াশায় ঢেকে যায়। স্ট্যাচু অব লিবার্টিসহ অন্যান্য উঁচু স্থাপনা স্পষ্টভাবে দেখা যাচ্ছিল না।

দেশ থেকে ফোনে বন্ধু বান্ধবের প্রশ্নের জবাব দিতে দিতে অতিষ্ঠ হওয়ার যোগাড়। মনে মনে ভাবলাম, এও তো নেহায়েত কম ভাগ্য নয় নিউইয়র্কের আকাশের ধোঁয়াশায়ও কেউ না কেউ চিন্তিত হয়, প্রশ্ন করে, খবর নেয়। এখানেই আসলে জীবন সুন্দর, জীবন আনন্দময়। এ জীবনে একটা সত্য খুব ভালোভাবে শিখিয়েছে, মানুষকে ভালোবাসলে তা কখনোই বৃথা যায় না বরং বিনিময়ে আরো অধিক ভালোবাসা পাওয়া যায়।

# সন্তানের জন্য বাবারা কষ্ট করেও আনন্দ পান

রতন শরীফ

**(পর্ব ১ - শিকাগো)**

বাবা দিবসে সবাই বাবাকে নিয়ে অনেক কথা লিখে। আমার এই লিখাটা ছেলে হিসেবে বাবাকে নিয়ে নয়। আমি নিজে একজন বাবা হিসেবে লিখছি। নিজে বাবা হওয়ার পর বুঝতে পেরেছি যে ছেলে-মেয়েদের সুখের জন্য বাবারা হাজারো কষ্টকে কখনও কষ্ট মনে করেন না। ছেলে-মেয়েরা ভালো আছে বা ভালো থাকবে - এটাতেই বাবারা খুশী।

গত বছর এই সময়টাতেই আমার ছেলে দীপ শিকাগো মুভ করে। এখন আবার চাকুরীর সুবাদে যেতে হবে ফ্লোরিডা। জীবনের প্রথম নিজের হাতে সাজানো বাসাটি ফেলে যেতে হবে ফ্লোরিডার সেইন্ট পিটার্সবার্গ/টেম্পাতে। শিকাগো থেকে ফ্লোরিডার ড্রাইভিং দুরত্ব অনেক বেশী বিধায় সব আসবাব-পত্র নিয়ে নিজেরা ড্রাইভ করা অনেক কষ্টকর ও সময় সাপেক্ষ। মুভিং কোম্পানির সার্ভিসও অত্যন্ত ব্যয়বহুল। পরামর্শ দিলাম যে আসবাব-পত্র অর্ধেক দামে বিক্রির চেষ্টা করতে। ওর বিল্ডিং-এ সাত শত টেনেন্ট থাকে। ভালোই সাড়া পায়। নুতন জিনিস-পত্র অর্ধেক দামে দেয়ায় অনেক কিছুই বিক্রি হয়।

সিদ্ধান্ত নিলাম যে আমি নিজে শিকাগো গিয়ে প্রয়োজনীয় জিনিস-পত্র নিয়ে ড্রাইভ করে দীপ সহ নিউইয়র্ক ফিরবো। শুক্রবার রাতে শিকাগো গিয়ে পরদিন শনিবার রওয়ানা দেবো। মাঝ পথে কোন হোটেলে রাত যাপন করে তার পর দিন রোববার নিউইয়র্ক ফিরবো। প্লান অনুযায়ী ডেলটা এয়ারলাইন্সে ওয়ান ওয়ে টিকেট নিলাম। রেন্ট-এ কার নেয়া হলো শিকাগো টু নিউইয়র্ক। হোটেলও বুক করা হয়েছে। সব কিছু দীপই ম্যানেজ করে। অধিকন্তু ওর নিজের অফিসের কাজ, ফ্লোরিডায় নুতন বাসা ও গাড়ীর ব্যবস্থা ইত্যাদি যাবতীয় কাজও সে একাই সামলায়। বেচারার উপড় মানসিক ও শারীরিক প্রচুর ধকল যায়। তার পরেও আমাকে বার বার অনুরোধ করে - "ড্যাড, তোমাকে আসতে হবে না, আমি একা ম্যানেজ করতে পারবো"। সে জানে যে মাস খানেক যাবত বাড়ীর রেনোভেশন নিয়ে আমি প্রচন্ড ব্যস্ত ও ক্লান্ত। আমার কষ্ট ছেলেটা অনুধাবন করেছে, এটা ভেবেই গর্বে বুকটা ভরে উঠে। তবুও বাবার মন বলে কথা - কিছুতেই মানতে চায় না।

শুক্রবার বিকেলে শিকাগোর উদ্দেশ্যে রওয়ানা দিই। সব ফরমালিটিস সেরে LaGuardia এয়ারপোর্টে নির্দিষ্ট গেইটে গিয়ে বসি। ওদিকে দীপ রেন্ট-এ-কার শুক্রবার সকালেই নিয়ে নেয়।ওই গাড়ী দিয়ে আমাকে শিকাগো Ohare এয়ারপোর্ট থেকে রাতে পিকআপ করবে। বোর্ডিং-র জন্য অপেক্ষা করছি। বাইরে বৃষ্টিপাতসহ ঝড় হচ্ছে। চারিদিকে মানুষ গিজগিজ করছে। হঠাৎ খেয়াল করলাম যে গেইটে অপেক্ষমাণ সহযাত্রীদের অনেকেই চলে যাচ্ছে। ডিপারচার বোর্ড চেক করলাম। আমার শিকাগো ফ্লাইট বাতিল। খারাপ আবহাওয়ার কারনে কোন ফ্লাইটই লাগুয়ারডিয়ায় ল্যান্ড করতে পারছে না। মাথায় যেন আকাশ ভেংগে পড়লো। জীবনে প্রথম এমন পরিস্থিতিতে পড়লাম। ডেল্টা এয়ারলাইন্সের এক কর্মচারী জানালো যে সবাইকে পরবর্তী ফ্লাইটের জন্য পুনরায় বুকিং করতে হবে। দুই থেকে আড়াইশত মানুষ লাইনে দাঁড়িয়ে। অন্তত ঘন্টা দুয়েক লাগবে কাউন্টার পর্যন্ত পৌঁছাতে। মাথা ভালো করে কাজ করছিলো না। দীপকে বিস্তারিত জানিয়ে বললাম যে ডেল্টার পরবর্তী শিকাগো ফ্লাইট চেক করতে। বললো - সামনের রোববারের আগে ডেল্টাতে কোন সিট নেই। অন্যান্য এয়ারলাইন্সেও সার্চ করতে বললাম। আমি অসহায়ের মতো লাইনে দাঁড়িয়ে। কিছুক্ষন পর দীপ জানালো যে জে.এফ.কে. এয়ারপোর্ট থেকে আমেরিকান এয়ারলাইন্সে একটাই সিট আছে - তাও পরদিন বিকেল চারটায়। স্টপওভার ফিলাডেলফিয়ার পিটার্সবার্গে। শিকাগো পৌঁছবে রাত আটটায়। বললাম - টিকিটটা কিনে ফেলো, হয়তোবা পরে এটাও পাওয়া যাবে না। এদিকে ঘন্টা দেড়েক যাবত লাইনে দাঁড়িয়ে আছি - কাউন্টার পর্যন্ত পৌঁছাতে অন্তত আরও ঘন্টা খানেক লাগবে। এভাবে সময় নষ্ট না করে তাড়াতাড়ি বাসায় ফিরে নুতন করে প্লান করাটাই ভালো হবে। ঝড়-বৃষ্টির কারনে টেক্সি পেতে বেশ সময় লাগলো। বাসায় ফিরলাম রাত নয়টায়।

আমাকে পিকআপ করবে বলে রেন্ট-এ-কার নেয়া হয়েছিলো শুক্রবার থেকে। এখন একদিনের ভাড়া বেশী দিতে হলো। শনিবার রাতে হোটেলে বিশ্রাম নেয়ার সুযোগও নাই। হোটেলের বুকিং ক্যান্সেল করা হলো। একমাত্র অপশন - রোববার ভোরে রওয়ানা দিয়ে এক দিনে ড্রাইভ করে নিউইয়র্ক ফিরে আসা। শিকাগো থেকে নিউইয়র্কের শুধু ড্রাইভিং টাইম তেরো ঘন্টা। গ্যাস, খাওয়া-দাওয়া, বাথরুম বিরতি নিয়ে অন্তত পনেরো ঘন্টা।

শনিবার সকালে দীপ জানালো যে বাজেট-র গাড়ীর registration expired - পুলিশ টিকেট দিয়েছে। রেজিস্টেশন বিহীন গাড়ী হাইওয়েতে চালানো বিপদজনক। ওর বাসার কাছে বাজেট-এ গাড়ী বদলাতে গিয়ে শুনে যে স্টকে আর কোন গাড়ী নেই। যেতে হবে O'Hare airport depot-তে। ওখানে প্রচুর গাড়ী কিন্তু বেশীর ভাগেরই registration সমস্যা। অবশেষে একটা পাওয়া গেলো। কিন্তু দীপ বেচারার সারাটা দিন নষ্ট হলো বাজেট কোম্পানির অহেতুক গাফিলতির কারনে।

শনিবার জে.এফ.কে থেকে আমার departure টাইম চারটা দশে। ছয়টায় পিটার্সবার্গ পৌছে সাঁড়ে ছয়টায় শিকাগো ফ্লাইট। সাড়ে তিনটায় বোর্ডিং শুরু হবে। মানসিক ও শারীরিকভাবে ভীষন ক্লান্ত থাকায় কখন যে ঘুমিয়ে পড়ি টের পাইনি। আঁশে-পাশের হৈ-হুল্লুরে ঘুম ভেংগে যায়। সময় তখন সাড়ে চারটা। সর্বনাশ ! ঘুমিয়ে ফ্লাইট মিস্ করলাম ! না - আমার সহযাত্রীদের বচসা চলছে এয়ারলাইন্সের কর্মচারীদের সাথে। এখনও বোর্ডিংই শুরু হয় নাই। সবাই উদ্বিগ্ন যে আমরা পিটার্সবার্গে কানেক্টিং ফ্লাইট মিস্ করবো। দশ-পনের মিনিট পর ডেল্টা জানালো যে যারা কানেক্টিং ফ্লাইট মিস্ করার আশংকায় আছে তারা এখনই কল দিয়ে রিবুকিং করাতে পারবে। সবাইর হাতে একটা করে কাগজ ধরিয়ে দিলো। অজানা আশংকা ও ভয়ে ভেতরটা মোচড় দিয়ে উঠলো। নির্দিষ্ট নাম্বারে কল দিলাম। বললো - পরবর্তী দুদিন পিটার্সবার্গ থেকে শিকাগোর কোন সিট নাই। হতাশ হয়ে বসে মনে মনে সুরা-কালাম পড়তে থাকলাম। অলৌকিকভাবে ডেল্টা থেকে জানালো যে কানেকশন্ নিয়ে চিন্তার কিছু নেই। এই ফ্লাইটের আসল গন্তব্য শিকাগো। পিটার্সবার্গে শুধু স্টপওভার - যাত্রী উঠানামা করবে। আল্লাহর কাছে শুকরিয়া আদায় করে উড়াল দিলাম।

অবশেষে দীপের বাসায় পৌঁছলাম রাত প্রায় নয়টায়। চট করে ডিনার সেরে মালপত্র গাড়িতে লোড করা শুরু করলাম। আমার পরামর্শ মতো দীপ এই কদিনে ওর জিনিস-পত্র সব প্যাক করে রেখেছে। অবিক্রীত ফারনিচার গার্বেজ করে অন্যান্য জিনিস গাড়ীতে লোড করতে করতে রাত প্রায় সাড়ে এগারোটা। বারটার মধ্যে শুয়ে পড়লাম। ভোর চারটায় উঠবো বলে এলার্ম সেট করলাম। আমার ঘুমের সমস্যা আছে। নুতন বিছানায় প্রথম কয়েক রাত ঘুমাতো পারিনা। তার উপড় টেনশন হচ্ছিলো যে চার ঘন্টা পর উঠতে পারবো তো ! আমার দুচোখে তীব্র ঘুম কিন্তু মস্তিস্ক জেগে আছে। জিনিস-পত্র টানাটানিতে সারা গায়ে প্রচন্ড ব্যাথা। একটা পেইন-কিলার খেয়ে ঘুমানোর চেষ্টা করলাম।

ভোর চারটায় এলার্ম বাজলো। বিছানা ছেড়ে উঠতে পারছিলাম না। শরীরের প্রতিটি পেশী আর জয়েন্টে ব্যাথা অনুভব করছিলাম। কিন্তু উঠতেই হবে - আলসেমির সময় নেই। দীপ কফি বানালো - croissant সহ খেয়ে আমাদের দিন শুরু হলো। বাকী মাল-পত্র গাড়িতে লোড করে পুরো এপার্টমেন্ট পরিস্কার করলাম। নয়তো ডিপোজিট থেকে ক্লিনিং চার্জ কেটে রাখবে।

ঠিক সকাল ছয়টায় (নিউইয়র্ক টাইম সাতটা) আমরা যাত্রা শুরু করলাম নিউইয়র্কের উদ্দেশ্যে। দীপ স্বতস্ফুর্তভাবে ড্রাইভিং-র দায়িত্ত নিলো। আমার শরীরটা খুব খারাপ লাগছিলো। প্যাসেন্জার সিটে মূর্তির মতো বসেছিলাম। দৃষ্টি হাইওয়েতে কিন্ত মস্তিস্ক কাজ করছিলো না। দীপ ড্রাইভ করাতে বিরাট ব্রেক পেলাম। সে বিরতিহীন ছয় ঘন্টা ড্রাইভ করে। সার্ভিস এরিয়ায় লান্চ সেরে আমি বসি ড্রাইভিং সিটে। আর কোন বিরতি না নিয়ে সোজা নিউইয়র্ক। বাসায় ফিরে চা খেয়ে জিনিস-পত্র নামিয়ে রেন্ট-এ-কার ফেরত দিতে গেলাম। ঘুমাতে গেলাম রাত বারোটায়। পরদিন সকালে কাজ।



# মানসিক স্বাস্থ্য সুরক্ষায় মনোবিজ্ঞানী কর্টনি এস. ওয়ারেনের পরামর্শ

**এইচ বি রিতা**

মানসিক স্বাস্থ্যের সুস্থতা আমাদের শারীরিক স্বাস্থ্যের সুস্থতার মতই গুরুত্বপূর্ণ। কেননা, মানসিকভাবে সুরক্ষিত লোকেরা আত্মবিশ্বাসী হয় এবং তারা যে-ই হোক, যেমনই হোক, নিজ সত্তাকে গ্রহণ করতে জানেন। তারা নিজেদের কাছে যা অর্থবহ, তাই করেন এবং সত্যতা এবং প্রত্যয়ের সাথে পথ চলেন। এ নিয়ে হার্ভার্ডখ্যাত মনোবিজ্ঞানী ড. কর্টনি এস. ওয়ারেন বলেন, আত্ম-নিশ্চিততার এই অনুভূতি মানুষের দ্বন্দ্বকে অন্বেষণ করতে এবং অন্য লোকেদের জন্য উন্মুক্ত হতে সাহায্য করে।

মানসিক স্বাস্থ্যের সুরক্ষায় ডঃ কর্টনি নয়টি বাক্যাংশ যুক্ত করেন এবং অন্তত যে কোনও একটি ব্যবহার করার পরামর্শ দেন।

**প্রতিক্রিয়া জানানোর আগে ভেবে নেয়া**

সংবেদনশীলভাবে সুরক্ষিত ব্যক্তিদের সবচেয়ে লক্ষণীয় বৈশিষ্ট্যগুলির মধ্যে একটি হলো তারা নিজেদেরকে ভালভাবে প্রকাশক রতে পারেন। তারা যে কোনো কিছুর প্রতি সাবধানে প্রতিক্রিয়া জানান, আবেগপ্রবণ রিয়্যাকশন নয়। যেমন-কেউ আপনাকে প্রশ্নবিদ্ধ করলো। আপনি বিরক্ত বা বিভ্রত হলেন। তখন আপনার সঠিক প্রতিক্রিয়া হবে-'আমার কাছে এখনই এর কোনো উত্তর নেই। আমরা কি আগামীকাল এই নিয়ে কথা বলতে পারি?'

**না-বলতে জানা:**

মানসিকভাবে সুরক্ষিত লোকেরা সীমানা নির্ধারণ করতে স্বাচ্ছন্দ্যবোধ করেন। তারা তাদের নিজস্ব নৈতিক নীতি, চাহিদা এবং আকাঙ্ক্ষার উপর ভিত্তি করে কী করবে এবং কী করবে না সে সম্পর্কে স্পষ্ট অবস্থান গ্রহণ করেন।

যেমন-কেউ আপনাকে কোথাও যেতে বলল। কিন্তু আপনার পক্ষে যাওয়া সম্ভব হচ্ছে না। তখন বললেন, আমি দুঃখিত, যেতে পারছি না। সময়টিতে আমার আরো কিছু কাজ আছে।

**আমি এতে স্বাচ্ছন্দ্য বোধ করি না:**

মানসিকভাবে সুরক্ষিত লোকেরা সবসময় সম্মানের সাথে নিজের অনুভূতি, প্রয়োজন নিয়ে যোগাযোগ করেন। কেউ যখন আঘাত করে কথা বলেন বা কোনো বিরূপ আচরণ প্রকাশ করেন, সীমানা লঙ্ঘন করেন, তখন তারা কেমন অনুভব করছেন, তা প্রকাশ করেন এবং পরিস্থিতি পরিবর্তন করার জন্য ব্যবস্থা নেন।



ড. কর্টনি এস. ওয়ারেন

যেমন-কেউ আপনার অনুভূতিকে আঘাত করছেন নানা আচরণে। আপনি তখন বললেন, আপনি যদি আমার সাথে এমন আচরণ করতে থাকেন, তবে আমি আপনার থেকে সরে যাবো কারণ এটি আমার জন্য ক্ষতিকর।

**এটাই আমি এবং আমি নিজেকে নিয়ে গর্বিত**

মানসিকভাবে সুরক্ষিত ব্যক্তিরা নিজের উপর সন্তুষ্টি রাখেন, নিজের যা কিছু তা গ্রহণের সাথে বিশ্ব কীভাবে কাজ করে তার সাথে নিজেকে সামঞ্জস্যপূর্ণ রাখেন সর্বাবস্থায়।

যেমন-কেউ আপনার অক্ষমতা নিয়ে কটাক্ষ করছেন। আপনি বললেন, আমার সঙ্কটপূর্ণ অবস্থা আপনি নাও পছন্দ করতে পারেন, তবে এটাই আমি।

**আমি কি আসলেই এমন?**

সংবেদনশীলভাবে সুরক্ষিত ব্যক্তিরা যে কোনো সমালোচনা গ্রহণ করতে পারেন। নেতিবাচক প্রতিক্রিয়াকে তারা কখনো ব্যক্তিগতভাবে গ্রহণ করেন না। পরিবর্তে, তারা এটিকে আত্ম-উন্নতির সুযোগ হিসাবে দেখেন।

যেমন-কেউ আপনার উচ্চকণ্ঠে কথা বলা নিয়ে সমালোচনা বা অভিযোগ করলেন। আপনি বললেন, "আমি বুঝতে পারিনি যে আমার উচ্চকণ্ঠ আপনাকে বিরক্ত করবে। জানানোর জন্য আপনাকে ধন্যবাদ।"

**আমি আরেকটু খেয়াল রাখবো:**

অর্থপূর্ণ ও গুরুত্বপূর্ণ সম্পর্কের ক্ষেত্রে, আবেগগতভাবে সুরক্ষিত লোকেরা প্রয়োজনে নিজেকে পরিবর্তন করার চেষ্টা করেন। তারা জানেন যে পদক্ষেপ নেওয়া ব্যক্তিগত বৃদ্ধি এবং সংযোগ শক্তিশালী করার চাবিকাঠি।

যেমন- আপনি কথায় কথায় বন্ধুর সাথে রেগে যান। এক্ষেত্রে তিনি আহত হোন। এখন আপনি বললেন, আমি জানি আমার ধৈর্য একটু কম। তবে আরো সহনশীল হওয়ার চেষ্টা করবো।

আমি দুঃখিত আপনি সংগ্রাম করছেন। আমি কিভাবে সাহায্য করতে পারি?

সম্পর্কের ক্ষেত্রে কারো প্রতি সহানুভূতিশীল হওয়া এবং বিচারহীন হওয়া তাদের সাথে সহায়ক সম্পর্ক গড়ে তুলতে দুর্দান্ত ভূমিকা রাখে। যেমন-কেউ স্বজন হারিয়ে কষ্টে আছেন। আপনি বললেন, আমি জানি এই শোক কাটিয়ে উঠা কঠিন। তবে আপনার প্রতি আমার সহমর্মিতা ও সমর্থন রয়েছে। কোনো কাজে লাগলে দয়া করে জানাবেন।

**বিষয়টি আমার কাছে গুরুত্বপূর্ণ:**

একটি দৃঢ় বিশ্বাস সিস্টেম থাকা মানসিকভাবে সুরক্ষিত হওয়ার চাবিকাঠি। কারণ এটি আমাদের পছন্দগুলিকে গাইড করে। যখন কোনো কিছুর মান লঙ্ঘন করা হয়, তখন মানসিকভাবে সুরক্ষিত লোকেরা যা নৈতিক এবং ন্যায্য বলে বিশ্বাস করে, তার পক্ষে অবস্থান নিতে সক্ষম হোন। যেমন-কেউ আপনার ধর্মীয় সাংস্কৃতিক বিশ্বাসে আঘাত করছেন। আপনার কাছে সেটা ন্যায্য মনে হলো না। আপনি বললেন, " আমার কাছে বিষযটা গুরুত্বপূর্ন এবং সংবেদনশীল। আপনি না মানলেও আমাকে এর পক্ষে দাঁড়াতে হবে।"

**আমি চেষ্টা করব:**

মানসিকভাবে সুরক্ষিত লোকেরা অভ্যন্তরীণ নিরাপত্তার অনুভূতি গড়ে তুলতে সক্ষম হোন। যদি কোনো একটা নতুন প্রচেষ্টা ব্যর্থ হয়, তবে তারা এটির সাথে মোকাবেলার কৌশলগুলির আয়ত্ব করেন এবং আবারো চেষ্টা করেন। যেমন-আপনি কোনো আর্ট কমপিটিশনে হেরে গেলেন। তখন হতাশ না হয়ে ভাবলেন, "আমি পরের বার আবারো চেষ্টা করব।"

মানসিক স্বাস্থ্য সুরক্ষায় মনোবিজ্ঞানী ডঃ কর্টনি এভাবেই আমাদের দৈনন্দিন জীবনে উপর্যুক্ত নয়টি বাক্যাংশের প্রয়োগের উপকারীতা তোলে ধরেন। ডঃ কর্টনি এস. ওয়ারেন, পিএইচডি, একজন বোর্ড-প্রত্যয়িত মনোবিজ্ঞানী এবং "লেটিং গো অফইওর এক্স" এর লেখক। তিনি প্রেম সংযোজন এবং ব্রেকআপ বিশেষজ্ঞ। হার্ভার্ড মেডিকেল স্কুলে তিনি ক্লিনিকাল প্রশিক্ষণ পেয়েছেন। তিনি প্রায় ৫০টি পিয়ার-পর্যালোচিত জার্নাল নিবন্ধ লিখেছেন এবং সম্পর্কের মনোবিজ্ঞানের উপর ৭৫টিরও বেশি আলোচনা উপস্থাপন করেছেন।

জান্নাত ফার্মেসি
(জ্যাকসন হাইটসে সম্পূর্ন বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)
GRAND RE-OPENING SALES
আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড
72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com
ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm
উডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017
জামাইকার সাটফিন বুলবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত
আস্-সালাম ফার্মেসি
(সাটফিন বুলভার্ড, এফ ট্রেনের সাবওয়ে এবং তাজমহল রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ, জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫
ফোন: ৭১৮-২৯১-০৭১৭

SE CI
বাংলাদেশে টাকা পাঠাবেন?
সোনালী এক্সচেঞ্জে আসুন
ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা
আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা
blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।
সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন
ASTORIA 718-777-7001
ATLANTA 770-936-9906
BROOKLYN 718-853-9558
JACKSON HTS 718-507-6002
BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150
MANHATTAN 212-808-0790
MICHIGAN 313-368-3845
OZONE PARK 347-829-3875
PATERSON 973-595-7590
আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন
সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&I, MI DIFS, GA DBAF AND MD OCFR

# ক বি তা র এ ক পা তা

আমাদের অভিপ্রায় বাংলা কবিতার অগ্রসর পাঠকের সামনে সেরা কবিতার সম্ভার উপস্থাপনের। সে লক্ষ্যে আমাদের প্রয়াস দেশে এবং প্রবাসে ছড়িয়ে থাকা নিষ্ঠাবান কবিদের সময়ের সেরা কবিতা সংগ্রহ ও 'কবিতার এক পাতা'য় প্রকাশের। শতভাগ অবশ্যই যথাযথ হয়ে ওঠে না। তবু আমাদের শ্রমটুকু আপনারা প্রীতির মূল্যে করপুটে তুলে নেন, এ আপনাদেরই উদারতা। কৃতজ্ঞতা আপনাদের কাছে। বিভিন্ন বিষয়ে, বয়োজ্যেষ্ঠ থেকে তারণ্যে উজ্জীবিত আটজন কবির ভিন্ন আঙ্গিক, ভিন্ন মেজাজের আটটি কবিতা দিয়ে সাজানো জুন সংখ্যা নিশ্চয়ই আপনাদের ভালো লাগবে।
কবিদেরকে অভিবাদন! আপনাদের জন্যে ভালোবাসা ও শুভেচ্ছা! —**ফারুক ফয়সল**



## তুমি লুকিয়েছ কাঞ্চন

### গাজী রফিক

যে আয়নাটি তোমাক দেখে, প্রতিদিন নিভৃতে; কতনা মুদ্রায়,
কত ভাবে-অভিব্যাক্তিতে, নিজেকে করো সমর্পণ,
তুমি সে আয়নাতে।

তাকে বধির ভেবে, যা কিছুই গুণগুণ করো
আয়নার কিন্তু এ-ই সংশয়, তুমি কি-না, হৃদয়হীন!
তুমি কখনো দেখাতে পেয়েছ, হৃদয় খুলে...?
যাকে তুমি বিশুদ্ধ কাঞ্চন বলে জানো! বিশুদ্ধ কাঞ্চন... !

আপন অন্ধত্ব আয়নাতে আরোপ করো, অথচ
তোমাকে দেখতে, নিজের পারদে সে লুকিয়েছে সহস্র চোখ,
কেন আয়নাকে অন্ধ ভেবে নির্লজ্জতা আড়াল করেছ,
আত্মপক্ষে লুকিয়েছ কাঞ্চন!

দুখের আগুনে পোড়েনা হৃদয়, কে বলতে পারে? সে পুরনো গল্প হোক...
পৃথিবীতে সোনালি আভার রূপকথার বিস্তার মিথ্যা তো নয়,
এ দহন সুখের অধিক; যে বিদগ্ধ, সে নিখাদ কাঞ্চন পেতে !

## উদ্ভিন্ন সংহিতা

### গাজী লতিফ

আমাকে পোড়াবে বলে, কী প্রগাঢ়
যত্ন প্রযত্ন করে সাজিয়েছ চিতা
বহিরঙ্গে মদালসা মধু-মাধুরীমা
অন্তরঙ্গে কুটিলস্য জটিলস্য তিতা

বিষে বিষক্ষয় মেনে অহরহ তাই
যেন বা অভ্যেস বশে খেয়ে যাই তিতা
স্বয়ং তুমিই যদি অগ্নিগর্ভ চিতাকাঠ!
জনমের দাহকাল পুড়ে পুড়ে জুড়াও দয়িতা

এতোদিনে আমিও বুঝেছি পারমিতা
জঘণ পারঙ্গম তুমি অন্য এক সীতা
স্খলন স্খালনে কিংবা জ্বলন জ্বালনে
তুমি কেন ছিন্ন বীণা উদ্ভিন্ন সংহিতা

## হারিয়ে যাওয়া

### মারুফুল ইসলাম

আমি বোধহয় ক্রমাগত হারিয়ে যাচ্ছি
আমার হাঁটার রাস্তা ঢালু হয়ে গেছে পাতালের দিকে
একসময় পাহাড়ের চুড়োয় দাঁড়িয়ে
মেঘের ভেজা চুল ছোঁয়া ছিল আমার শখ
বড় হতে হতে এখন আমি ছোট হয়ে গেছি
ঘাসের ওপর জমে থাকা এক ফোঁটা শিশিরের জলেও
আমি ডুবে যাই
আমার উপন্যাসগুলো এখন ছোটগল্পের চাইতেও ছোট
আর কবিতাগুলো এক একটা ডট
অচিরেই আমাকে আর কোথাও খুঁজে পাওয়া যাবে না
আমি হারিয়ে যাচ্ছি
সমুদ্রের প্রতিটা ঢেউ যেমন সমুদ্রে হারায়

## খই ফোটানোর মওসুম

### আলী সিদ্দিকী

এখন খুব খই ফোটানোর মওসুম চলছে
কায়মনে সবাই ভেজে চলে খই দিনরাত
কথার খই সেরা এখন
মিথ্যের খই চলে দারুণ
ফাঁপানো বুলিতে পরিপূর্ণ জ্ঞানের আড়ত
রূপের ডালিও ভরে গেছে কৃত্রিম প্লাস্টারে-
অজুহাতের খইয়ের বড় বাড়াবাড়ি ডিমাণ্ড
আলগা ভাবের খইয়ে তন্ময় মানুষের মন
গড্ডালে ভাসে তারুণ্যের খই
রাতারাতি ফোটে অর্থের খই
খই ফোটানোর দৌড়ে সবাই হতে চায় প্রথম
কবিতার পাতা ভরে উঠেছে খইয়ের ফুলঝুরি।

## দুঃখও বড় হয়

### রাকীব হাসান

সব গাছ বড় হতে চায়
ঘাসও —
বড় হওয়া বেশ নেশারী জরুরৎ
এমনকি যার আছে নির্দিষ্ট আকার
সেও বড় হতে চায় —
বিকেলের ছায়া বড় হয়ে দুয়ারে দাঁড়ায়
ঘরে জানালায় পর্দা টেনে দিলে অন্ধকার বড় হয়।

চোখ থেকে যে জল গড়িয়ে নামে
দুঃখ বুকে রেখে সে থেমে গেলে কষ্ট বাড়ে;
সে কেন বইতে পারলো না নদীর মতোন —
জল-ই তো বড় হয়ে সমুদ্র হয়,
এই হৃদয়ে আমার জল বড় হয়ে একজন জলজ হয়।

যেখানে কেউ নেই সেখানে আমিই সবচেয়ে বড়
ডান-বাম সব অলিন্দে দুঃখও বড় হয়;
অবারিত নির্জনতার দীর্ঘ দৃশ্যে নিজেকে পোষ মানাই
আমাকে বড় হতে দেই — ভাঙতে দেই —
চোখ দূরে তাকালে ছলছল বড় হতে থাকে,
জল পৌঁছাতে চায় একজন বড় মধুর দূরত্বের পানে!

## সরীসৃপমন

### তাপস গায়েন

বিলুপ্ত সরীসৃপদের কথা মনে পড়ে
যখন মহানগরীর স্কাইস্ক্রেপার জুড়ে সন্ধ্যা নামে
যখন মাইমের নৈঃশব্দ্য, আর অনিঃশেষ মানবপ্রবাহ
আমার সকল আয়োজনকে
প্রয়োজনহীন করে তুলে, আর শিল্পী কিশোরী আমনকারের
সুরে এই দেহ যায় ভেসে দিকচিহ্নহীন সমুদ্রে...

সকল আস্তিক্য ছেড়ে আমি ফিরে আসি পানশালার অস্তিত্বে
তোমার অতীত উজ্জ্বল মুখ
এখন আমার পানপাত্রে বিভাজিত, বলিরেখাময়, পাংশুটে—
আমার সকল শরীর জুড়ে বিষণ্ণ সরীসৃপমন জেগে ওঠে...

## বিভ্রম

### শান্তা শ্রাবণী

ভূতুরে ল্যাম্পপোস্ট আর জমাট কুয়াশা
কেমন বিভ্রম ছুঁড়ে দেয় দেখ
আর ভোর হয়ে এলে
তুমুল বাতাস পায় গতি
তারপর থেমে যায়
শূন্য কামরা নিয়ে ধীর ছায়ায়

মায়াময় সেমিট্রি ঘুমায় কাচের জানালায়
বৃক্ষের কী বয়স বাড়ে পার্থ !
স্ববান্ধব ময়ূরমঞ্চে বসো
বীর ধীমান, খুব বুঝি রাজনীতি বোঝ?
এন্ট্রিপোয়েট্রির ভাষা নিয়ে
হতবিহ্বল নেমে পড়ি দ্রুত
এই ঠিকানাহীন স্টেশনে
পলায়ন প্রকাশ্য হয়ে গেলে
ঘড়িও নিশ্চুপ ছয়টা পাঁচে
বিবাহরহিত সম্পর্কে ঘূর্ণি ওঠে
বন্দী হাওয়া আর অচেনা গলিপথে হেঁটে
ঢুকে যাই অন্দরমহলে...

আজ বুঝে গেছি
আমাদের সব কথা বলা হয়ে গেছে।

## মাতাল

### শাহানা আকতার মহুয়া

দুই হাতে পৃথিবীটা উঁচু করে ধরো
দেখছো না যতো সব অনাসৃষ্টি বাতাস ঢুকে
জাহাজের পালের মতো ফুলে ফেঁপে উঠেছে পৃথিবীর বুক।
নিজেকেই চেনে শুধু অকর্মা হিংসুটের দল।
সেদিন কে যেন গালি দিয়ে বলল—
গলির মুখের নেডি কুকুরটা বরং অনেক ভালো
পাঁড় নিন্দুক ওই চাঁদটার চেয়ে।
পৃথিবীটা শক্ত করে ধরো
হাত পিছলে পড়ে যদি থ্যাবড়া লেগে যায়
বালকের ফুটবল ফুটবল খেলায়
বুঝবে তখন তার নিচে চাপা পড়ে
চিড়ে-চ্যাপ্টা শয়তানের দল।
হুলোবেড়ালের মতো রোম ফুলিয়ে থাকা
লাটসাহেবেরা তখন রাস্তায় রাস্তায়
সারিন্দা বাজিয়ে বেড়াবে মহানন্দে।

বোঝো না কেন সৃষ্টিকুলের রক্ষার দায় যে এখন
মাতাল এক সময়ের হাতে!

## স্নিগ্ধ ভোরের খাম্বাজ

### শেখর ভট্টাচার্য

কবিতার মতো ছন্দময় রাত শেষে,
হীরক খণ্ডের বর্ণচ্ছটায় নেমে আসে অদ্ভুত এক ভোর।

হাওয়াই মিঠাই গোলাপী শান্ত তুলতুলে মুখ,
মায়া হরিণের মতো চোখের পাপড়ি মেলে ধরে
রাগ নায়কি কানাড়ার সুর মূর্ছনা বেজে ওঠে,
আলোর দ্যুতি, সুরের অর্কেস্ট্রার মায়াজালের ভেতর
তুলতুলে মুখ পদ্ম পাতার মতো ভেসে ওঠে।

ভোরের স্নিগ্ধতায় ভালোবাসা ছড়িয়ে যায় কোমল বাতাসে
প্রখর সূর্য তাপে উদ্ভাসিত পদ্ম পাতা ম্লান হয়ে যায়,
আকাশের ক্যানভাসে এলিয্যাবেথান কোরাস বলে যায়,
বিবর্ণ সন্ধ্যা, নিকষ কালো রাত শেষে ফিরে আসবে
দেবী আফ্রোদিতি এবং ঋতুর দেবতা অ্যাডোনিসের,
ভালোবাসায় পরিপূর্ণ হৃদয় হরণ করা ভোরের খাম্বাজ।

## মুক্তি

### পলি শাহীনা

সকল নিয়মের জটিল গ্রন্থি ভেঙে ভেঙে আমি,
আকাশের ঐ উদারতাকে ছুঁবোই শেষে।
মুছে দেবো স্বচ্ছ দেয়ালে প্রলেপের কাঁচা রঙ,
কষ্টগুলো প্রতিমা করে নদীতে বিসর্জন।

কোনো এক আনকোরা ভোরের শীতল বাতাসে
উড়িয়ে দেব ক্লান্তি আর ক্লেদের অহেতুক পাখি।
প্রিয় জবা, কদম আর জলজ কচুরি ফুলে
ভাসাবো সাজিয়ে জীবনের সবুজ ভেলা।
একদিন জীবন শুধুই হাসবে আর চেয়ে নিবে
জোরালো তাগিদে হাতের মুঠোয়
তার বাড়ানো হাত, আমার প্রিয় হাত।

দরাজ কণ্ঠে শঙ্খচিলের ডানায় গাইবে বাতাস
আমার শ্বাসগুলো জীবন পাবে মুক্ত সে হাওয়ার দোলায়
আমি হবো মুক্ত ও স্বাধীন, হাত ধরাধরির সেই পথে।



## বিভৎস ভালোবাসা

### মমতা মজুমদার

বিবর্ণ সন্ধ্যা,
খানিক'টা আলসেমি আর কিছু রংচটা ভাবনায়
হৃদয়ে প্রজ্জ্বলিত নিরাশার প্রদীপ হাতে নিয়ে
বসে আছে এক আঁজলা স্মৃতি।
ক্ষয়িত যৌবনের বাসন্তী ফুলগুলো ঝরে
গেছে আজ অবেলায়
মায়াহীন পৃথিবী ছেড়ে চলে যায় কত
জীবনের পাতা
ক্ষত-বিক্ষত হয়ে পড়ে রয় কেবল ছিন্ন কায়া।
দেওয়ালে হেলান দিয়ে নির্ঘুম রাত কেটে যায়
অযত্নে বিষ ঢালে বিভৎস ভালোবাসার ছোঁয়া
কেউ হয় নিঃসঙ্গ কেউ রয়ে যায় স্মৃতির পাতায়
সে কথা জানে এক রাতের নির্জনতা।
জীবনের নির্মম শোক ঘুচিয়ে নেয় কেউ কেউ
বুকে দিয়ে পাথর চাপা
নিয়তি চলেছে তবুও এক অনিশ্চিত যাত্রায়।

## যাপিত জীবনের গল্প

### আহসান জামান

এভাবে হেরে যেতে যেতে আমরা
হারিয়ে ফেলি গন্তব্যের কথা; কেউ বা
বলবে তখন, গন্তব্যহীন, বখাটের দল।

যে জমিন চাষাবাদ মুছে, কুঁড়িয়ে
রাখে অজস্র অচেনা পদচিহ্ন।
নীলাভ বেদনায় অসমাপ্ত গল্পের
হাহাকার।স্বপ্নালু দুচোখ মুছে যখন
ভ্রান্তিরেখায় জেগে ওঠে অবহেলা।
গির্জার ঘন্টা বাজিয়ে, বলে যাবে
কতশত অপ্রকাশ্য দুঃখবোধ, কষ্টের
নীল রেখায় মিশে থাকে বিষণ্নতা।

নদীর উজানে যে উৎফুল্লতা উড়ে
গেছে দূরত্বে, তার ফিরে আসার পথে
অপলক প্রতীক্ষিত মানুষ; পাথর।
নৈঃশব্দ্যে; কে যেনো হাওয়ানোটে
লিখে গেছে পুরানো গল্পের শিরোনাম;
বিষণ্ন বিহ্গলে করুণ কান্নার সমাহার।

## প্রত্যাশা আজ প্রত্যাহৃত

### রফিকুল ইসলাম

অনেকটা সময় লবঙ্গের সুঘ্রাণে হারিয়ে গেছে
পরম সহিষ্ণুতায় দুঃখগুলো প্রথিত মনে
সাত সাতটি বসন্ত পুড়ে গেছে তপ্ত বৈশাখে,
প্রতিশ্রুতির নামতা মেলেনি প্রতিশ্রুত ধারাপাতে।

গর্ভিণী মেঘেরা আজ সুখের বার্তা নিয়ে এসেছে
হলুদ পাতার বদলে জেগেছে সবুজ কিশলয়
অনুভব ছুঁয়ে সৌভাগ্যের বারান্দায় সুগন্ধ ছড়ায়
স্বপ্নলতিকা, এখন জানালার কার্নিশ ছুঁয়ে যায়।
তবুও ঝড় উঠে স্বপ্নঘোরে ঘুমের আঁধার ভেঙে
বিস্ফোরিত আগ্নেয়গিরির জ্বালামুখ বেয়ে
প্রথিত কষ্টগুলো নিঃশব্দ কান্নায় জেগে উঠে
সুঘ্রাণ গোলাপে কাঁটাগুলো অলক্ষ্যে থাকে চেয়ে।

দূরে ঐ নীলিমায় পাখিরাও উড়ে যায় ফিরে
আঙ্গুলের ফাঁকে সুতাকাটা ঘুড়িটাও উড়ে যায় দূরে
দূরে— অনেক দূরে! অনেক—দূরে!



## কালবৈশাখী

### বিচিত্র কুমার

উড়িয়ে ধুলো
গাছপালা বাড়িঘর ভেঙে খিলখিলিয়ে হাসে
বৈশাখ
জৈষ্ঠ্যের হাত ধরে কালবৈশাখী আসে
চুল তার উরু উরু
কালো দুচোখে বিজুলি চমকায়
ওই যে ক্ষিপ্ত বেগে সিঁদুর মেঘের গাঁয়।

হায় হায় আঁধার সৃষ্টি
ঘূর্ণিঝড় বজ্রবৃষ্টি
আমাদের কপাল পুড়ে যায়।

## ঘরগুলো লম্বা হতে হতে

### আশরাফ হাসান

ঘরগুলো লম্বা হতে হতে
একসময় সাপ হয়ে উঠে
বদমেজাজী সাপের খোয়াড়
নমস্য নৃমর্দনে ত়বু বেড়ে উঠে আঁধার

বানরবেহায়া লেজতাপে
আগুনে ফোটায় ফিরিঙ্গিরাত
প্রাণজ পাখিরে দংশিত আকাশ
মনগুলো হৃদয় ভেঙ্গে পালাতে থাকে

স্বপ্নগুলো পানসে হতে হতে মুর্দা হয়ে যায়
বহুরঙ সাপগুলো একসময়
ছেনালি জিহবায় স্বাদ নিতে নিতে
ঘর ভেঙ্গে পরাধীন হয়ে যায়

ঘরগুলো লম্বা হতে হতে একসময় শপিংমল হয়ে যায়।

## শব্দপিওন

### বেনজির শিকদার

এক কবিতায় কাঁদাও তুমি এক কবিতায় হাসাও
বোধের জলে রৌদ্র ফেলে চেতনালোক ভাসাও!
গল্পে তোমার অল্প গ্লানি ব্যাপ্তি বড়ো জানার
তুমি আমার শব্দপিওন ভালোবাসার রানার!

তুমি আমার অম্ল-মধু, দহন-গাঙের মাঝি
যখন যেমন যে ভাব আসে তোমার রঙে সাজি!
তোমার কথায় আঘাত ভুলি তোমার শব্দে হাসি
তুমি আমার জীবনব্যাপী নিকট প্রতিবেশী।

শরৎ-স্বর্গে বসন্ত-দোল ফাগুনরূপী প্রেমে
থাকো তুমি মন-ভূমিতে প্রণয়চাষের ফ্রেমে।
তোমাকে পাই একলা যখন সুর-সাগরে ভাসি
অভিমানের ক্ষণিক-ক্ষুধায় ফিরেও আবার আসি!

তুমি আমার সূর্যশেখর অনুভবের দোলা
সব ভুলে যাই; শব্দপিওন যায় না তোমায় ভোলা!

## সাহিত্যে ভাবনায় রসে ভরা জ্যৈষ্ঠ

### মোঃ আব্দুর রহমান



বেশ আয়োজন করে না হলেও, মনের অজান্তেই জ্যৈষ্ঠের সুগন্ধী আম, কাঁঠালের মাসটাকে নামকরণ করতে চেয়েছিলাম 'মধুমাস।' শুধু যে নামকরণ করতে চেয়েছিলাম তাই নয়, এতদিন জেনেও এসেছিলাম সেটাই। কিন্তু, কালজয়ী কিছু বই এবং সম্মানিত পূর্বসুরীদের কথার আলোকে বুঝতে পারলাম, এই নামটাতে যথেষ্ঠ মতভেদ রয়েছে। তাই আর 'মধুমাস' শব্দটি ব্যবহার না করে, সত্যটাই ব্যবহার করলাম -'রসে ভরা জ্যৈষ্ঠ।' আশারাখি এই নামটি বইয়ের ভাষায় যথাযথ না হলেও, অন্তত শুনে সবাই তৃপ্ত হবেন। তবে আলোচনায় যাবার পূর্বে কেন মধুমাস হবে না- সেটা নিয়েও একটু খোলাসা করতে চাই।

প্রখ্যাত লেখক, গবেষক ও ইতিহাসবিদ ড. মোহাম্মদ আমীন এই সম্পর্কে বলেছেন, 'মধুমাস শব্দের অর্থ চৈত্র মাস। অনেকে জ্যৈষ্ঠ মাস অর্থে শব্দটি ব্যবহার করে থাকেন। এটি অশুদ্ধ। মধুমাস বলতে কেবল চৈত্র মাসকে বুঝায়।'

তিনি আরও বলেছেন অন্যদিকে 'মধুফল' বলে কোনো শব্দ বাংলা অভিধানে নেই।

এদিকে দৌলত উজির বাহরাম খান তার কাব্যে বলেছেন, 'মধুমাসে উতলা বাতাস, কুহরে পিক....।'

মূলত তিনি বলতে চেয়েছেন কোকিল ডাকের কথা। আসলেও কোকিল তো বসন্তেই ডাকে। একইভাবে এই রকম কথাটাই প্রত্যক্ষ এবং পরোক্ষভাবে বোঝাতে চেয়েছেন-প্রাচীন কবি মুকুন্দরাম চক্রবর্তী ও চন্ডীদাস। তাই আর 'মধুমাস' শিরোনামটা ব্যবহার করা হলো না।

তবে সম্মানিত পাঠকদের হতাশ না করে এবার স্মরণ করাতে চাই, পল্লী কবি জসীম উদ্দিনের লেখা সেই কালজয়ী পঙক্তি,

"ঝড়ের দিনে মামার বাড়ি আম কুড়াতে সুখ, পাকা জামের মধুর রসে রঙিন করি মুখ।"

(কবিতা-মামার বাড়ী)

এই পঙক্তিগুলির মধ্যেই বাংলা সাহিত্য রসেভরা জ্যৈষ্ঠ ঠিক-ই যুগযুগ ধরে অবস্থান পাকা করে নিয়েছে। সাথে মন জয় করেছে বড়দের পাশাপাশি ফুলকলিদের। কথাগুলি শোনার পর, এমন কোন বয়সের মানুষ নেই যাদের জ্যৈষ্ঠের আম, জাম, কাঁঠাল এবং লিচু গাছের দিকে চোখ পড়ে না। শহরের ছেলে মেয়েরা তো কবির কবিতাটি পড়েই -গ্রামের বাড়িতে ছুটার জন্য ব্যাকুল হয়ে পড়ে। যেন অপেক্ষায় থাকে কবে আসবে সেই প্রাণের জ্যৈষ্ঠ। যেখানে পাকা ফলের মৌ মৌ গন্ধে মানুষের পেট ভরে যায়। বয়স ভুলে গাছের নিচেই খাওয়ায় ব্যস্ত হয়ে যায় পথিক। চুইয়ে চুইয়ে হাত বেয়ে রস পড়ে, আবার জামে মুখ লাল হয়ে যায়। এভাবেই রসে ভরা জ্যৈষ্ঠ মাসে প্রাকৃতিক দৃশ্যর প্রেমে পড়ে মানুষ প্রকৃতিকে ভালোবাসতে শিখে। আর সেখানেই হয় কবির জয়, কবিতার জয় এবং সর্বোপরি সাহিত্যের বিজয়। যেটা আরও ভালোভাবে লক্ষ্য করা যায়, রবীন্দ্রনাথ ঠাকুর তাঁর করুণা গল্পে জ্যৈষ্ঠের রূপটুকু যেভাবে তুলেছেন, সেটুকু পড়লে-

"জ্যৈষ্ঠ মাসের মধ্যাহ্ন। রৌদ্র ঝাঁ ঝাঁ করিতেছে। রাশি রাশি ধূলি উড়াইয়া গ্রামের পথ দিয়া মাঝে মাঝে দুই-একটা গোরুর গাড়ি মন্থর গমনে যাইতেছে।....স্তব্ধ মধ্যাহ্নে কেবল একটি গ্রাম্য বাঁশির স্বর শুনা যাইতেছে, বোধ হয় কোনো রাখাল মাঠে গোরু ছাড়িয়া দিয়া গাছের ছায়ায় বসিয়া বাজাইতেছে।"

নিঃসন্দেহে কালজয়ী লাইনগুলি পাঠকের মনে চিরজীবনের জন্য বিজয়ের সীলমোহর বসিয়ে দিয়েছে- একথা বলাই যায়। আমাদের পূর্বসুরীরা এভাবেই জ্যৈষ্ঠর রূপ,রস ও গন্ধ সাহিত্যের পাতায় দলিল করে গেছেন। আর বাকী দায়িত্বটা সময়ের পরিক্রমায় বর্তায় নিঃসন্দেহে বর্তমান যুগের কবি ও লেখকদের উপর।

একটি কথা সকলকে মনেপ্রাণে বিশ্বাস রাখতে হবে, সাহিত্যের কাজ হলো মানবতার সেবায় ভূমিকা রাখা। একজন সুনিপুণ লক্ষ্যভেদী সৈনিক যুদ্ধের মাঠে একটি গুলিতে একজন সৈনিককে হত্যা করতে পারে। কিন্তু একটি কালজয়ী কবিতা বা লেখা যুগযুগ ধরে হাজার হাজার সৈনিক তৈরি করতে পারে। যেহেতু বর্তমানে সাহিত্য চর্চার জন্য পত্রিকার পাশাপাশি অনলাইনের মাধ্যমগুলি বেশ তৎপর। প্রবীণদের সাথে নবীনরাও রীতিমতো চর্চা করার সুযোগ পাচ্ছে। তাই রসালো জ্যৈষ্ঠ নিয়ে সকলকে অবশ্যই ভাবতে হবে এবং সৃজনশীল লেখা উপহার দিতে হবে।

আরও গুরুত্বপূর্ণ ম্যাসেজটি হলো, যদি স্থান, কাল ইত্যাদি বিবেচনায় লেখায় নিজস্ব স্বকীয়তা না থাকে, তাহলে সে লেখা অবশ্যই অকালেই প্রাণ হারাবে এটাই স্বাভাবিক। তাই পড়ার কোন বিকল্প নেই। লেখক হতে গেলে অবশ্যই পাঠক হতে হবে এবং বিষয়বস্তু সম্পর্কে জেনে-বুঝে তারপর লিখতে বসতে হবে। আরও একটি কথা মনে রাখা প্রয়োজন। যেহেতু শিশুরা জাতির ভবিষ্যৎ, তাই একইভাবে শিশুদের উৎফুল্ল করার জন্য উপহার দিতে হবে মজার মজার শিশুতোষ ছড়া ও গল্প। তাহলেই সকলের কাছে জ্যৈষ্ঠ হয়ে উঠবে আরও প্রাণবন্ত এবং প্রকৃতির প্রেমে আকৃষ্ট হয়ে জ্যৈষ্ঠকে বাঁচানোর জন্য সকলে নিঃস্বার্থভাবে অবশ্যই এগিয়ে আসবে। যেমনঃ গাছ লাগানো ও পরিচর্যা করা। সর্বোপরি প্রকৃতিকে ভালবাসা।

আর সাহিত্য যেহেতু শিল্প, তাই শেষ বেলায় বলতে হয় বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের জ্যৈষ্ঠ নিয়ে লেখা সেই বিখ্যাত গানটি সম্পর্কে...

"এমনি করে কালো কাজল মেঘ জ্যৈষ্ঠ মাসে আসে ঈশান কোণে।"

আহা! কত দরদ দিয়েই না জ্যৈষ্ঠের গানটি রচনা করেছেন আমাদের বিশ্বকবি। তাই আসুন এভাবেই সাহিত্যের হাত ধরেই বেঁচে থাকুক রসে ভরা জ্যৈষ্ঠ। ফিরে আসুক আমাদের মাঝে তার প্রকৃত রূপযৌবন নিয়ে বাব বার।


Union Avenue
Bangladesh Blvd
Council President Shahin Khalique
Presents
এর ৪র্থ বর্ষপূর্তি উপলক্ষ্যে
পথ মেলা ও
সাংস্কৃতিক
অনুষ্ঠান
উপস্থাপনায়
মিনা
বিশ্বজিৎ
কণা
রেশমী
শিমুল
রাজিব
মুমিত
সৌরভ
হৃদয়
শাহীন
মাটি ব্যান্ড
নৃত্যাঞ্জলী নৃত্য শিল্পী
JUNE
24
Saturday
12PM-10PM
2023
LIVE MUSIC
DANCE &
PERFORMANCE
Place: Wayne Ave, Paterson, NJ 07502
(Between Totowa Ave & Bangladesh BLVD)
FOR STALL BOOKING
973-653-7557
973-653-6847
973-997-3453
973-914-3006
সার্বিক সহযোগিতায়
মৌলভীবাজার ডিস্ট্রিক এসোসিয়েশন অব নিউজার্সী
মৌলভীবাজার ইউনাইটেড সোসাইটি অব নিউজার্সী
সুনামগঞ্জ জেলা জনকল্যাণ সমিতি নিউজার্সী
হবিগঞ্জ ডিস্ট্রিক এসোসিয়েশন অব নিউজার্সী
প্রবাকস
গোলাপগঞ্জ ইউনাইটেড ফোরাম অব নিউজার্সী
বিশ্বনাথ সমিতি অব নিউজার্সী
কুলাউড়া এসোসিয়েশন অব নিউজার্সী
ভাদেশ্বর ওয়েলফেয়ার অর্গানাইজেশন অব নিউজার্সী
ভাদেশ্বর সোসাইটি অব নিউজার্সী ইউএসএ
ভাদেশ্বর ইউনাইটেড সোসাইটি অব নিউজার্সী
ভাদেশ্বর এসোসিয়েশন অব নিউজার্সী
আপনারা সবাই আমন্ত্রিত
আমন্ত্রণে
মোহাম্মদ জুবের আহমদ
সভাপতি
973-653-7557
নুরুজ্জামান সোহেল
সাধারণ সম্পাদক
973-653-6847
Bangladeshi American Council of New Jersey
বাংলাদেশী আমেরিকান কাউন্সিল অব নিউজার্সী


জ্যামাইকার
আল মদিনা
হালাল লাইভ পোল্টিতে
বিশাল মূল্যছাড়!
Halal Live Chicken
যে কোন ধরনের
৫ টি চিকেন কিনলে ১ টি ফ্রি!
Any 5 Chicken Buy 1 Free
৮ টি চিকেন কিনলে ২ টি ফ্রি!
Any 8 Chicken Buy 2 Free
১৫ টি কিনলে ৩ টি ফ্রি!!
Buy 15 Chicken 3 Free
১৮ টি কিনলে ৪ টি ফ্রি!!!
Buy 18 Chicken 4 free
২০ টি কিনলে ৫ টি ফ্রি!!!
Buy 20 Chicken 5 Free
حلال
HALAL
এই অফারটি ১ মাস ধরে চলবে
জুন ১ থেকে ৩০ জুন পর্যন্ত
শর্ত: বিজ্ঞাপনটির ছবি বা পেপার কার্টিং সঙ্গে আনতে হবে
Please bring Ad copy or Ad short screen picture.
151-24 Beaver Rd
Jamaica, NY 11433
(Near liberty & 157 St.)
WE DELIVER
MON-SAT (8am-6pm),
SUN (8am-4PM)
Tel: 718-526-3333




শেখরকে পুনঃনির্বাচিত করুন

RE-ELECT SHERKAR












২৬ মার্চ ২০২৩, বাংলাদেশের মহান স্বাধীনতা দিবসে জ্যাকসন হাইটস এ 'বাংলাদেশ স্ট্রিটের উদ্বোধনের সময় বাঙালির উচ্ছ্বাসের কেন্দ্রবিন্দুতে কাউন্সিলম্যান শেখর কৃষ্ণাণ




“নেতা তৈরি হয় শেকড় থেকে। মানুষের গভীর সান্নিধ্য তাকে তিল তিল করে গড়ে তোলে। সাহস ও দর্শন তাকে নিয়ে যায় মানুষের স্বপ্ন পুরণের বাস্তবতায়। একটি মানব সমাজ উজ্জল হতে থাকে এমন একজন নেতার উপস্থিতিতে। আমাদের মাঝে **শেখর কৃষ্ণান** তেমনই একজন।

## আমাদের বর্তমান ও আগামীর নেতৃত্ব। ”

আবু জাফর মাহমুদ
প্রেসিডেন্ট এণ্ড সিইও, বাংলা সিডিপ্যাপ সার্ভিসেস|ও অ্যালেগ্রা হোম কেয়ার ইনক্
প্রেসিডেন্ট, ইউনাইটেড ফর প্রোগ্রেস, জয় বাংলাদেশ ইনক্

“**Leaders are not born, rather they are shaped by their roots. It is through the profound connections with people that they grow and develop. It is their courage and visionary mindset that propels them towards transforming the dreams of the people into tangible realities. Shekar Krishnan stands as a shining example among us.**

## Leader for Present & Future.”

**Abu Zafar Mahmood**
**President & CEO, BANGLA CDPAP Services & ALEGRA home Care Inc.**
**President, United for Progress, Joy Bangladesh Inc.**

PEOPLE UNITED FOR PROGRESS®
POLITICAL RIGHTS FOR ETHNIC COMMUNITIES

# PEOPLE UNITED FOR PROGRESS

*Political rights for Ethnic Communities*

কালের সাক্ষী

# প্রথম আলো

Prothom Alo North America
15 June 2023, Thursday

১৫ জুন ২০২৩, ১ আষাঢ় ১৪৩০, ২৬ জিলকদ ১৪৪৪, বৃহস্পতিবার

## ট্রাম্পের নামে আরও মামলা, ইতিহাসে নজিরবিহীন

উত্তর আমেরিকা অফিস



ডোনাল্ড ট্রাম্প

সরকারি বহু গোপন নথি ব্যক্তিগত জিম্মায় রাখার ঘটনায় সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের বিরুদ্ধে ফৌজদারি অপরাধের ৩৭টি অভিযোগ আনা হয়েছে। ৯ জুন শুক্রবার ট্রাম্পের বিরুদ্ধে আনা অভিযোগগুলো প্রকাশ করা হয়েছে। আগেরদিন ট্রাম্প নিজেই জানিয়েছেন, তাঁর নামে অভিযোগ আনা হয়েছে। আমেরিকার ইতিহাসে এই প্রথমবারের মত একজন সাবেক প্রেসিডেন্টের নামে ফেডারেল আইনে অভিযোগ আনা হয়েছে। ট্রাম্প বলেছেন, দিনটি আমেরিকার ইতিহাসে কালো অধ্যায় হয়ে থাকবে। তাঁকে রাজনৈতিক কারনে হয়রানী করা হচ্ছে বলে বলছেন তিনি। অভিযোগে বলা হয়েছে, ট্রাম্পের কাছে থাকা গোপন নথিতে যুক্তরাষ্ট্রের পারমাণবিক অস্ত্র কর্মসূচির বিস্তারিত, যুক্তরাষ্ট্র ও দেশটির মিত্রদেশগুলোর নিরাপত্তার ক্ষেত্রে ঘাটতির দিক এবং আক্রান্ত হলে যুক্তরাষ্ট্র সামরিক হামলার মাধ্যমে কীভাবে পাল্টা জবাব দেবে, সে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৪



সম্মাননা তুলে দেয়া হচ্ছে আবু জাফর মাহমুদের হাতে। ছবি: সংগৃহীত

## সম্মানসূচক ডক্টরেট পেলেন আবু জাফর মাহমুদ

### অ্যামব্যাসেডর সম্মাননা

উত্তর আমেরিকা অফিস

১৪ জুন বুধবার মানব সেবা ও বিশ্বশান্তির পক্ষে অবদানের স্বীকৃতি হিসেবে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের মাউন্টেন ব্যাটালিয়ন কমাণ্ডার বীর মুক্তিযোদ্ধা আবু জাফর মাহমুদ সম্মানসূচক ডক্টরেট ডিগ্রি লাভ করেছেন। একই সঙ্গে তাঁকে ইনস্টিটিউট অফ পাবলিক পলিসি এণ্ড ডিপলোমেসি রিসার্চ এর পক্ষ থেকে গ্লোবাল পিস অ্যামব্যাসেডরের সম্মাননা প্রদান করা হয়।

হিউমানিটারিয়ান ফোকাস ফাউন্ডেশন, ইউনাইটেড গ্রাজুয়েট কলেজ

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৫

টক অব দ্য উইক

## উপমহাদেশীয়দের রাজনৈতিক অ্যাসাইলাম চাওয়া ও পাওয়ার সংখ্যা বেশি

খাদিজা মুনতাহা রুবা

সোহানা নাজনীন

যুক্তরাষ্ট্রে জনপ্রিয় আরেকটি ভিসা ক্যাটাগরি যা এমপ্লয়মেন্ট বেসড্ ইমিগ্রেশন-থার্ড প্রেফারেন্স বা EB-3 ভিসা নামে পরিচিত। আমাদের বাঙ্গালি কমিউনিটিতে কোটাভিত্তিক এই EB-3 ভিসা ভীষণভাবে জনপ্রিয়তা পেয়েছে। তিন ধরনের কর্মীকে এই ভিসা প্রদান করা

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১



পরিত্যক্ত বাংলাদেশ ভূখণ্ডের প্রথম রেলস্টেশন জগতি। সম্প্রতি কুষ্টিয়ায়।

## জগতি রেলস্টেশন কি হেরিটেজ হবে

মিলন উল্লাহ

সন্ধ্যা নামলেই গা ছমছমে ভুতুড়ে পরিবেশ তৈরি হয় এখানে। মনে হয়, এই বুঝি কেউ এসে টিপে ধরল গলা! দরজা ভাঙা আর লাল ইটের দোতলা ভবন। পলেস্তারা খসে পড়ছে কোথাও। আলো নেই। এমন এক স্টেশন দেখলে কে বলবে, বর্তমান বাংলাদেশ ভূখণ্ডের প্রথম রেলস্টেশন এটি! কালো ধোঁয়া উড়িয়ে কয়লা পোড়ানো ট্রেন এখানেই দাঁড়িয়েছিল প্রথম। নাম তার জগতি। কুষ্টিয়ার জগতি। ১৫৮ বছরের যৌবন হারানো পরিত্যক্ত এক বাড়ি। এই অঞ্চলের পুরোনো মানুষজন এখনো স্মৃতিতাড়িত হয়ে জগতি স্টেশনের যৌবনের কথা মনে করে দীর্ঘশ্বাস ছাড়েন।

এই রেলস্টেশনের কারণে একসময়কার অজপাড়াগাঁ জগতি সরগরম হয়ে উঠেছিল। এখানে জ্বলত বাতি। সারা দিন মানুষের ভিড় লেগে থাকত। ব্যবসা হতো। সময়-সময় ‘কুউউ’ শব্দে হুইসেল বাজিয়ে ঝিকঝিক করে ছুটে যেত ব্রিটেনে তৈরি বাষ্পচালিত ট্রেন, কলকাতা কিংবা

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ২







































সম্পাদক: ইব্রাহীম চৌধুরী কর্তৃক মুদ্রিত ও পরিবেশিত: ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২, ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, ই-মেইল: নিউজ: news@prothomalony.com, বিজ্ঞাপন: cm@prothomalony.com